শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সিদ্ধান্তরত্নম্

[গোবিন্দভাষ্য-পীঠকম্]

শ্রীগৌড়ীয়বেদান্তাচার্য্য-শ্রীমদ্বলদেব-বিদ্যাভূষণ-বিরচিতং

তদীয়-টিপ্পনী-সম্বলিতঞ্চ

মূলানুবাদেন সহিতঞ্চ

জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী-

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী-গোস্বামি-প্রভুপাদানুকম্পিত

অন্তরঙ্গ-প্রিয়পার্ষদবর-"শ্রীগৌড়ীয়-বেদান্ত-সমিতেঃ" প্রতিষ্ঠাতা

ওঁবিষ্ণুপাদ ১০৮শ্রী-

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান-কেশব-গোস্বামি-মহারাজানুগৃহীত-

ত্রিদণ্ডিস্বামিনা

শ্রীমদ্ভক্তিবেদান্ত-বামন-মহারাজেন সম্পাদিতম্

প্রকাশক—
ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত নারায়ণ মহারাজ
শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি
তেঘরিপাড়া, নবদ্বীপ (নদীয়া)।

আদি সংস্করণ
গোবিন্দ কৃষ্ণ-তৃতীয়া, ৪৮৬ শ্রীগৌরাব্দ
৮ই ফাল্গুন, ১৩৭৯ ; ইং ২০।২।১৯৭৩

শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি হইতে প্রকাশিত
গ্রন্থাবলীর প্রাপ্তিস্থান :—

১। শ্রীদেবানন্দ গৌড়ীয় মঠ
তেঘরিপাড়া, নবদ্বীপ (নদীয়া)।

২। শ্রীউদ্ধারণ গৌড়ীয় মঠ
চৌমাথা, চুঁচুড়া (হুগলী)।

৩। শ্রীকেশবজী গৌড়ীয় মঠ
কংসটীলা (মথুরা), ইউ. পি.।

মুদ্রাকর—
শ্রীনবযোগেন্দ্র ব্রহ্মচারী
শ্রীগৌড়ীয়-পত্রিকা প্রেস, নবদ্বীপ (নদীয়া)।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সম্পাদকীয় নিবেদন

মঙ্গলাচরণ

ওঁ অজ্ঞান-তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নমঃ ওঁ বিষ্ণুপাদায় আচার্য্যসিংহ-রূপিণে।
শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব ইতি নামিনে॥
নমস্তে গৌরবাণী-শ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্ত-সরস্বতীতি নামিনে॥
নমো গৌরকিশোরায় সাক্ষাদ্‌বৈরাগ্য-মূর্ত্তয়ে।
বিপ্রলম্ভ-রসাম্বুধে পাদাম্বুজায় তে নমঃ॥
নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দ-নামিনে।
গৌরশক্তি-স্বরূপায় রূপানুগ-বরায় তে॥
গৌরাবির্ভাব-ভূমেস্ত্বং নির্দ্দেষ্টা সজ্জন-প্রিয়ঃ।
বৈষ্ণব-সার্ব্বভৌম-শ্রীজগন্নাথায় তে নমঃ॥
শ্রীমধ্ব-সম্প্রদায়শ্রীশ্চৈতন্য-কুল-রক্ষকঃ।
বেদান্তাচার্য্য-শার্দ্দূলো বলদেবো মহামতিঃ॥
শ্রীচৈতন্য-মনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
স্বয়ংরূপঃ কদা মহ্যং দদাতি স্ব-পদান্তিকম্॥
আনন্দতীর্থ-নামা সুখময়-ধামা যতির্জীয়াৎ।
সংসারার্ণব-তরণীং যমিহ জনাঃ কীর্ত্তয়ন্তি বুধাঃ॥
বাঞ্ছা-কল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥
নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেম-প্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্য-নাম্নে গৌরত্বিষে নমঃ॥

বন্দনা ও কৃপাশীর্ব্বাদ-প্রার্থনা

সর্ব্বপ্রথমে শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের স্মরণ ও জয়গানপূর্ব্বক "সম্পাদকীয় নিবেদন"-এর সূচনা করিতেছি। মাদৃশ অযোগ্য জীবাধমের উপর গভীর দার্শনিক তত্ত্ববিচারপূর্ণ "সিদ্ধান্ত-রত্নম্ বা ভাষ্যপীঠকম্" গ্রন্থের ভূমিকা লিখিবার গুরুদায়িত্ব অর্পিত হইয়াছে। এবিষয়ে শ্রীরূপানুগ-গৌড়ীয়-গুরুবর্গের অহৈতুকী কৃপা ও আশীর্ব্বাদই আমার একমাত্র সম্বল।

"সিদ্ধান্তরত্নম্"-গ্রন্থ-প্রকাশে শ্রীগুরুবর্গের মনোঽভীষ্ট-পূরণ

বিশ্ববিশ্রুত "শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি" ও তদধীনস্থ ভারতব্যাপী শুদ্ধভক্তি-প্রচারকেন্দ্রসমূহের প্রতিষ্ঠাতা, শ্রীজগন্নাথ-গৌর-বিনোদ-বাণীর বিশুদ্ধ-ধারাবস্থিত শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায় দশমাধস্তনবর সর্ব্ববেদান্তবিত্তম মদভীষ্টদেব **ওঁ বিষ্ণুপাদ ১০৮-শ্রী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী** মহারাজের অহৈতুকী করুণাবলে শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু-কৃত "সিদ্ধান্ত-রত্নম্ বা ভাষ্যপীঠকম্" গ্রন্থ তদীয় টিপ্পনীসহ সহজবোধ্য সরল বঙ্গানুবাদযুক্ত হইয়া আত্ম-প্রকাশ করায় হৃদয় আনন্দে উদ্বেলিত হইতেছে। শ্রীগুরুপাদপদ্ম ও পরম-গুরুদেব শ্রীল সরস্বতী প্রভুপাদের কিঞ্চিৎ মনোঽভীষ্ট পূরণ হওয়ায় তাঁহারা গোলোকের উন্নততম প্রকোষ্ঠ হইতে আজ আমাদের উপর নিশ্চয়ই প্রচুর কৃপাশীর্ব্বাদ বর্ষণ করিতেছেন। গুরু-বর্গের অভীষ্ট-পূর্ত্তিই তদাশ্রিত শিষ্যাভিমানিগণের বিশেষ কৃত্য ও সেবা।

শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি স্থাপনের উদ্দেশ্য

শ্রীল গুরুদেব শ্রীগৌড়ীয় বেদান্ত ও গৌড়ীয়-বেদান্তাচার্য্য-কেশরী শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর প্রতি বিশেষ গৌরব-প্রদর্শনের নিমিত্তই তাঁহার নামানুসারে স্ব-প্রতিষ্ঠিত মিশনের নাম রাখিয়াছিলেন—"**শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি**।" এ সম্বন্ধে তিনি তাঁহার স্ব-রচিত "**মায়াবাদের জীবনী**-"গ্রন্থের ভূমিকায় লিখিয়াছেন,—"'ব্রহ্ম' বলিতে 'শব্দব্রহ্মকে' লক্ষ্য করে। এই শব্দব্রহ্মই শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শ্রীনাম-ব্রহ্ম। যাহারা এই নাম-ব্রহ্মের অনুসন্ধান করেন না বা নামতত্ত্ব জানেন না, তাহাদের বিশুদ্ধভাবে শ্রীনাম-ভজন হইতে পারে না। এই জন্যই আমি ১৯৪০ সালে বাগবাজার কলিকাতায় অক্ষয়-তৃতীয়া-দিবসে **শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি স্থাপন করিয়া 'শ্রীমন্ মহাপ্রভুর নাম-প্রেমধর্ম্মই বেদান্তের প্রতিপাদ্য বিষয়' বলিয়া সর্ব্বত্র প্রচার করিতেছি।**"

শ্রীবলদেব বিদ্যাভূষণের সহিত শ্রীবেদান্ত সমিতির সম্বন্ধ

তিনি স্বলিখিত "গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীবলদেব"-প্রবন্ধে জানাইয়াছেন,—"গৌড়ীয়-বৈষ্ণবসমাজে বলদেবের অলৌকিক শক্তির পরিচয় সম্বন্ধে বহু ইতিহাস প্রচলিত আছে। **আমরা শ্রীবলদেবের দাসসূত্রে** শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি হইতে ক্রমশঃ তাহা প্রকাশ করিব।" তিনি

প্রবন্ধে আরও লিখিয়াছেন,—"**শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির সহিত শ্রীগৌড়ীয় বেদান্তাচার্য্য বলদেবের যে অচ্ছেদ্য সম্বন্ধ,** তাহা বলাই বাহুল্য। **শ্রীবলদেবের আচার-বিচার ও ভজন-পদ্ধতি সর্ব্বতোভাবেই শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি অঙ্গীকার করিয়াছেন; যেহেতু শ্রীবলদেব রূপানুগ বৈষ্ণব**। তাঁহার রূপানুগত্য তাঁহার বিবিধ গ্রন্থ হইতে প্রচারিত আছে।"

শ্রীরূপানুগ গুরুবর্গের বাণীতেই শ্রীবলদেবের সুষ্ঠু পরিচয়

শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর সুষ্ঠু পরিচয় জানিতে হইলে ও তাঁহার রচিত বর্ত্তমান "সিদ্ধান্তরত্নম্ বা ভাষ্যপীঠকম্"-গ্রন্থের বৈশিষ্ট্য কীর্ত্তন করিতে গেলে রূপানুগ-ধারায় মাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়রক্ষক **শ্রীল ভক্তিবিনোদ-সরস্বতী কেশবাদি গুরুবর্গের বাণী অনুসরণ ব্যতীত গত্যন্তর নাই**। শ্রীল বলদেবের জীবনী ও তাঁহার দার্শনিক বিচার-বৈশিষ্ট্য সম্বন্ধে তাঁহাদের বলিষ্ঠ লেখনীপ্রসূত সুচিন্তিত বিচার-যুক্তিপূর্ণ প্রবন্ধাদি আলোচনা করিয়াই আমি আমার বক্তব্য নিবেদন করিতেছি।

শ্রীল কেশব গোস্বামীর শাঙ্কর-ভাষ্যাদি আলোচনা ও বেদান্তে ভক্তিবাদ স্থাপন

শ্রীল গুরুপাদপদ্ম তাঁহার অভীষ্টদেব ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদের উক্তি **"যতদিন পৃথিবীতে শঙ্কর-দর্শন প্রচলিত থাকিবে, ততদিন শুদ্ধভক্তির ব্যাঘাত জন্মিবে"** শুনিয়া শ্রীশঙ্করের অদ্বৈতবাদ বা মায়াবাদ সমূলে উৎপাটনোদ্দেশ্যে **বিভিন্ন ভাষ্য-কারগণের বেদান্ত-দর্শনের ১০।১২ খানি ভাষ্য** সংগ্রহপূর্ব্বক আলোচনা করিয়া এইরূপ সিদ্ধান্ত স্থাপন করেন,— "আচার্য্য শঙ্করের ব্রহ্মসূত্রের মৌলিক সিদ্ধান্ত বেদান্ত-দর্শনের সম্পূর্ণ বিরুদ্ধ। **ব্রহ্ম নিরাকার, নির্ব্বিশেষ, ও নির্গুণ-স্বরূপ নহেন।** বেদান্ত-দর্শনের কোন সূত্রের মধ্যে উক্ত শব্দত্রয় উল্লিখিত হয় নাই। * * **'জ্ঞান' শব্দটী ব্রহ্মসূত্রের কুত্রাপি দৃষ্ট হয় না, তজ্জন্য 'ব্রহ্মবাদকে কখনও জ্ঞানবাদ' বলিয়া স্বীকার করা যায় না।** শ্রীবেদব্যাস, শাণ্ডিল্য-ঋষি এবং নারদ ঋষিও **ব্যাসসূত্রকে ভক্তিগ্রন্থ বলিয়া নির্দ্দেশ** করিয়াছেন।"

শ্রীগোবিন্দ-ভাষ্যের বৈশিষ্ট্য ও "সিদ্ধান্তরত্নম্"-গ্রন্থের উল্লেখ

"মায়াবাদি-ভাষ্য শুনিলে হয় সর্ব্বনাশ" বাক্যানুসারে শ্রীল গুরুপাদপদ্ম চারি বৈষ্ণব সম্প্রদায়ের ভাষ্য, বিশেষতঃ "শ্রীগোবিন্দ-ভাষ্য" আলোচনার উপর অধিক গুরুত্ব আরোপ করেন এবং ঐ ভাষ্য ও ভাষ্যকারের বিচার-বৈশিষ্ট্য স্থাপন করিতে গিয়া তিনি "গৌড়ীয় বেদান্তাচার্য্য শ্রীবলদেব" প্রবন্ধ রচনা করেন। তিনি উহার প্রারম্ভেই লিখিয়াছেন,—"**শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভুর আলোচনা করিতে গেলে সর্ব্বপ্রথমেই তাঁহার কৃত বেদান্তভাষ্য—শ্রীগোবিন্দ-ভাষ্যের কথা স্মৃতিপটে জাগরিত হয়। তাঁহার ভাষ্যই তাঁহাকে চারি-সম্প্রদায় বৈষ্ণবের মধ্যে সঞ্জীবিত করিয়া রাখিয়াছে। * * এই ভাষ্যের একটী টীকাও তিনি রচনা করিয়াছেন। এতদ্ব্যতীত "সিদ্ধান্ত-রত্নম্" নামে একখানি গ্রন্থ রচনা করেন। ঐ গ্রন্থের অপর নাম—"ভাষ্য-পীঠকম্"। ইহারও একটী টীকা তাঁহার নিজেরই রচিত।**"

ভাষ্যকারের জীবনীর সংক্ষিপ্ত অধ্যায়

শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-বেদান্তাচার্য্য মহামহোপাধ্যায় পণ্ডিতকুল-মুকুটমণি শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ প্রভুর অতিমর্ত্ত্য জীবনী ও দার্শনিক বিচার-বৈশিষ্ট্য সম্বন্ধে মদীয় গুরুপাদপদ্ম শ্রীল ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজ-লিখিত "গৌড়ীয় বেদান্তাচার্য্য শ্রীবলদেব"* শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ-প্রদত্ত "ভাষ্যকারের বিবরণ" + এবং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-লিখিত "গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ" ‡ প্রবন্ধ আলোচনা করিলেই শ্রীমদ্বলদেব প্রভুর সুষ্ঠু পরিচয় পাওয়া যায়। উক্ত প্রবন্ধত্রয়কে নিম্নলিখিত কয়েকটী ভাগে বিভক্ত করা যায়ঃ—(১) শ্রীবলদেবের আবির্ভাব কাল, (২) জাতি, জন্ম, জন্মভূমি ও বিদ্যাভ্যাস, (৩) দৈব-বর্ণাশ্রমধর্ম্ম প্রতিষ্ঠা, (৪) দ্বিতীয়-বার গুরুকরণ, (৫) নবদ্বীপ-দর্শন ও বৃন্দাবনে স্থিতি, (৬) শ্রীনারায়ণ অপেক্ষা শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠত্ব স্থাপনকল্পে জয়পুর যাত্রা, (৭) গোবিন্দ-ভাষ্য রচনা, (৮)

---

* শ্রীগৌড়ীয়-পত্রিকা, ১ম বর্ষ, ১ম সংখ্যা, ১০-১৭ পৃষ্ঠায় প্রকাশিত।

+ শ্রীমদ্ভগবদ্গীতা (শ্রীমদ্বলদেবকৃত 'গীতাভূষণ'-ভাষ্য), গৌড়ীয় মঠ ৩য় সংস্করণে প্রকাশিত ভূমিকা।

‡ শ্রীগৌড়ীয়-পত্রিকা, ৩য় বর্ষ ৪র্থ সংখ্যা, ১২৭-১৩০ পৃষ্ঠায় প্রকাশিত; তৎপূর্ব্বে সজ্জন-তোষণী ৯ম খণ্ড, ১০ম সংখ্যা, ১-৮ পৃষ্ঠায় প্রকাশিত।

গলতাগাদীতে সৎসম্প্রদায় প্রতিষ্ঠা, (৯) গৌড়ীয় বৈষ্ণবের শ্রেষ্ঠত্ব স্থাপন, (১০) জয়লাভ ও 'বিদ্যাভূষণ' উপাধিপ্রাপ্তি, (১১) গৌড়ীয় বৈষ্ণবগণের অভিনবভাবে মধ্ব-সম্প্রদায়ভুক্তি, (১২) শ্রীরূপানুগত্য, (১৩) বৃন্দাবনে শ্রীশ্যাম-সুন্দর মন্দিরে শেষজীবন যাপন, (১৪) কালনির্ণয় ও গুরু-পরম্পরা, (১৫) শিষ্য-পরম্পরা, (১৬) পাঞ্চরাত্রিক পারম্পর্য্য ও ভাগবত-পারম্পর্য্য, (১৭) ব্রহ্মার অবতার শ্রীগোপীনাথ মিশ্রই বলদেবরূপে অবতীর্ণ ও (১৮) স্ব-রচিত গ্রন্থ পরিচয়।

শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্যের সংক্ষিপ্ত জীবনী ও গ্রন্থাবলী

শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর আবির্ভাব-কাল সঠিকভাবে জানা না গেলেও তিনি বর্ত্তমান সময় হইতে দুইশতাধিক বৎসর পূর্ব্বে আবির্ভূত হন। তিনি উৎকল-প্রদেশের অন্তর্গত বালেশ্বর জেলার রেমুণার নিকটবর্ত্তী এক পল্লীতে প্রথম সূর্য্যালোক দর্শন করেন। শৌক্র-বৈশ্যকুলে কৃষিজীবি খণ্ডাইৎ জাতির মধ্যে উদ্ভূত হইয়া অল্প বয়সেই বিদ্যাশিক্ষা ও তীর্থভ্রমণ করেন। চিল্কা-হ্রদের পরপারে ব্যাকরণ-অলঙ্কারাদি এবং পরে ন্যায়শাস্ত্র, বেদ, বেদান্ত (শাঙ্কর ও মধ্ব-ভাষ্যাদি) উত্তমরূপে অধ্যয়ন করিয়া শ্রীমধ্ব-সম্প্রদায়ভুক্ত হন। বেদান্ত-বিশারদ শ্রীবলদেব অল্পদিনের মধ্যেই দিগ্বিজয়ী পণ্ডিত হইলেন।

ব্রাহ্মণেতর কুলে জন্মগ্রহণ করিলেও তিনি 'বৈষ্ণবাচার্য্য' বলিয়া জগতে বিখ্যাত হন। "কিবা বিপ্র, কিবা ন্যাসী, শূদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্ব-বেত্তা, সেই 'গুরু' হয়॥"— এই শাস্ত্র-বাক্যানুসারে তাঁহার বর্ণের মধ্যে অনেকেই আজও উপনয়ন-সংস্কার গ্রহণ করিয়া আসিতেছেন। ব্রাহ্মণ-ব্রুবগণ এই বৈষ্ণবাচার্য্যের 'বিদ্যাভূষণ'-সংজ্ঞা গ্রহণ ও বেদাদি-অধ্যয়নের প্রতি কটাক্ষপাত করিলেও তিনি গীতা-ভাগবতাদি-প্রতিপাদিত বৃত্ত-ব্রাহ্মণতা বা শ্রৌত-পন্থারই শ্রেষ্ঠত্ব স্থাপন করিয়াছেন।

শ্রীল বলদেব কান্যকুব্জবাসী বিপ্র রাধাদামোদরের সহিত প্রথমে বিচার-প্রার্থী হইয়াছিলেন; পরে ষট্সন্দর্ভাদিতে তাঁহার অগাধ পাণ্ডিত্য, ভক্তি ও প্রেম দর্শনে শ্রদ্ধাযুক্ত হইয়া তাঁহার শিষ্যত্ব স্বীকার করেন। তিনি স্বীয় মধ্বাম্নায় বজায় রাখিয়া শ্রীচৈতন্যদেবকে স্বয়ং ভগবান্ জানিতে পারিয়া শ্রীমাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়ে প্রবেশ করিলেন। এই সময়ে গুরুকৃপাবলে ভগবৎপ্রেমে মত্ত হইয়া শ্রীক্ষেত্র হইতে আসিয়া শ্রীনবদ্বীপ-ধাম দর্শনান্তে

শ্রীবৃন্দাবনে বাস করিতে থাকেন। এই স্থানে তিনি শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের নিকট শ্রীমদ্ভাগবতাদি ভক্তিশাস্ত্রের শিক্ষালাভ করেন।

সেই সময়ে বর্ত্তমান রাজস্থানের অন্তর্গত জয়পুরে একটি গণ্ডগোল সৃষ্টি হয়। জয়পুরের রাজগণ গৌড়ীয় সম্প্রদায়ের অনুগত থাকিয়া শ্রীনারায়ণের অগ্রে শ্রীগোবিন্দজীর পূজা করাইতেন। কয়েকজন 'শ্রী' সম্প্রদায়ী মহান্ত-বৈষ্ণব এই পূজা-পদ্ধতি পরিবর্ত্তনের চেষ্টা করিলে সদাচারী রাজা শাস্ত্র-বিচারের জন্য বৃন্দাবন হইতে বৈষ্ণব-পণ্ডিত আহ্বান করেন। তখন শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর বার্দ্ধক্যদশায় উপনীত হওয়ায় শ্রীবলদেবকে বেদ-বেদান্তে বিশেষ পারদর্শী জানিয়া জয়পুরে পাঠাইলেন। শ্রীবলদেব রাজসভায় উপস্থিত হইলে তথাকার মহান্ত 'শ্রী'-সম্প্রদায়ী বৈষ্ণবগণের সহিত সাক্ষাৎ হওয়ায় তাঁহারা বলদেবকে কোন সম্প্রদায়ভুক্ত জিজ্ঞাসা করিলেন। তিনি নিজকে মধ্বশিষ্য ও মধ্বভাষ্যের অনুগত জানাইলে তাঁহারা পুনরায় জিজ্ঞাসা করেন—"মধ্বের ভাষ্যে কেবল কৃষ্ণই প্রতিষ্ঠিত, শ্রীরাধার প্রতিষ্ঠা নাই। শ্রীগোবিন্দজী কি রাধাকে ছাড়িয়া পূজা লইবেন?" তখন শ্রীবলদেব মধ্বভাষ্যের দ্বারা বিচার করা চলিবে না বুঝিয়া কয়েকদিবসের মধ্যেই শ্রীগোবিন্দজীর আজ্ঞাক্রমে বেদান্ত-সূত্রভাষ্য, গীতাভাষ্য, সহস্রনামভাষ্য ও উপনিষদ্‌ভাষ্য লিখিয়া ফেলেন এবং গলতা-পাহাড়ে বিচারসভায় 'শ্রী'-বৈষ্ণবদিগকে পরাস্ত করিয়া সেই বিদ্বৎসভা হইতে 'বিদ্যাভূষণ' উপাধি প্রাপ্ত হন।

এই বিচার-সভায় 'শ্রীমন্মহাপ্রভুর প্রদর্শিত পথই সর্ব্বোত্তম ও সর্ব্বশ্রেষ্ঠ' ইহা শাস্ত্রযুক্তিদ্বারা স্থাপনপূর্ব্বক 'গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায় শ্রীব্যাসোক্ত চারি সম্প্রদায়ের অন্যতম ব্রহ্ম-মাধ্ব সম্প্রদায়ভুক্ত' বলিয়া ঘোষণা করেন। তৎপূর্ব্বেও ইহা উক্ত সম্প্রদায়ের শাখাস্বরূপে বিবেচিত হইত, কারণ শ্রীচৈতন্যমহাপ্রভু মধ্বসম্প্রদায়ী শ্রীল ঈশ্বর পুরীপাদকে আচার্য্যরূপে স্বীকার করায় তাঁহার মাধ্ব সম্প্রদায়ভুক্তি পূর্ব্ব হইতেই প্রমাণিত হয়। ইহার পর শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু শ্রীধাম বৃন্দাবনে শ্রীশ্যামসুন্দর মন্দিরে শেষজীবন অতিবাহিত করেন এবং অপরাপর গ্রন্থাদি ঐসময়েই তৎকর্তৃক রচিত হয়।

শ্রীল বিদ্যাভূষণ প্রভুর পরমগুরু শ্রীমুরারি, মুরারির গুরু—রসিকানন্দ এবং তাঁহার গুরু শ্রীশ্যামানন্দ। শ্রীশ্যামানন্দের গুরু গৌরীদাস পণ্ডিত; এই গৌরীদাস পণ্ডিতকে শ্রীমন্নিত্যানন্দ প্রভু কৃপা করেন। শ্যামানন্দপ্রভু পরবর্ত্তী কালে শ্রীজীব গোস্বামীর শিষ্যত্ব স্বীকার করিয়াছিলেন। আচার্য্য শ্রীল বলদেব প্রভুর শিষ্য উদ্ধবদাস, তাঁহার শিষ্য শ্রীমধুসূদন দাস। বৈষ্ণব-

সার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ এই মধুসূদন দাসের শিষ্য। শ্রীল জগন্নাথদাস হইতেই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজ, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ ও মদীয় গুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামীর পাঞ্চরাত্রিক ও ভাগবত-পারম্পর্য্য চলিয়া আসিতেছে।

কথিত আছে, শ্রীচৈতন্য-পার্ষদ শ্রীগোপীনাথ মিশ্র, যিনি সার্ব্বভৌমের সহিত শ্রীমন্ মহাপ্রভুর শ্রীমুখ-নিঃসৃত সূত্রভাষ্য শ্রবণ করেন, তিনিই ব্রহ্ম-সম্প্রদায়ের ভাষ্যকর্ত্তারূপে পরে শ্রীল বলদেব বিদ্যাভূষণরূপে আবির্ভূত হন। আচার্য্য শ্রীল বলদেবের রচিত গ্রন্থ-তালিকা :— ১। শ্রীগোবিন্দ-ভাষ্য, ২। 'সূক্ষ্মা'-টীকা, ৩। সিদ্ধান্ত রত্নম্ বা ভাষ্যপীঠকম্, ৪। ঐ টীকা, ৫। সাহিত্য-কৌমুদী, ৬। ব্যাকরণ-কৌমুদী, ৭। তত্ত্বসন্দর্ভের টীকা, ৮। ঈশোপনিষদ্-ভাষ্য, ৯। সিদ্ধান্ত দর্পণম্, ১০। কাব্য-কৌস্তুভ, ১১। গোপাল-তাপনী-ভাষ্য, ১২। সাহিত্য কৌমুদী টীকা (কৃষ্ণানন্দিনী), ১৩। ছন্দকৌস্তুভ-ভাষ্য, ১৪। লঘুভাগবতামৃত-টীকা, ১৫। 'চন্দ্রালোক' গ্রন্থের টীকা, ১৬। নাটক-চন্দ্রিকা-টীকা, ১৭। শ্রীমদ্ভাগবত-টীকা (বৈষ্ণবানন্দিনী), ১৮। বেদান্ত স্যমন্তক, ১৯। প্রমেয়-রত্নাবলী, ২০। গীতাভূষণ-ভাষ্য, ২১। বিষ্ণুসহস্রনাম-ভাষ্য (নামার্থসুধা), ২২। সংক্ষেপ-ভাগবতামৃত-টীপ্পনী (সারঙ্গ-রঙ্গদা), ২৩। স্তব-মালা-বিভূষণ-ভাষ্য, ২৪। পদকৌস্তুভ ও ২৫। শ্রীশ্যামানন্দশতক-টীকা।

শ্রীল বলদেব প্রভু শ্রীগৌড়ীয়-সম্প্রদায়ভুক্ত ও শ্রীমন্মহাপ্রভুর নিত্যপার্ষদ

"বিদ্যাভূষণ মহাশয় গৌড়ীয় সম্প্রদায়ের একটী নক্ষত্রবিশেষ। তিনি এই সম্প্রদায়ের যে পরিমাণ উপকার করিয়াছেন, তাহা শ্রীপাদ গোস্বামীদিগের পরে আর কেহ করেন নাই। ইহাতে বোধ হয় যে, তিনি শ্রীমন্মহাপ্রভুর নিত্য পার্ষদদিগের মধ্যে একজন"— গদাধরাভিন্ন-তনু শ্রীগৌরশক্তি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের এই উক্তি হইতে জানা যায়,—গলতা-পাহাড়ে শ্রীবলদেব গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের বিজয়-বৈজয়ন্তী উড্ডীন করিয়া তাঁহাদের মাধ্ব-সম্প্রদায়ভুক্তি বৈশিষ্ট্যের সহিত ঘোষণা করেন এবং তিনি যে রূপানুগ গৌড়ীয়-বৈষ্ণব, ইহাও প্রমাণ করেন। কারণ তিনি শ্রীমন্মহাপ্রভুর অনুগত শ্যামানন্দ পরিবারভুক্ত; শ্যামানন্দ প্রভু শ্রীল জীব গোস্বামীর আনুগত্য স্বীকার করেন ও শ্রীজীব প্রভু একান্তভাবে রূপানুগ হওয়ায় শ্রীবলদেবও রূপানুগ বৈষ্ণব। তিনি একাধারে পাঞ্চরাত্রিক ও

ভাগবত-পরম্পরায় অবস্থান করিয়াও শেষোক্ত পারম্পর্য্যে ভজন-নিষ্ঠার মাধুর্য্য ও শ্রেষ্ঠত্ব স্থাপন করেন।

শ্রীব্রহ্ম-মাধ্ব-সম্প্রদায়ই গৌড়ীয়গণের গুরু-প্রণালী এবং শ্রীবলদেবেরও তৎস্বীকৃতি

কতিপয় অর্ব্বাচীন, অতত্ত্বজ্ঞ, অতিবাড়ী, প্রাকৃত-সহজিয়া শ্রীল বলদেব বিদ্যাভূষণের বিচার-ধারা ও তাঁহার প্রদর্শিত গুরু-পরম্পরা-প্রণালী অস্বীকার-পূর্ব্বক গৌড়ীয়-দার্শনিক-সম্রাট শ্রীল জীবগোস্বামীপাদের সহিত তাঁহার ভেদ ও মত-বৈষম্য কল্পনা করেন। বস্তুতঃ শ্রীবলদেব ও শ্রীজীবগোস্বামীর মত এক, কিছুমাত্র ভিন্ন নয়; তত্ত্ব ও উপাসনা-বিষয়ে দুই জনেই একই প্রকার সিদ্ধান্ত করিয়াছেন। শ্রীল বলদেব প্রভু শ্রীমন্মহাপ্রভুর **"অচিন্ত্য-ভেদাভেদ-সিদ্ধান্ত"ই** স্বীকার করেন; শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর "শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা"য় 'আম্নায়-বাক্যই মূলপ্রমাণ' এর ২য় পরিচ্ছেদে জানাইয়াছেন,—**"ব্রহ্মসম্প্রদায় নামক একটী সম্প্রদায় সৃষ্টির সময় হইতে চলিয়া আসিতেছে। * * যে-সকল লোক ব্রহ্ম-সম্প্রদায় স্বীকার করেন না, তাহারা ভগবদ্ভক্ত পাষণ্ডমত-প্রচারক। শ্রীকৃষ্ণচৈতন্য-সম্প্রদায় স্বীকার করত যাহারা গোপনে গুরু-পরম্পরা সিদ্ধ-প্রণালী স্বীকার করেন না, তাহারা কলির গুপ্তচর, তাহাতে সন্দেহ কি?** * * * শ্রীজীব গোস্বামী আপ্ত-বাক্যের প্রমাণত্ব স্থির করিয়া পুরাণশাস্ত্রের তদ্ধর্ম্মত্ব নিরূপণপূর্ব্বক শ্রীমদ্ভাগবতের যে সর্ব্বপ্রমাণ-শ্রেষ্ঠত্ব স্থাপন করিয়াছেন, সেই-লক্ষণদ্বারা **ব্রহ্মা, নারদ, ব্যাস ও তৎসহ শুকদেব ও ক্রমে বিজয়ধ্বজ, ব্রহ্মতীর্থ, ব্যাসতীর্থ প্রভৃতির তত্ত্বগুরু শ্রীমন্মধ্বাচার্য্য-প্রমিত শাস্ত্রনিচয়ের উল্লেখ করিয়াছেন। এই সমস্ত বাক্যদ্বারা স্পষ্টই প্রতীত হয় যে, শ্রীব্রহ্ম-সম্প্রদায়ই শ্রীকৃষ্ণচৈতন্য-দাসদিগের গুরু-প্রণালী।** শ্রীকবি কর্ণপুর গোস্বামী এই অনুসারে দৃঢ় করিয়া স্বীয়-কৃত 'গৌরগণোদ্দেশ-দীপিকা'য় গুরু-প্রণালীর ক্রম লিখিয়াছেন। **বেদান্ত-সূত্র-ভাষ্যকার শ্রীবিদ্যাভূষণও সেই প্রণালীকে স্থির রাখিয়াছেন। যাঁহারা এই প্রণালীকে অস্বীকার করেন, তাঁহারা যে শ্রীকৃষ্ণ-চৈতন্য-চরণানুচরগণের প্রধান শত্রু, ইহাতে আর সন্দেহ কি?"**

শ্রীগোবিন্দ ভাষ্যের প্রকাশ

শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণকৃত "সিদ্ধান্তরত্নম্ বা শ্রীগোবিন্দ-ভাষ্য-পীঠকম্" সম্বন্ধে কিছু আলোচনা করিতে হইলে "শ্রীগৌড়ীয়-

বেদান্ত—শ্রীগোবিন্দ-ভাষ্য”ও আলোচ্য বিষয় হইয়া পড়ে। ভগবদবতার মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন শ্রীবেদব্যাস-কর্তৃক উত্তর-মীমাংসা অর্থাৎ ব্রহ্মসূত্র বা বেদান্ত-দর্শন রচিত হয়। বেদান্তে মধুর রস-প্রকাশক গোবিন্দভাষ্যই সর্ব্বশ্রেষ্ঠ, তজ্জন্য স্বয়ং অভিধেয়াধিদেব শ্রীগোবিন্দজীউ শ্রীবলদেবকে ঐ ভাষ্য রচনার আজ্ঞা প্রদানপূর্ব্বক স্বয়ং ইহা উপদেশ করেন। তাঁহার নামানুসারেই ইহা “গোবিন্দ ভাষ্য” নামে আখ্যাত হইয়াছে। শ্রীল বিদ্যাভূষণ প্রভু স্বয়ং ইহার “সূক্ষ্মা” নাম্নী টীকা রচনা করিয়াছেন।

পঞ্চাঙ্গী ব্রহ্মসূত্রের বিভিন্ন অধ্যায়ে বিভিন্নপাদের পরিচয়

ব্রহ্মসূত্র চারি অধ্যায়ে বিভক্ত। প্রতি অধ্যায়ে ৪টি করিয়া পাদ আছে। এই ব্রহ্মসূত্রের প্রথমাধ্যায়—সমস্ত বেদের **ব্রহ্মে সমন্বয়**। দ্বিতীয়ে—সকল শাস্ত্রের সহিত **বিরোধ পরিহার**। তৃতীয়ে—ব্রহ্মপ্রাপ্তির **সাধন**। চতুর্থে—ব্রহ্মপ্রাপ্তিই **পুরুষার্থ** বলিয়া উক্ত হইয়াছে। নিষ্কাম ধর্ম্ম, নির্ম্মল চিত্ত, সৎপ্রসঙ্গলুব্ধ, শ্রদ্ধালু শম-দমাদিসম্পন্ন জীব এই শাস্ত্রের **অধিকারী**। এই শাস্ত্র স্বয়ং বাচক এবং ব্রহ্ম ইহার বাচ্য, সুতরাং পরস্পর বাচ্য-বাচক **সম্বন্ধ**। শাস্ত্র প্রতিপাদ্য **বিষয়**, নিরবদ্য বিশুদ্ধানন্ত-গুণগণ অচিন্ত্যানন্দ-শক্তি-সচ্চিদানন্দ-পুরুষোত্তম শ্রীকৃষ্ণ। অশেষ দোষ-বিনাশ পুরঃসর তৎ-সাক্ষাৎকারই ইহার **প্রয়োজন**। এই শাস্ত্রে **বিষয়, সংশয়, পূর্ব্বপক্ষ, সিদ্ধান্ত ও সঙ্গতি**—এই পাঁচটিই ন্যায়াবয়ব। অধিকরণ অর্থাৎ অধ্যায়ের অংশবিশেষের নামই **ন্যায়**। বিচার-যোগ্য বাক্যের নাম **বিষয়**। এক-ধর্ম্মিত্বে পরস্পর বিরোধী নানাপ্রকার অর্থ বিচারের নাম **সংশয়**। প্রতি-কূল অর্থের নাম **পূর্ব্বপক্ষ**। প্রামাণিকরূপে অভ্যুপগত অর্থের নাম **সিদ্ধান্ত**। পূর্ব্বোত্তর অর্থদ্বয়ের নাম **সঙ্গতি**।

“সিদ্ধান্তরত্নম্”-গ্রন্থের পাদ-সংখ্যা, নাম ও আলোচিত বিষয়

শুদ্ধভক্তি-মন্দাকিনীর মূল-ভগীরথ সপ্তম-গোস্বামী জগদ্‌গুরু শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর জানাইয়াছেন—“শ্রীল বিদ্যাভূষণ প্রভু **বেদান্ত-সূত্রভাষ্য প্রকাশ করত সেই ভাষ্যের পীঠক অর্থাৎ সিংহাসন-স্বরূপ এই ‘সিদ্ধান্ত-রত্নম্’-গ্রন্থ রচনা** করিয়াছিলেন। গৌড়ীয়-মাধ্ব-সম্প্রদায়ী বৈষ্ণববৃন্দের ইহাতে বিশেষ উপকার হইয়াছে, সন্দেহ নাই।” এই গ্রন্থের আটটি পাদ, যথা— ১। পাঞ্চজন্য, ২। কৌমোদকী, ৩। সুদর্শন, ৪। তার্ক্ষ্য, ৫। বামন, ৬। ত্রিবিক্রম, ৭। নন্দক ও ৮। পদ্মক পাদ এবং ইহাতে

যথাক্রমে পরমপুমর্থ-নির্ণয়, ভগবদৈশ্বর্য্য-নির্ণয়, বিষ্ণুর পারম্য-নির্ণয়, বিষ্ণুর সর্ব্ববেদবেত্তত্ব-নির্ণয়, কেবলাদ্বৈত-নিরাস, বিধান্তরে কেবলাদ্বৈত-নিরাস, কেবলানুভূতিব্যুদাস ও পুরুষার্থনির্ণয়-নামক বিষয়সমূহ ব্যাখ্যাত হইয়াছে।

গ্রন্থের আদি ও অন্তে মঙ্গলাচরণ ও জয়গান

"সিদ্ধান্তরত্নম্ বা ভাষ্যপীঠকম্" গ্রন্থকার গ্রন্থারম্ভে শ্রীগৌড়ীয় আম্নায়-পরম্পরা কীর্ত্তনমুখে সর্ব্বপ্রথমে অচিন্ত্যশক্তিমান্ বিজ্ঞানানন্দঘন শ্রীমূর্ত্তি সর্ব্বেশ্বরেশ্বর **ভগবান্ শ্রীশ্যামসুন্দর** ও গজপতিতারণ ঔদার্য্য-মাধুর্য্যরস-বিগ্রহ **শ্রীকৃষ্ণচৈতন্য**রূপ মুরারিকে প্রণাম এবং পরে ভক্তি-লক্ষ্মী, শ্রীমদ্ভাগবত-কল্পতরু, বেদান্তসূত্র-রত্ন, শ্রীহরিকীর্ত্তন-চন্দ্রামৃত, জ্ঞান-ধন্বন্তরির উদ্ভবস্থান মহাসমুদ্ররূপ শ্রীকৃষ্ণ-দ্বৈপায়ন **বেদব্যাস** ও তত্ত্ববিৎচূড়ামণি, সর্ব্ব-**লক্ষ্মীময়ী** **শ্রী**রাধিকাসেবিত শ্রীগোবিন্দতত্ত্ব-রত্ন-প্রদর্শনকারী, মায়াবাদ-ঘনান্ধকারবিনাশী চন্দ্র-সূর্য্যতুল্য **শ্রীরূপ-সনাতনের** জয়গান করিয়াছেন। গ্রন্থশেষে উক্ত হইয়াছে,—যে উদারপুরুষ 'বিদ্যা'রূপ 'ভূষণ' প্রদানপূর্ব্বক খ্যাতি বিস্তার করিয়াছেন, যাঁহার স্বপ্নাদেশে বেদান্তসূত্রের "গোবিন্দ-ভাষ্য" প্রকাশিত হইয়াছে, সেই রাধাবন্ধু ত্রিভঙ্গভঙ্গিম শ্রীগোবিন্দদেব জয়যুক্ত হউন।

গ্রন্থকার-কর্ত্তৃক গ্রন্থ রচনার বৈশিষ্ট্য স্থাপন

গ্রন্থের উপসংহারে ভাষ্যকার জানাইয়াছেন,— ব্রহ্মসূত্রে শ্রীহরির পরতমত্ব বর্ণনমুখে নবপ্রমেয়-সম্বলিত যে কৃষ্ণাত্মক-ভাষ্য বর্ণিত হইয়াছে, এই **'সিদ্ধান্তরত্ন'-নামক স্বুবর্ণপীঠক** নিশ্চয়ই তাঁহার সুখাসন হইবে। তীক্ষ্ণ-ধীসম্পন্ন ভক্তিমন্ত জনগণ এই সিদ্ধান্ত-রত্নের অদ্বৈতবাদ তমোবিধ্বংসী ভাষ্যরূপ চন্দ্রজ্যোতিঃ নিঃসংশয়ে দর্শন করিতে পারিবেন। জিতেন্দ্রিয় ভক্তিবেদান্ত-শাস্ত্রাধ্যায়ী আচার্য্যগণ যে-সকল সদ্‌যুক্তি শাস্ত্রে নিবদ্ধ করিয়াছেন উহাই সঙ্কলনপূর্ব্বক বাস্তব-সত্যানুসন্ধিৎসু পণ্ডিতমণ্ডলীর চিত্ত-বিনোদনের নিমিত্ত এই ভাষ্যপীঠক রচিত হইয়াছে।

"সিদ্ধান্তরত্নম্ বা ভাষ্যপীঠকম্" গ্রন্থের-বিভিন্ন পাদে বর্ণিত বিষয় সম্বন্ধে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর

"এই **'সিদ্ধান্তরত্নম্'**-গ্রন্থে* বিদ্যাভূষণ প্রভু যে-প্রণালীতে সম্বন্ধাভিধেয়-প্রয়োজন বিচার করিয়াছেন তাহা সংক্ষেপে লিখিতেছি। এই গ্রন্থের সমুদয় তত্ত্বালোচনা আটপাদে বিভক্ত হইয়াছে ঃ—

---

* "সিদ্ধান্তরত্ন বা বেদান্তপীঠক" গ্রন্থ সম্বন্ধে জগদ্‌গুরু শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর লিখিত প্রবন্ধ "সজ্জনতোষণী" ৯ম খণ্ড, ১০ম সংখ্যা, ১-৮ পৃষ্ঠা; ১১শ সংখ্যা, ১-৮ পৃষ্ঠা এবং ১২শ সংখ্যা, ৭-৮ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে।

প্রথম পাদে বলিয়াছেন যে, দুঃখ-পরিহার ও সুখ-প্রাপ্তির জন্য সর্ব্ব-লোকের প্রবৃত্তি। তদুভয় সাধনের জন্য **কপিল, পতঞ্জলি, কণাদ, গৌতম ও জৈমিনী যে-সমস্ত উপায় নিরূপণ করিয়াছেন, সে-সমস্তই সদোষ।** বেদব্যাস সেইসব মত খণ্ডনপূর্ব্বক বেদশাস্ত্র হইতে বেদান্তসূত্র নির্ম্মাণ করত জীবের আত্মজ্ঞান সাধনপূর্ব্বক সর্ব্বেশ্বর অনুভবই যে একমাত্র উপায়, তাহা শিক্ষা দিয়াছেন। সেই সর্ব্বেশ্বর পুরুষটী জ্ঞানানন্দ-স্বরূপ, সর্ব্বশক্তি-সম্পন্ন, অচিন্ত্য, অলৌকিক, তর্কাতীত, সত্যকামাদি গুণাষ্টকবিশিষ্ট পুরুষাকার ভগবান্। তাঁহার স্বরূপে ধর্ম্মধর্ম্মিগত স্বগত পর্য্যন্ত ভেদ নাই, তথাপি অচিন্ত্য-শক্তিবলে সবিশেষ। শাস্ত্রের অভিধা-শক্তিদ্বারাই তিনি ও তাঁহার বিচিত্র 'বিশেষ' পরিজ্ঞাত। পূর্ব্বোক্ত চরম ফলদ্বয়-সাধনে কর্ম্ম সাক্ষাৎ হেতু বলিয়া নির্দ্দিষ্ট হয় নাই; জ্ঞান ও ভক্তির সাক্ষাৎহেতুত্ব নির্দ্দিষ্ট হইয়াছে। ত্বম্পদার্থানুভবই নির্ব্বেদ-জ্ঞান, তাহাতে কৈবল্য-লক্ষণ মোক্ষ। 'তৎ' ও 'ত্বং' পদার্থের বিচিত্র অপাঙ্গ-বীক্ষণই ভক্তি-স্বরূপ জ্ঞান। শুদ্ধ 'তৎ' পদার্থ পরিজ্ঞানরূপ ভক্তিদ্বারা সালোক্যাদি মুক্তি। শুদ্ধ সম্বন্ধবিশেষ পরিজ্ঞানরূপ ভক্তিদ্বারা 'তৎ' পাদপদ্ম পরিচর্য্যারূপ পুরুষার্থ লাভ হয়। সেই ভক্তি হ্লাদিনী-সার-সমবেত সম্বিৎসাররূপা, কেবল জৈবানন্দাদিরূপা নন। সেই ভক্তি ভগবান্ ও জীবের উভয়ের আনন্দ বিধান করেন। **সন্ধিনী, সম্বিৎ ও হ্লাদিনী—ভগবানের পরাশক্তির বৃত্তিত্রয়।** জীবের বর্ত্তমান কায়াদিতে আবির্ভূত হইয়া ভক্তি বিশুদ্ধানন্দ তাদাত্ম্য-স্বরূপে সর্ব্বেন্দ্রিয়ে কার্য্য করেন। কর্ম্মদ্বারা চিত্তশুদ্ধি অপেক্ষা না করিয়াও অনেকেই সাধুসঙ্গ-সম্বন্ধ শ্রদ্ধা-সহকারে ভজনদ্বারাই চিত্তশুদ্ধি লাভ করত ভগবৎ-সাক্ষাৎকার লাভ করেন। সালোক্যাদি মোক্ষ তাঁহার পৃষ্ঠলগ্ন বলিয়া তাহাদের জন্য অভিলাষ—অকর্ম্মণ্য। 'কৃষ্ণ-সুখই আমার সুখ'—এইরূপ নিষ্কাম-ভক্তির ভক্তি ব্যতীত অন্য ফল নাই। এই ভক্তি ভগবৎ-পরিকর হইতে ইদানীন্তন ভক্তগণের মধ্যে গঙ্গাস্রোতের ন্যায় সম্প্রদায়গত। পূর্ণকাম ভগবান্ ভক্তের পূজা আদরে গ্রহণ করেন। কৃষ্ণ-প্রসাদ অচিন্ত্য ও অবিতর্ক।

দ্বিতীয় পাদে বলিয়াছেন যে, মাধুর্য্য ও ঐশ্বর্য্যভেদে ভগবত্তা দ্বিবিধ। তদ্ভেদে জীবের জ্ঞান ভক্তিও দ্বিবিধ। যে-স্থলে পরমৈশ্বর্য্য প্রকাশ বা অপ্রকাশ সত্ত্বেও নরবৎ লীলার অতিক্রম হয় না, সেইস্থলে মাধুর্য্য হৃৎকম্প সম্ভ্রমদ্বারা স্বভাব-শৈথিল্যকারী ধর্ম্মকে ঐশ্বর্য্যজ্ঞান বলা যায়। নিহিত

ঐশ্বর্য্যজ্ঞানই মাধুর্য্য পুষ্ট করে। মাধুর্য্য-ভক্তের বিস্ময়, বিরহ ও বিপদকালে ঐশ্বর্য্য অনুভূত হয়। তদুভয় ধর্ম্মই ব্রহ্ম-ধর্ম্ম। চিচ্ছক্তিসার লীলানন্দ-স্বরূপ মাধুর্য্য ভগবৎস্বরূপ হইতে অভিন্ন। সেই স্বরূপই অষ্টাদশ-দোষশূন্য ভগবত্তনু। মুগ্ধতা, সার্ব্বজ্ঞ্য প্রভৃতি বিরুদ্ধ অনন্ত গুণগণ ভগবানের পরমৈশ্বর্য্য-পরবশ হইয়া অবিরুদ্ধভাবে লীলা বিস্তার করে। **ভক্তি দ্বিবিধা—ঐশ্বর্য্য-প্রকাশিনী বিধি-ভক্তি ও মাধুর্য্য-প্রকাশিনী রুচিভক্তি। বিধি-ভক্তি মিশ্র ও শুদ্ধভেদে দ্বিবিধ।** মিশ্র-বিধিভক্তগণ স্বনিষ্ঠ, অর্চ্চিরাদি-মার্গে অবশেষে বৈকুণ্ঠ গমন করেন। শুদ্ধভক্তগণ ব্যাকুলতা-প্রযুক্ত কৃপালু ভগবৎকর্ত্তৃক গরুড়স্কন্ধে তদ্ধামে নীত হন। রুচিভক্তি মাধুর্য্যময়ী বান্ধবভাব-সংযুক্তা। সেই ভক্ত সম্ভ্রমশূন্য তদ্ধামে গমন করেন। যশোদানন্দন কৃষ্ণ গোপগণের বান্ধব। পুরুষোত্তম কৃষ্ণই সর্ব্বশক্তিসম্পন্ন স্বয়ং ভগবান্। যে-সব স্বরূপে সর্ব্বশক্তি ব্যঞ্জিত হয় নাই, দুই একটী শক্তিমাত্র ব্যঞ্জিত হইয়াছে, তাঁহারা বিলাশ বা অংশ, কলা। কৃষ্ণ সর্ব্বাবতারী এবং পরব্যোমপতি নারায়ণ তাঁহার বিলাস-মূর্ত্তি। কৃষ্ণ অনন্যাপেক্ষী স্বয়ংরূপ। রাধাদি পূর্ণশক্তির **পরিকরমণ্ডল-সহচরত্ব**, চরাচর-বিস্মাপক **বেণুনাদ-মাধুর্য্য**, স্বপর্য্যন্তা-কর্ষক **শ্রীরূপমাধুর্য্য**, নিরতিশয় কারুণ্যাদি-গুণব্যঞ্জি সর্ব্বাদ্ভুত চমৎকার-**লীলাকল্লোলসমুদ্র—এই চারিটী অসামান্য গুণ একমাত্র শ্রীকৃষ্ণেই দেখা যায়।** নারায়ণাদিতেও সেই গুণ-চতুষ্টয় প্রকাশিত হয় নাই; হ্লাদিনী-সারাংশ প্রেমাত্মিকা রাধিকা—ভগবানের পরাশক্তি। লক্ষ্মী-দুর্গাদি তাঁহার অংশ ও ছায়াবিশেষ, সুতরাং চতুঃষষ্টি সংখ্যক সর্ব্বধর্ম্মের পূর্ণাবিষ্কার-প্রযুক্ত কৃষ্ণই স্বয়ংরূপ। কৃষ্ণের নিত্যলীলাধাম অতি বিচিত্র 'গোলোক' নামে বেদে অভিহিত। গোলোকের নীচে মথুরা, তাহার নীচে দ্বারকা, তাহার নীচে বৈকুণ্ঠ, তাহার নীচে শিবধাম, তাহার নীচে দেবীধামরূপ এই জড় জগৎ। সেই সেই ধাম সেই সেই লীলা প্রকাশের জন্য জড়জগতে তদিচ্ছা-ক্রমে আবির্ভূত হয়।

আবির্ভূত ধামেও সম্পূর্ণ অপ্রাকৃতত্ব থাকিলেও অসংস্কৃত দৃষ্টিতে ঐ ঐ ধাম প্রপঞ্চময়রূপে দৃষ্ট হয়। তদ্রূপ দৃষ্টিও পুণ্যজনক। অনন্তাকার, অনন্তপ্রকাশ, অনন্ত-লীলা, অনন্ত ব্রহ্মাণ্ড ও অনন্ত বৈকুণ্ঠ ও অনন্তপার্ষদগণের অনন্ত ব্যতিক্রমে কৃষ্ণের সমস্ত লীলাই নিত্য। ভগবৎকৃপা ব্যতীত এরূপ অবগতির রহস্য উদয় হয় না; ভগবদ্ধামের কাল বর্ত্তমানময়, ভূত ও ভবিষ্যৎময় নয়। তথাকার স্থান, দ্রব্য ও সূর্য্য-চন্দ্রাদিও অপ্রাকৃত।

প্রপঞ্চনাশে কাদাচিৎকী লীলা থাকে না, কিন্তু তৎসঙ্গস্থিত নিত্যলীলা ধ্বংস হয় না। বিধি-রুচিপূর্ব্বিকা উভয়বিধ ভক্তিই দুঃখহানি ও সুখ-প্রাপ্তির কারণ বটে। কৃষ্ণকৃপা ব্যতীত সেই ভক্তিতে প্রবৃত্তি হয় না; বিধিভক্তি অপেক্ষা রুচিভক্তি শ্রেষ্ঠা।

তৃতীয় পাদে বলিয়াছেন যে, সেই সম ও অধিকশূন্য, পরশক্তিবিশিষ্ট ষড়্‌বিকারহীন ভগবান্ দেবতা-বিশেষ। তিনি সকল দেবতার দেবতা বিষ্ণু, মুমুক্ষুদিগের উপাস্য। **কেবল তাঁহাকেই উপাসনা করিবে, কিন্তু অন্য দেবতাগণকে অবজ্ঞা করিবে না।** বিষ্ণুভক্তির বিরোধী (১) সর্ব্বদেবতৈক্যবাদী, (২) ত্রিদেবৈক্যবাদী, (৩) হরিহরৈক্যবাদী প্রভৃতি তিন প্রকার। ইহারা খণ্ড খণ্ড শাস্ত্রবাক্য লইয়া বিষ্ণুতে অনন্যভক্তির ব্যাঘাত উৎপাদন করিয়া বঞ্চনা করেন ও বঞ্চিত হন। সেই সব শাস্ত্রবাক্য অন্যান্য শাস্ত্র-বাক্যের সহিত একত্রে বিচার করিলে শ্রীবিষ্ণুই একমাত্র পরদেবতা ও জীবোপাস্য বলিয়া স্পষ্ট প্রতীত হন। অন্যান্য দেবগণ শ্রীবিষ্ণুর পরিচারকরূপে কার্য্য করেন। বিষ্ণুই তাঁহাদের নিয়ন্তা। অতএব ত্রিমূর্ত্তির মধ্যে স্বেচ্ছাপূর্ব্বক অবতীর্ণ পুরুষই বিষ্ণু, আর দুইজনই তাঁহার বিভিন্নাংশ তত্ত্ব, স্বাংশ নন। তাঁহার জন্ম-কর্ম্মাদি অপ্রাকৃত, কৃপা-প্রকাশ মাত্র। স্বীয় বিভিন্নাংশদিগের সহিত তাঁহার লীলাও নিত্য।

চতুর্থপাদে কৈবল্যাদ্বৈক্যবাদীকে নিরস্ত করিয়াছেন। কৈবল্যাদ্বৈক্য-বাদীর মতে শ্রুতিসকল দুইভাগে বিভাজ্য,—সগুণ ও নির্গুণ। নির্গুণ শ্রুতি-গণই লক্ষণাদ্বারা ব্রহ্ম-প্রতিপাদক। সগুণ শ্রুতিগণ ব্রহ্মের ব্যবহারিক ভাবকে ব্যক্ত করিয়া নির্গুণ শ্রুতিসিদ্ধ শুদ্ধ চিন্মাত্র আত্মাকে প্রতিষ্ঠা করিবার জন্য অনুবাদরূপে বর্ত্তমান। এ প্রকার শ্রুতি-বিভাগ নিতান্ত অন্যায়। ঋষিগণ শ্রুতিসকলকে কর্ম্মকাণ্ডীয় ও জ্ঞানকাণ্ডীয়-রূপ যে বিভাগ করিয়াছেন, তাহা অনিন্দনীয়। কেন না, বস্তুতঃ জ্ঞানকাণ্ডীয় শ্রুতিগণ ব্রহ্মকে সাক্ষাৎ নির্দ্দেশ করেন এবং কর্ম্মকাণ্ডীয় শ্রুতিগণ জ্ঞানাঙ্গরূপে পরম্পরাক্রমে ব্রহ্মকে নির্দ্দেশ করেন। এস্থলে জ্ঞানকাণ্ডীয় শ্রুতিসকলকে পারমার্থিক ও ব্যবহারিক ভেদদ্বারা বিভাগ করা অর্ব্বাচীন-মত। বেদবাক্যে এরূপ বিভাগের ইঙ্গিত কোনস্থানে নাই। প্রত্যক্ষাদি প্রমাণের অগম্য সগুণ বেদবাক্যসকল ব্রহ্মের অলৌকিক পারমার্থিক গুণগণের প্রতিষ্ঠা করেন এবং নির্গুণ শ্রুতিসকল কেবল প্রাকৃত গুণসকল নিষেধ করিয়া থাকেন। ঔপনিষদ-পুরুষ শব্দবাচ্য। ভোগ ত্যাগ লক্ষণাদ্বারা কল্পিত ব্রহ্মের অচৈতন্যত্ব হইয়া পড়ে। 'সাক্ষী',

'কেবল', 'নির্ব্বিশেষ'—এইসকল নির্গুণ-সাধক বাক্য কি গুণ-সাধক নয়? সর্ব্বজ্ঞাদির ন্যায় সাক্ষীত্যাদি বাক্যসকল সমানরূপে পারমার্থিক। নির্গুণ চিন্মাত্র-চিন্তা অলীক। বেদবাক্যসকলে শিথিল বিশ্বাসক্রমে মায়াবাদ জন্মিয়াছে। স্বরূপানুরহিত অপ্রাকৃত নাম-রূপাদি শুদ্ধসত্ত্বে আছে, ইহা সমস্ত জ্ঞানকাণ্ডীয় বেদ-বাক্যের সাক্ষাৎ অর্থ। সাকল্যে বাচ্য না হইলেও ভগবান্ বেদবাচ্য, জীবও প্রপঞ্চ হইতে পৃথক্। ক্ষরাক্ষরের অতীত পুরুষোত্তমকে জানিয়া জীব কৃতার্থ হন।

পঞ্চম পাদে দেখাইলেন যে, 'অদ্বৈত' কখনই সিদ্ধ হয় না। অদ্বৈতকে ব্রহ্মাতিরিক্ত বলিলে 'অদ্বৈত' থাকে না। ব্রহ্মাত্মক বলিলে সিদ্ধ-সাধনতা দোষ হয়; তাহা নিষ্ফল। আত্ম-স্বরূপসিদ্ধ বস্তুর যখন আবরণ সম্ভব হয় না, তখন অদ্বৈতকে অজ্ঞান কিরূপে আবরণ করিতে পারে? অনধিগত অর্থ-সাধনে শাস্ত্রের অপ্রামাণ্য হইয়া পড়ে। যদি বল,—ব্রহ্মাতিরিক্ত অজ্ঞান আছে, তবে দ্বৈত হইয়া পড়ে। যদি বল,—অজ্ঞান নাই, তবে সিদ্ধ আত্মার মোক্ষরূপ প্রয়োজনের অভাব হয়। অজ্ঞান সৎ নয় এবং অসৎও নয়; তবে কি অনির্ব্বচনীয়? দেখ, ক্রমশঃ কল্পনা বাড়িতে চলিল। একটী মিথ্যা মত করিতে গেলে কল্পনার উপর কল্পনা আসিয়া পড়ে। **অদ্বৈত ব্যাপারটাই আকাশ-কুসুমের ন্যায় মিথ্যা।** অদ্বৈতমত বিচার করিলে বিষয়, প্রয়োজন ও অধিকারীর অভাব হয়। তখন সে-মতের শাস্ত্রের সহিত কোনও সম্বন্ধ নাই। সৎবস্তুর সহিতই শাস্ত্রের সম্বন্ধ।

ষষ্ঠপাদে অদ্বৈতবাদীর সমস্ত বিতর্ক নিরাস করিয়াছেন। বেদমতে অদ্বিতীয় ব্রহ্ম জ্ঞাতৃ-জ্ঞেয়-জ্ঞানাদি-বিশেষের দ্বারা ভেদরূপে প্রতীত হয়। সে প্রতীতি পারমার্থিক, মিথ্যা নয়। অভেদ পরমার্থ নয়। ব্রহ্মভাব ফল নয়, ব্রহ্মসুখানুভবই ফল। শাস্ত্রে ব্রহ্মভেদ নাই। আত্মা মূঢ় চিন্মাত্রময়, কিন্তু কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-ধর্ম্মযুক্ত সবিশেষ বস্তু। আত্মাতে যে অস্মদর্থ ও যুস্মদর্থ, তাহা মায়া-কল্পিত নয়; পারমার্থিক তদ্বিশেষ। 'সত্য', 'জ্ঞান', 'অনন্ত'—এ সমস্তই ব্রহ্মের গুণ। "দ্বা সুপর্ণা সযুযা" ইত্যাদি শ্রুতি পারমার্থিক ভেদকে প্রকাশ করেন। জীব জড়াত্মক প্রপঞ্চ অধ্যাসিত নয়, কিন্তু ব্রহ্ম-সম্বন্ধ পারমার্থিক ভিন্ন ভিন্ন বস্তু। পরস্পর স্বরূপ-ভেদ পারমার্থিক। **শ্রুতিতে ব্রহ্মের যে রূপ বর্ণিত আছে, তাহা কাল্পনিক নয়।** অদ্বৈতবাদীর সাধন-কাণ্ড নিরর্থক। **উপক্রম, উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতাফল, অর্থবাদ ও উৎপত্তি—এই ছয় লক্ষণ দ্বারা বিচার**

করিলে সমস্ত বেদবাক্যে পারমার্থিক ভেদ দৃষ্ট হইবে এবং ব্রহ্মের সবিশেষত্ব সিদ্ধান্তিত হইবে। ব্রহ্মাত্মক বৃত্তিকত্বপ্রযুক্ত এই জগৎ ব্রহ্মাত্মক। ব্রহ্ম-নিষ্ঠত্ব ও ব্রহ্ম-ব্যাপকত্ব-নিবন্ধনও ব্রহ্মাত্মকতা সিদ্ধ হয়। সংসার-দশায় অজ্ঞতা প্রযুক্ত জগৎকে ব্রহ্ম হইতে স্বতন্ত্র বলিয়া ভ্রম হয়। শাস্ত্রের একদেশ অবলম্বনপূর্ব্বক সিদ্ধান্ত করিলে ভ্রম হয়। সর্ব্বদেশসম্মত সিদ্ধান্তে ভ্রম হয় না। ব্রহ্ম-শক্তিময় প্রপঞ্চ কখনই মিথ্যা বলিয়া শাস্ত্রে প্রতিপাদিত হয় নাই। জন্মাদি অনিত্য ব্যাপ্য বলিয়া জগৎকে অনিত্য বলা যায়। জগতের ত্রিকাল-মিথ্যাত্ব না থাকায় জগৎ সত্য, কিন্তু ঈশ্বর পরতন্ত্র। ব্রহ্মের সৃষ্ট্যাদি-ভাবশক্তি আছে—একথা শ্রুতি-স্মৃতিসিদ্ধ। সমস্ত ঐশ্বর্য্য, বীর্য্য, যশ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য-বিশিষ্ট ভগবানই পরব্রহ্ম; অখিল ভূত তাঁহাতে এবং তিনি অখিল ভূতে বর্ত্তমান। তাঁহাতে হেয়গুণ বর্ত্তমান নাই। বিষ্ণুর ভগবত্তা বস্তুসিদ্ধ, অন্যের মাহাত্ম্যপর। **তিনি ইচ্ছাময় ও লীলা-ময়; তিনি নিত্যমুক্ত জীবেরও পরতত্ত্ব। নির্গুণতা তাঁহার একদেশিক ধর্ম্ম বা আবির্ভাব।** কেবল ব্রহ্মাত্মক বুদ্ধি হইতে অজ্ঞান নিবৃত্তি হয় না, কিন্তু ব্রহ্ম-প্রপত্তিতে তাহা সিদ্ধ হয়। কেবল প্রাকৃত রূপগত ইয়ত্তার প্রতিষেধ বেদে আছে। **রূপমাত্রের প্রতিষেধ নাই, বরং অচিন্ত্য, অপ্রাকৃত রূপের উল্লেখ আছে।** "যতো বা ইমানি ভূতানি" এইপ্রকার বেদবাক্যে প্রপঞ্চের মিথ্যাত্ব নিরাকৃত হইয়াছে। **বৌদ্ধমতে প্রপঞ্চ মিথ্যা, সুতরাং মায়াবাদ প্রচ্ছন্ন-বৌদ্ধমত,—ইহা স্মৃতি স্বীকার করেন।** বৌদ্ধের 'ক্ষণিক'বাদও মায়াবাদে দৃষ্টি-সৃষ্টিমতে পাওয়া যায়। **মায়াবাদ বৌদ্ধের শূন্যবাদের প্রতিচ্ছবি মাত্র। সদসৎ অনির্ব্বচনীয় ধরিয়া মায়াবাদীকে জৈন-বন্ধুও বলা যায়। সর্ব্ববেদ-তাৎপর্য্যসিদ্ধ ভেদবাদই পারমার্থিক।**

সপ্তমপাদে বলেন যে, মায়াবাদী এক, অদ্বিতীয়, সত্য, অনন্ত শক্ত্যাদি-বিশেষশূন্য এবং স্বজাতীয়াদি-ভেদত্রয়শূন্য-জ্ঞানই পরতত্ত্ব। ভাববাচ্যে সাধিত হইলে সেই জ্ঞান নির্ভেদ সম্বিৎ-অনুভূতি-জ্ঞপ্তিবাচক তত্ত্ব; কারক-বাচ্য করিলে ভেদ দোষ হয়—এ কথা নিতান্ত হাস্যাস্পদ। "জ্ঞায়তে অনেন ইতি জ্ঞানং" এরূপ সাধিলে কি শক্তি আসিয়া গলগ্রহ হয় না? শক্তি আসিলেই জ্ঞেয়, জ্ঞাতা ও জ্ঞানের বিশেষগুলি অবশ্য আসিবে। শক্তি আসিলে কিসের ভয়? শক্তির অনন্ত-জ্ঞানও অনন্ত। শক্তি আসায় জ্ঞান অন্তরাল হয় না। যদি বল, অহমর্থ স্থূলদেহের অনুগত, তাহা নয়;

জ্ঞান গুণের আশ্রত্বই জ্ঞাতৃত্ব। জ্ঞান আত্মার ঔৎপত্তিক ধর্ম্ম। **প্রকাশ-রূপ সূর্য্যের প্রকাশকত্বদ্বারা যেরূপ দ্বৈত হয় না, জ্ঞানের জ্ঞাতৃত্ব-দ্বারাও দ্বৈত হয় না। অতএব জ্ঞানাদি অনন্ত শক্তিযুক্ত ব্রহ্ম।** অনুভূতি বা কি? স্বীয় সত্তাদ্বারা স্বাশ্রয়ের প্রকাশক বা স্বীয় বিষয়-সাধকই অনুভূতি। নির্দ্ধর্ম্মা অনুভূতি সিদ্ধ হয় না। অনুভূতি সিদ্ধ হইলে শক্তিমাত্র হয়। অহং-বুদ্ধিকে অনাত্ম বলিতে পার না; অহং-বুদ্ধি শুদ্ধাত্মনিষ্ঠ। আমি জানি,— আমি সুখী, এরূপ জ্ঞান 'সুখমহমস্বপ্সম্'— এরূপ শ্রুতি-স্বীকৃত। অহঙ্কার শুদ্ধ-জ্ঞাতৃনিষ্ঠ ধর্ম্ম, তাহা অনাত্ম নয়। দেহের ন্যায় পৃথগাত্ম-বুদ্ধি যে অহংতা, তাহা মহত্তত্ত্বজাত প্রাকৃত, সুতরাং শুদ্ধজ্ঞাননিষ্ঠ অহংতা হইতে পৃথক। **শুদ্ধ অহংভাব স্বরূপানুবন্ধী। তাহা সংসৃতির কারণ নয়, বরং তাহার নিবর্ত্তক।** প্রাকৃত অহঙ্কারই যদি জীবের নিজ অহঙ্কার হইত, তবে কে মোক্ষের জন্য প্রয়াস করিত? মোক্ষে যাহার নাশ হইবে, সে কেন মোক্ষ পরামর্শ শুনিবে এবং তজ্জন্য যত্ন করিবে? সুতরাং মুমুক্ষু-অহঙ্কার শুদ্ধাহঙ্কার-নিষ্ঠ। বামদেবাদির বাক্য বিচার কর। অনুভূতির সত্তায় বিষয়-বিষয়ী ভেদ অনুস্যুত। **আত্মা অনুভবিতা, অনুভূতি তাহার ধর্ম্ম। সেই ধর্ম্ম বিষয়-প্রকাশকালে স্বপ্রকাশ এবং অন্যসময়ে জ্ঞানগম্য।**

অষ্টমপাদে স্থির করিয়াছেন যে, কর্ত্তৃত্বাদি মান জ্ঞান ও জ্ঞাতাস্বরূপ, অহম্পদার্থ আত্মা ঈশ্বর ও জীবভেদে দ্বিবিধ। ঈশ্বর বিভু, স্বশক্তিদ্বারা জগৎকর্ত্তা। স্বেচ্ছাধীন প্রকৃতিদ্বারা জগতের নিমিত্ত ও উপাদান কারণ। প্রকৃতি জীবরূপ প্রপঞ্চ হইতে তদাশ্রয়রূপ ঈশ্বর নিত্য ভিন্ন। **পরাদি শক্তিত্রয়যুক্ত ব্রহ্ম সর্ব্বদা স্বরূপানতিরিক্ত জগজ্জন্মাদির হেতু; সুতরাং জগৎ পরমার্থতঃ সত্য, শ্রীকৃষ্ণে নিত্য প্রতিষ্ঠিত।** জীব অণু ও অনেক, ঈশ্বরাধীন কর্ত্তা, মন্তা, বোদ্ধা ও জ্ঞাতা। বিন্দু বিন্দু-রূপে গুণসকল জীবে নিত্য। চৈতন্যগণ হইলেও জীব আনন্ত্য ধর্ম্মের উপযোগী, অণু-চৈতন্যত্ব-প্রযুক্ত ঈশ্বরাংশ। ব্রহ্ম-নিঃসৃত বিস্ফুলিঙ্গের উপসর্জ্জনস্বরূপ তদংশ। চিন্তামণি **যেরূপ হেমভার প্রসব করিয়া অবিকৃত থাকে, অনন্ত জীবকে উপসর্জ্জন করিয়া ব্রহ্ম সর্ব্বদা অবিকৃত থাকেন। সুতরাং জীব ব্রহ্ম হইতে নিত্য ভিন্ন। ব্রহ্মের তটস্থশক্তি-নিঃসৃত জীব শক্তিমান্ হইতে অভেদ। সুতরাং ঈশ্বরে ও জীবে অচিন্ত্য-ভেদাভেদ।** অন্যান্য মতে যেরূপ কার্য্য-কারণাদি ভেদাভেদ স্বীকৃত, সেরূপ নয়। মায়াবাদীর তটস্থ লক্ষণ তাহাতে নাই। অচিন্ত্য-ভেদাভেদের

প্রতীতি নিত্য ভেদ। অহং-বুদ্ধি বিনাশকে মায়াবাদী পুরুষার্থ বলেন। তাহাতে দুঃখহানি ও সুখাবাপ্তি সিদ্ধ হয় না ; কেবল আত্মনাশ হয়, এইমাত্র। জীবেশ্বরের ভেদমত সর্ব্বশাস্ত্রে সিদ্ধান্তিত আছে। ব্রহ্মাংশ জীব ভগবদ্-বৈমুখ্যক্রমে মায়া নিগৃহীত। সৎসঙ্গে ভগবৎ-সাম্মুখ্য হইলে বিশ্বমায়া নিবৃত্তি। সৎসঙ্গ-জনিত ভগবৎ-প্রসাদরূপ ভগবৎ সাম্মুখ্য। অবিরত অনুবৃত্তিদ্বারা ভগবানের নিত্য গুণগণের আবরক অবিদ্যা নাশ। তদনন্তর ভগবৎ স্বরূপ-আবরক অবিদ্যা দূর হইলে তৎসাক্ষাৎকার হয়। কৃপাই একমাত্র তদ্বিষয়ের মূল হেতু। **শাস্ত্রে যেগুলি অভেদপর বাক্য আছে, তাহা কেবল ব্রহ্মায়ত্তক বৃত্তি, ব্রহ্মাধীন স্থিতি, ব্রহ্মনিষ্ঠতা ও ব্রহ্ম-ব্যাপ্যতা-বোধক, বস্তুতঃ অভেদ-বোধক নয়।** কোন কোনস্থলে স্থানও নতির ঐক্যে ঐক্য-বাক্য এবং কোনস্থলে সকলই ব্রহ্মের শক্তিবিশেষ এবং শক্তি ও শক্তিমানের অভেদ-বিচারে অভেদ বাক্য প্রযুক্ত হইয়াছে এইমাত্র। তাহাতে কিছুমাত্র দোষ নাই। সেইসব কথা অবলম্বন করিয়া নিতান্ত অভেদবাদ স্থাপন করা কেবল অবিদ্যা-প্রসাদ মাত্র। কোন কোন বৈষ্ণব-সিদ্ধান্তী বলেন যে, পরতত্ত্ব পারমার্থ স্বরূপেই সর্ব্বাকার। সুতরাং শঙ্কর-সিদ্ধান্ত ও মধ্ব-সিদ্ধান্ত উভয়কে এক করিয়া মানিলে সর্ব্বশ্রুতির সম্মান হয় এবং ভক্তির হানি হয় না। তাহাতে দোষ এই যে, প্রপঞ্চ ব্রহ্ম হইলে বৈরাগ্যের কারণ থাকে না, মিথ্যা বলিলে বেদ-বিরুদ্ধ হয় ; জীবের প্রতি করুণ গুণেরও কারণ হয় না। **এস্থলে ভেদাভেদ-বাদকে দূরে রাখিয়া অচিন্ত্য-ভেদাভেদই স্বীকার্য্য।**

বিদ্যাভূষণ মহাশয় অসামান্য বৈদিক ও বৈদান্তিক পাণ্ডিত্য ও অপার ব্রহ্ম-ধীষণার পরিচয় দিয়া এই পাদগুলিতে প্রথমে ভগবত্তত্ত্ব স্থাপনপূর্ব্বক **শ্রীকৃষ্ণেরই সেই ভগবত্তা** দেখাইয়া শ্রীকৃষ্ণে **শুদ্ধ-ভক্তি দ্বারা সর্ব্বার্থসিদ্ধির** বিচার করিয়াছেন। **সেই ভগবান্ শ্রীকৃষ্ণ** পরম লৌকিকালৌকিক চমৎকার ধর্ম্ম প্রকাশপূর্ব্বক স্ব-সংস্থানে **সর্ব্বোর্দ্ধ গোলোক-ধামস্থিত হইয়াও জগতে অপ্রাকৃত লীলা বিস্তার করেন।** আবার জগৎসৃষ্টির সহিত স্বীয় বিভিন্নাংশ তত্ত্বস্বরূপ দেবগণকে আধিকারিক দাসরূপে সংস্থাপনপূর্ব্বক স্বয়ং স্বেচ্ছাক্রমে শুদ্ধসত্ত্ব স্বপ্রকাশরূপ বিষ্ণু-স্বরূপে পরদেবতা হইয়া জগৎ পালন করেন। **সর্ব্ব বেদ-বেদ্য বিষ্ণুপদই সর্ব্বোপাস্য।** অন্য দেবতাসকলকে যথাযথ সম্মানপূর্ব্বক

শ্রীবিষ্ণুর উপাসনাই সর্ব্বজীবের কর্ত্তব্য দেখাইয়া **বিষ্ণুর অনন্যভক্তির বাধক অবিদ্যাকৃত সর্ব্বদৈবতৈক্যবাদ, ত্রিদেবৈক্যবাদ, হরি-হরৈক্যবাদ** আলোচনা করিয়াছেন। পরে **শুদ্ধভক্তি-বিরোধ-ধর্ম্মরূপ কেবলাদ্বৈকবাদী, অদ্বৈতবাদী, মায়াবাদী নির্গুণ-জ্ঞানবাদীদিগের** পরস্পর সহায়চারী দুষ্টমত নিরসনপূর্ব্বক অষ্টমপাদে শুদ্ধব্রহ্মের উপাস্যত্ব, শুদ্ধজীবের উপাসকত্ব এবং মোক্ষের স্বরূপ দেখাইয়া শুদ্ধ-ভক্তিবাদ প্রচার করিয়াছেন।"

ভাষ্যকার শ্রীমাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়ী এবং তৎসম্বন্ধে চরম সিদ্ধান্ত ও সঙ্গতি

পরিশেষে বিশেষ নিবেদন এই যে, "সিদ্ধান্তরত্নম্ বা গোবিন্দ-ভাষ্যপীঠকম্"-গ্রন্থকার শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ গ্রন্থের "আনন্দতীর্থপ্লুতম্" নামক অন্তিম শ্লোকে জানাইয়াছেন,— "**শ্রীমদানন্দতীর্থ**ব্যাপ্ত, **শ্রীচৈতন্য-সূর্য্য-**কিরণোদ্ভাসিত শ্রীহরির প্রীতিরূপ অরবিন্দের মকরন্দ মধ্ব-সিদ্ধান্তাক্রান্তমনা আমার চিত্ত-ভ্রমর পান করুক।" তিনি স্বরচিত 'প্রমেয়-রত্নাবলী'-গ্রন্থেও "আনন্দতীর্থ-নামা" শ্লোকের দ্বারা হনূমদ্ভীমাবতার পূর্ণপ্রজ্ঞ শ্রীমন্মধ্বাচার্য্যের বন্দনা করিয়াছেন—"সুখময় ধামস্বরূপ **আনন্দতীর্থ মধ্বমুনি** জয়যুক্ত হউন। পণ্ডিতগণ তাঁহাকে সংসার-সাগর উত্তরণের তরণীস্বরূপ কীর্ত্তন করিয়া থাকেন।" আলোচ্য গ্রন্থের প্রারম্ভিক মঙ্গলাচরণেও তিনি "**শ্রীকৃষ্ণচৈতন্যরূপ মুরারি**কে প্রণাম ও **শ্রীরূপ-সনাতন**কে বন্দনা করিয়াছেন। প্রমেয়-রত্নাবলীতে তাঁহার প্রদর্শিত শ্রীগুরু-পরম্পরা-প্রণালীও বিশেষ প্রণিধান-যোগ্য। ইহাতে স্পষ্টই প্রমাণিত হয়, ভাষ্যকার **শ্রীল বিদ্যাভূষণপাদ শ্রীগৌড়ীয়-আম্নায়-ধারায় স্নাত এবং তিনি রূপানুগ গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য-সম্রাট্**। মদভীষ্টদেব শ্রীল গুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামিপাদও শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুকে নিম্ন-লিখিত শ্লোকে বন্দনা করিয়াছেন—

শ্রীমধ্ব-সম্প্রদায়শ্রী-শৈচতন্য কুলরক্ষকঃ।
বেদান্তাচার্য্য-শার্দ্দূলো বলদেবো মহামতিঃ॥

শ্রীমাধ্ব-সম্প্রদায়ের শ্রী-স্বরূপ শ্রীচৈতন্যদেবের কুল অর্থাৎ গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ের রক্ষক বেদান্তাচার্য্য-সিংহ মহামতি শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভু জয়যুক্ত হউন।

উপসংহার—দুঃসঙ্গবর্জ্জন ও কৃপা-প্রার্থনা

গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বিদ্যাভূষণপাদের শ্রীরূপানুগত্যে সন্দেহ পোষণ-কারিগণের সম্বন্ধে পরমারাধ্যদেব লিখিয়াছেন—"**যাঁহারা শ্রীবলদেবকে রূপানুগ বলিয়া স্বীকার করিতে কুণ্ঠিত, তাঁহারা প্রকৃতই ভ্রান্ত ও বৈষ্ণব-অপরাধী**। তাঁহারা সৎসম্প্রদায়ানুগত গুর্ব্বানুগত্য ত্যাগপূর্ব্বক শ্রীবলদেবের নাম উল্লেখ করিতেও সঙ্কোচ বোধ করিতেছেন।"

অতএব ঐরূপ অসৎসম্প্রদায়কে সর্ব্বতোভাবে দুঃসঙ্গজ্ঞানে পরিত্যাগ করিতে পারিলেই শ্রীল বলদেব প্রভুর প্রতি বাস্তব শ্রদ্ধা প্রদর্শন করা হইবে। জগদ্‌গুরু শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের "বৈষ্ণব-চরিত্র সর্ব্বদা পবিত্র, যেই নিন্দে হিংসা করি'। ভকতিবিনোদ না সম্ভাষে তারে, থাকে সদা মৌন ধরি॥"—এই দুঃসঙ্গবর্জ্জন-নীতি ও আদর্শ যাহাতে মনে-প্রাণে গ্রহণ করিতে পারি এবং ভক্তিবিনোদ-ধারায় অবস্থিত হইয়া শ্রীরূপ-রঘুনাথের বাণী প্রচার করিতে সক্ষম হই, আজ আমরা তজ্জন্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু ও শ্রীবলদেবাভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের অহৈতুকী করুণা ও শুভাশীর্ব্বাদ প্রার্থনা করি।

শ্রীগোবিন্দ-কৃষ্ণতৃতীয়া-তিথি
প্রদ্যুম্ন, ৩ গোবিন্দ, ৪৮৬ শ্রীগৌরাব্দ
মঙ্গলবার, ৮ই ফাল্গুন, ১৩৭৯ বঙ্গাব্দ
ইং ২০।২।১৯৭৩

শ্রীল ভক্তিবিনোদ-গৌর-সরস্বতী-
কেশব-কিঙ্করাভিমানী—
(ত্রিদণ্ডিভিক্ষু)
শ্রীভক্তিবেদান্ত বামন

প্রকাশকের বক্তব্য

শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-বৈষ্ণব সম্প্রদায়ের অমিত প্রভাবশালী আচার্য্য-ভাস্কর শ্রীশ্রীল ভক্তিবিনোদ-গৌরকিশোর-সরস্বতী ঠাকুরের মনোঽভীষ্টপূরক, শ্রীগৌরসুন্দরের পরম্পরায় দশমাধস্তন এবং শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি ও তদধীনস্থ সমগ্র ভারতব্যাপী শাখা গৌড়ীয়মঠসমূহের সংস্থাপক আচার্য্যকেশরী মদীয় পরমারাধ্যতম শ্রীশ্রীগুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীল ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজের অহৈতুকী অনুকম্পা ও প্রেরণায় অদ্য শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ বিরচিত **'সিদ্ধান্তরত্নম্** বা **শ্রীগোবিন্দ-ভাষ্যপীঠকম্'** গ্রন্থের স্বকৃত টীপ্পনীযুক্ত সাধারণ তত্ত্বপিপাসু শ্রদ্ধালুজনের বোধগম্য সুন্দর অনুবাদ সহিত এই অভিনব সংস্করণ পাঠক-বর্গের সম্মুখে উপস্থাপিত করিতে গিয়া আমরা আন্তরিক আনন্দ অনুভব করিতেছি।

শ্রীল বিদ্যাভূষণপাদ রচিত এই প্রখ্যাত 'সিদ্ধান্তরত্নম্ বা গোবিন্দভাষ্য-পীঠকম্' গ্রন্থখানি দার্শনিক জগতে অত্যুজ্জ্বল নক্ষত্রবিশেষ। গ্রন্থকার স্বয়ং এই গ্রন্থরত্নের একটি সুসিদ্ধান্তপূর্ণ হৃদয়স্পর্শী টিপ্পনীও রচনা করিয়াছেন এবং ইহার সম্বন্ধে তিনি স্বয়ংই এইরূপ উক্তি করিয়াছেন,—"শ্রীব্রহ্মসূত্রের শ্রীগোবিন্দভাষ্য ও ষট্সন্দর্ভাদি গৌড়ীয়-দার্শনিক গ্রন্থরাজির সারস্বরূপ এই গ্রন্থখানি পাঠ করিলে সর্ব্বদর্শন-সিদ্ধান্তের ব্যুৎপত্তি লাভ হয়।" এই গ্রন্থের মহত্ত্ব সম্বন্ধে আর অধিক কিছু উল্লেখ করিবার প্রয়োজন মনে করি না। শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির বর্ত্তমান সভাপতি পরিব্রাজকাচার্য্য মদীয় সতীর্থবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত বামন মহারাজ "সম্পাদকীয় নিবেদন"এ এই গ্রন্থ এবং গ্রন্থকারের বৈশিষ্ট্য ও পরিচয়াদি সকল গুরুত্বপূর্ণ বিষয় বিস্তৃতভাবে আলোচনা করিয়া এই সংস্করণের উপযোগিতা সংরক্ষণ করিয়াছেন, আমি পাঠকবর্গকে মূল-গ্রন্থ পাঠ করিবার পূর্ব্বে ঐ সম্পাদকীয় ভূমিকা মনোনিবেশ-পূর্ব্বক পাঠ করিতে অনুরোধ করি। ইহাতে দুরূহ দার্শনিক তত্ত্বে প্রবেশের পথ সুগম হইবে, আমার দৃঢ়বিশ্বাস।

পরমারাধ্যতম শ্রীশ্রীল গুরুপাদপদ্ম কঠোর পরিশ্রম এবং অর্থব্যয় করিয়া কলিকাতার সাহিত্য-পরিষদে এবং কাশী, ব্রজমণ্ডল, জয়পুর, বোম্বাই ও ভারতের বিভিন্ন স্থানে প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রন্থাগারে এই গ্রন্থের প্রতিলিপি অন্বেষণ করিয়াও বিফল-মনোরথ হন। অবশেষে কাশীর 'সরস্বতী ভবন' হইতে দেবনাগরী অক্ষরে প্রকাশিত একখানি গ্রন্থ কোনরূপে সংগ্রহ করিয়াছিলেন। শ্রীগৌড়ীয় বেদান্তের নির্দ্দেষ্টা শ্রীশ্রীগোবিন্দজীউর অহৈতুকী কৃপায় শ্রীল

গুরুপাদপদ্ম তাঁহার সতীর্থ এবং পরমবান্ধব প্রপূজ্যচরণ **পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীশ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজের** সাহায্যে বাংলা হরফে জীর্ণশীর্ণ এবং আদি-অন্তের কয়েকটি পৃষ্ঠারহিত একখানি গ্রন্থও পরবর্ত্তীকালে সংগ্রহ করিতে সক্ষম হইয়াছিলেন। এই সংস্করণের সম্পাদক, প্রকাশক, মুদ্রাকর ও সময়াদির কোন উল্লেখ পাওয়া যায় নাই। তিনি দেবনাগরী সংস্করণের সহিত মিলাইয়া ব্যাকরণ-সম্বন্ধি-ভ্রম-প্রমাদাদি সংশোধন-পূর্ব্বক মূলগ্রন্থে উদ্ধৃত প্রমাণাবলী বেদ-বেদান্ত-স্মৃতি পুরাণাদি আকর গ্রন্থের মূল বাক্যের সহিত সামঞ্জস্য রাখিয়া একটি শুদ্ধ সংস্করণ প্রকাশ করিবার সঙ্কল্প করিয়াছিলেন। তজ্জন্য তিনি বাংলা সংস্করণের মধ্যে অনেকস্থলে ঐ সংশোধনাদিও করিয়াছিলেন। কিন্তু ভগবদিচ্ছায় হঠাৎ তিনি নিত্যলীলায় প্রবেশ করায় তাঁহার প্রকটকালে ঐ গ্রন্থ প্রকাশ করা সম্ভবপর হয় নাই। আমাদের দৃঢ় বিশ্বাস, তাঁহার প্রকটকালে এই গ্রন্থরত্ন প্রকাশিত হইলে এই সংস্করণ সমধিক সমাদৃত হইত।

পরমারাধ্যতম শ্রীশ্রীল গুরুপাদপদ্মের অপ্রকটের পর তদীয় মনোঽভীষ্ট পূরণের উদ্দেশ্যে আমরা এই গ্রন্থ প্রকাশ করিবার যথাসাধ্য চেষ্টা করিয়াছিলাম, কিন্তু দুর্ভাগ্যক্রমে বহু অনুসন্ধান করিয়াও তাঁহার সংশোধিত ঐ বাংলা সংস্করণখানি পাওয়া যায় নাই। গতবর্ষে শ্রীল গুরুপাদপদ্মের সংস্থাপিত 'শ্রীগৌড়ীয়-গ্রন্থাগারের' পুনর্বিন্যাস-সেবাকার্য্যে নিযুক্ত থাকাকালে বিরাট গ্রন্থারাজির মধ্যে উহা হঠাৎ দৃষ্টিগোচর হওয়ায় আনন্দ ও উৎসাহের সীমা ছিল না। তদুপরি সেই সময় বিদ্বদ্বরেণ্য পরমপূজ্যপাদ শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ আকস্মিকভাবে শ্রীদেবানন্দ গৌড়ীয় মঠে উপস্থিত হন এবং এই গ্রন্থ অবিলম্বে প্রকাশনের জন্য আমাদিগকে প্রভূত উৎসাহ ও প্রেরণা দান করেন। সঙ্গে সঙ্গে তিনি ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবেদান্ত উর্দ্ধমন্থী মহারাজ (কাব্য-ব্যাকরণ-বৈষ্ণবদর্শনতীর্থ) ও শ্রীনবযোগেন্দ্র ব্রহ্মচারীর সহায়তায় ঐ গ্রন্থের নানা প্রকারের ব্যাকরণ-ভাষাগত অশুদ্ধি ও মুদ্রাকর-ভ্রম-প্রমাদাদির সংশোধন করিয়া একটি শুদ্ধ পাণ্ডুলিপি প্রস্তুত করাইয়া দেন। তজ্জন্য শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির সেবকগণ তাঁহার নিকট চিরকৃতজ্ঞ।

অপরদিকে শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির পরিচালক সমিতির অন্যতম সদস্য বেগমপুর (হুগলী) নিবাসী শ্রীপাদ নারায়ণ চন্দ্র দাসাধিকারী মহোদয় স্বেচ্ছায় গ্রন্থের কাগজের সম্পূর্ণ অর্থানুকূল্যের দ্বারা পরমারাধ্যতম শ্রীশ্রীল গুরুপাদপদ্মের এবং সকল সারস্বত বৈষ্ণবগণের মনোঽভীষ্ট পূরণে

আমাদিগকে প্রচুর সহায়তা করিয়া সকলের ধন্যবাদের পাত্র হইয়াছেন। গৌড়ীয় বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ, জগদ্‌গুরু শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ ও পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গুরুপাদপদ্ম তাঁহার এই মহৎসেবাকার্য্যের জন্য তাঁহাকে প্রচুর কৃপাশীর্ব্বাদ করিবেন।

এই গ্রন্থ মুদ্রণ এবং প্রকাশন-কার্য্যে বিবিধ প্রকারে সাহায্য এবং সহানুভূতির জন্য সমিতির সাধারণ-সম্পাদক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত ত্রিবিক্রম মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত পর্য্যটক মহারাজ, শ্রীপাদ নবযোগেন্দ্র ব্রহ্মচারী, ভক্তিবান্ধব ও শ্রীমান্ সুবলসখ ব্রহ্মচারী মহোদয়ের নাম বিশেষ উল্লেখযোগ্য। বিশেষ করিয়া এই গ্রন্থের পাণ্ডুলিপি প্রস্তুতি এবং প্রুফ সংশোধনাদি কার্য্যে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত উর্দ্ধমন্থী মহারাজের সেবা-প্রচেষ্টা বিশেষ উল্লেখযোগ্য এবং প্রসংশনীয়। তিনি অসুস্থ অবস্থাতেও বহু ক্লেশ স্বীকার করিয়া এই দায়িত্বপূর্ণ সেবাকার্য্য করিয়াছেন, তজ্জন্য হরি গুরু-বৈষ্ণবের অবশ্যই কৃপালাভ করিবেন।

আমার পূর্ণ বিশ্বাস, এতদ্দেশীয় সাধারণ তত্ত্বপিপাষু শ্রদ্ধালু জনগণ তথা বিদ্বন্মণ্ডলী অনেকেই এই গ্রন্থপাঠ করিয়া দর্শনের প্রতিপাদ্য অদ্বয়জ্ঞান পরতত্ত্ব শ্রীগৌরসুন্দরের, তদনুগত গোস্বামীবর্গের এবং বিশেষ করিয়া গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল জীবগোস্বামিপাদ ও শ্রীবলদেব বিদ্যাভূষণপাদের শ্রুতি-স্মৃতি-বেদান্তাদি নিখিল শাস্ত্রের প্রতিপাদিত দার্শনিক বিচারধারা—বৈদান্তিক বিচারধারা—"অচিন্ত্যভেদাভেদ তত্ত্ব" সহজ সরলভাবে অনুধাবন করিতে পারিবেন।

সর্ব্বশেষে আমার নিবেদন, এই গ্রন্থের মুদ্রণ-কার্য্য অত্যল্প সময়ের মধ্যে সম্পন্ন হওয়ায়, বিশেষ সাবধান থাকা সত্ত্বেও কিছু কিছু মুদ্রাকর প্রমাদ থাকা সম্ভব। শ্রদ্ধালু পাঠকবর্গ তাহা নিজগুণে সংশোধন করিয়া পাঠ করিবেন। তাঁহারা এই গ্রন্থ আলোচনা করিয়া আমাদের প্রতি প্রচুর আশীর্ব্বাদ করুন—ইহাই প্রার্থনা। অলমতিবিস্তরেণ।—

শ্রীদেবানন্দ গৌড়ীয় মঠ
নবদ্বীপ,
শ্রীগুরুপাদপদ্মের আবির্ভাব-
তিথিপূজাবাসর
৮ই ফাল্গুন, ১৩৭৯;
(ইং ২০।২।৭৩)।

পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী
শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞানকেশব গোস্বামী
মহারাজের অহৈতুকী কৃপাপ্রার্থী
তদীয় কিঙ্করাভাস—ত্রিদণ্ডিভিক্ষু
শ্রীভক্তিবেদান্ত নারায়ণ

পাদ-বিষয়-সূচীপত্রম্

পরতত্ত্ব-বন্দনা

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষু-
রাততম্। তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিংধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্ ॥১॥ (ঋগ্বেদঃ)

যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিত-তদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥২॥

বদন্তি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥৩॥

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ।
তেজো-বারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥৪॥
(শ্রীমদ্ভাগবতম্)

যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-
কোটীষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নম্।
তদ্‌ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥৫॥ (ব্রহ্মসংহিতা)

যস্য ব্রহ্মেতি সংজ্ঞাং ক্বচিদপি নিগমে যাতি চিন্মাত্রসত্তা-
প্যংশো যস্যাংশকৈঃ স্বৈর্বিভবতি বশয়ন্নেব মায়াং পুমাংশ্চ।
একং যস্যৈব রূপং বিলসতি পরমব্যোম্নি নারায়ণাখ্যং
স শ্রীকৃষ্ণো বিধত্তাং স্বয়মিহ ভগবান্ প্রেম তৎপাদভাজাম্ ॥৬॥
(তত্ত্ব-সন্দর্ভঃ)

আম্নায়ঃ প্রাহ তত্ত্বং হরিমিহ পরমং সর্ব্বশক্তিং রসাব্ধিম্
তদ্ভিন্নাংশাংশ্চ জীবান্ প্রকৃতিকবলিতান্ তদ্বিমুক্তাংশ্চ ভাবাৎ।
ভেদাভেদ-প্রকাশং সকলমপি হরেঃ সাধনং শুদ্ধভক্তিম্
সাধ্যং তৎপ্রীতিমেবেত্যুপদিশতি জনান্ গৌরচন্দ্রঃ স্বয়ং সঃ ॥৭॥
(দশমূল-নির্যাসঃ)

শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্য, "সিদ্ধান্তরত্নম্—ভাষ্যপীঠকম্"-গ্রন্থকার
ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ প্রভুবর

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সিদ্ধান্তরত্নম্

প্রথমঃ পাদঃ

— ঃ*ঃ(*)ঃ*ঃ—

বেদাস্তথা স্মৃতিগিরো যমচিন্ত্যশক্তিং
সৃষ্টিস্থিতিপ্রলয়কারণমামনন্তি।
তং শ্যামসুন্দরমবিক্রিয়মাত্মমূর্ত্তিং
সর্ব্বেশ্বরং প্রণতিমাত্রবশং ভজামঃ॥ ১॥

যস্য শ্রীমন্নামপীযূষবর্ষৈরাসীদ্বিশ্বং ধৃততাপং কিলৈতৎ।
স্বাবির্ভাবোল্লাসিতানন্দসিন্ধুর্জীয়াৎ স শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রঃ॥
সান্দ্রানন্দস্যন্দি গোবিন্দভাষ্যং জীয়াদেতৎ সিন্ধুগাম্ভীর্য্যসম্ভৃৎ।
যস্মিন্ সদ্যঃ সংশ্রুতে মানবানাং মোহচ্ছেদী জায়তে তত্ত্ববোধঃ॥
আলস্যাদপ্রবৃত্তিঃ স্যাৎ পুংসাং যদ্গ্রন্থবিস্তরে।
সিদ্ধান্তরত্নে সংক্ষিপ্তা টিপ্পনী ক্রিয়তেঽত্র তৎ॥

টীকা—অথ সোঽয়ং গোবিন্দৈকান্তী বলদেবাপরাখ্যো বিদ্যাভূষণো ব্রহ্মসূত্রেষু গোবিন্দ-ভাষ্যাভিধানং বিবরণং নির্ম্মায় তৎপরিপোষায় সিদ্ধান্তরত্নাখ্যং তৎ পীঠকং নির্ম্মাতুকামঃ শিষ্টাচারপরিপ্রাপ্তঃ সাক্ষাদ্ভগবতোঽর্চ্চয়মানস্য শ্রীশ্যাম-সুন্দরস্য ভজনরূপং মঙ্গলমাচরতি—বেদাস্তথেতি। তং সর্ব্বেশ্বরং বয়ং ভজামঃ প্রণত্যাদিকয়া ভক্ত্যানুকূলয়া স ইত্যর্থঃ। তং কিং গুণকমিত্যপেক্ষায়ামাহ—

অনুবাদ—বেদ ও স্মৃতিবাক্যসমূহ যাঁহাকে অচিন্ত্যশক্তি—দুর্ঘটঘটকত্বশক্তি ও সৃষ্টি-স্থিতি-প্রলয়ের কারণ বলিয়া সম্যগ্রূপে নির্দ্দেশ করিয়া থাকেন, সেই বিকারশূন্য বিজ্ঞানানন্দঘন-বিগ্রহ সর্ব্বেশ্বর প্রণতিমাত্রবশযোগ্য শ্যামসুন্দর শ্রীভগবানকে ভজন করি॥ ১॥

গজপতিরনুকম্পাসম্পদা যস্য সদ্যঃ
সমজনি নিরবদ্যঃ সান্দ্রমানন্দমৃচ্ছন্।
নিবসতু মম তস্মিন্ কৃষ্ণচৈতন্যরূপে
মতিরতিমধুরিম্না দীপ্যমানে মুরারৌ ॥ ২ ॥

যং বেদাস্তথা স্মৃতয়ঃ সৃষ্ট্যাদিকারণমামনন্ত্যভ্যস্যন্তি। তথা সাদৃশ্যনির্দ্দেশ ইতি শ্রীধরঃ। কথমেবং তত্রাহ—অচিন্ত্যেতি। নন্বু তথাপি মহৎকার্য্যং কুর্ব্বতস্তস্য শ্রমাদি-লক্ষণো বিকারঃ স্যাত্তত্রাহ—অবিক্রিয়মিতি। সঙ্কল্পমাত্রেণ তৎ কুর্ব্বতো ন কোঽপি তদ্গন্ধ ইতি ভাবঃ। আত্মা বিজ্ঞানানন্দলক্ষণো মূর্ত্তিরস্যেতি সুবর্ণপ্রতিমাবদন্তর্বহির্ভেদশূন্যং সান্দ্রানন্দ-বিজ্ঞানমিতি পরমপুমর্থত্বমুক্তম্। তথাভূতস্যাপ্যতসী-পুষ্পবন্নীলবর্ণত্বমাহ—শ্যামেতি। তেন সুধ্যানত্বম্। প্রণতি-মাত্রেতি সুখারাধ্যত্ব-স্নিগ্ধত্বঞ্চ। তস্মিন্নীদৃশত্বাবিভানমবিদ্যাতিমিরবিমুষ্টদৃষ্টি-নামেবেতি বোধ্যম্। ইহ খলু সকলশিষ্টৈকবাক্যতয়াভিমতকর্ম্মারম্ভসময়ে তৎসমাপ্তিকামা মঙ্গলমাচরন্তি। তত্র যদ্যপি মঙ্গলস্য কারণতা নান্বয়ব্যতিরেক-গম্যা বিনাপি মঙ্গলং প্রমত্তানুষ্ঠিতসমাপ্তেঃ। ন চ তত্র জন্মান্তরীয় কল্পনম্; অন্যোঽন্যাশ্রয়াৎ লোকাবগতকারণেনান্যথাসিদ্ধেশ্চ। নাপি মঙ্গলং সফলম্ অবিগীতশিষ্টাচারবিষয়ত্বাৎ; ফলসিদ্ধৌ প্রাগিপ্সিতফলসমাপ্তেস্তদানীম-পেক্ষিতত্বেন নিয়মেনোপস্থিতত্বাৎ, ফলান্তরস্যাতথাভাবাৎ ফলকল্পনে গৌরবাৎ, পরিশেষানুমানেন তৎকারণতাগ্রহঃ ব্যভিচারেণ কারণত্বস্যাভাবাৎ উপায়-সহস্রেণাপি গ্রহীতুমশক্যত্বাৎ। তথাপি তথাবিধশিষ্টাচারানুমিত-শ্রুতিরেব মঙ্গলস্যাভিমতহেতুত্বে মানম্ ॥ ১ ॥

টীকা—অথ স্বাভীষ্টে মহাপ্রভৌ রসিকানন্দে চ স্বধীপ্রবেশং ততোঽর্থয়তে গজপতিরিতি। অত্র গজপতিরুৎকলাধীশঃ প্রতাপরুদ্রঃ গোপালদাসখ্যাতঃ করীন্দ্রশ্চ। নিত্যনিরবদ্যস্ত্যক্তরাজ্যাভিমানঃ ত্যক্তপশুভাবশ্চ। কৃষ্ণচৈতন্যরূপে শচীসুতাত্মনি মুরারৌ কৃষ্ণে। পক্ষে পরেশতয়া কৃষ্ণচৈতন্যং নিরূপয়তি তন্নাম-পূর্ব্বকে স্বপূর্ব্বচতুর্থে চ। শ্লেষোঽত্রালঙ্কারঃ ॥ ২ ॥

অনুবাদ—যাঁহার কৃপাসম্পদ্দ্বারা সান্দ্রানন্দপ্রাপ্ত হইয়া (নিবিড় আনন্দস্বরূপ শ্রীভগবানকে লাভ করিয়া) গজপতি মহারাজ প্রতাপ-রুদ্রদেব সদ্যঃ নির্ম্মল হইয়াছিলেন, মাধুর্য্যাধিক্যে দীপ্যমান্ সেই শ্রীকৃষ্ণচৈতন্যরূপ মুরারিতে আমার মতি অবস্থান করুক ॥ ২ ॥

দেবাভ্যর্থনমন্দরেণ মথিতাদ্ভক্তীন্দিরাভূদ্ যতঃ
শ্রীমদ্ভাগবতাখ্যনির্জরতরুঃ সৎসূত্ররত্নোৎকরঃ।
দীব্যদ্গীতিসুধাংশুকামৃতরুচির্জ্ঞানঞ্চ ধন্বন্তরিঃ
স শ্রীব্যাসমহাম্বুধির্বিজয়তে প্রীত্যৈ সমন্তাৎ সতাম্ ॥ ৩॥
গোবিন্দাভিধমিন্দিরাশ্রিতপদং হস্তস্থরত্নাদিবৎ
তত্ত্বং তত্ত্ববিদুত্তমৌ ক্ষিতিতলে যৌ দর্শয়াঞ্চক্রতুঃ।
মায়াবাদমহান্ধকারপটলী সৎপুষ্পবন্তৌ সদা
তৌ শ্রীরূপসনাতনৌ বিরচিতাশ্চর্য্যৌ সুবর্য্যৌ স্তুমঃ ॥৪॥

অথ নিখিলকুমতবিমর্দ্দকং বাদরায়ণস্য ভগবতো বিজয়মাহ,—দেবেতি। বিকসিতার্থং পদ্যম্। জ্ঞানং প্রকৃতিজীবেশ্বরাণাং মিথো বিবেকেন বোধঃ। সাঙ্গরূপকমেতৎ। রত্নাধিক্যাবির্ভাবেণান্যাম্বুধেরাধিক্যাদ্ব্যতিরেকঃ। ভক্তীন্দিরাদীনামভূৎ ক্রিয়াভিসম্বন্ধাৎ তুল্যযোগিতা চাত্রালঙ্কারঃ ॥ ৩ ॥

অথ স্বসিদ্ধান্তদেশিকৌ স্তৌতি গোবিন্দেতি। তত্ত্বং পুরুষোত্তমলক্ষণম্। "তত্ত্বং বাদ্যপ্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনি"ইতি বিশ্বঃ। অত্র বতিঃ সাধুত্বার্থম্। তদ্বৎ প্রত্যক্ষীভবদিতি জ্ঞেয়ম্। এবং ক্বচিদন্যত্রাপি জ্ঞেয়ম্। মায়াবাদরূপা যা মহান্ধকারপটলী তস্যা বিনাশায় সৎপুষ্পবন্তৌ লাঞ্ছনদোষাভাবাৎ তাপহৃদয়ত্বাৎ শোভমানৌ সহোদিতৌ চন্দ্র-সূর্য্যৌ। (একয়োক্ত্যা পুষ্পবন্তৌ দিবাকরনিশাকরৌ ইত্যমরঃ)। ঈদৃশাকারত্বাৎ বিরচিতেত্যাদিলক্ষণৌ ॥ ৪ ॥

দেবতাগণের প্রার্থনারূপ মন্দর পর্ব্বত দ্বারা মথিত হইলে যাঁহা হইতে ভক্তিসদৃশী লক্ষ্মী, কল্পতরুর ন্যায় শ্রীমদ্ভাগবত, বেদান্তসূত্ররূপ রত্ন, শ্রীহরি-কীর্ত্তনরূপ চন্দ্রামৃত ও জ্ঞানরূপ ধন্বন্তরি সমুদ্ভূত হইয়াছিলেন, সেই শ্রীকৃষ্ণদ্বৈপায়নরূপ মহাসমুদ্র সজ্জনবৃন্দের প্রীত্যর্থে সর্ব্বোপরি সুষ্ঠুভাবে জয়যুক্ত হইতেছেন ॥ ৩ ॥

যে দুইজন তত্ত্ববিৎচূড়ামণি এ ক্ষিতিতলে লোকসমূহকে শ্রীলক্ষ্মী-(সর্ব্বলক্ষ্মীময়ী শ্রীমতী রাধিকা) সেবিতপদদ্বয় শ্রীগোবিন্দাখ্য-তত্ত্ব হস্তস্থিত রত্নতুল্য প্রদর্শন করাইয়াছিলেন এবং যাঁহারা মায়াবাদরূপ মহান্ধকাররাশি-বিনাশার্থ শোভমান চন্দ্র-সূর্য্যের ন্যায় একত্র সমুদিত হইয়াছিলেন, সেই চমৎকারকারী শ্রীরূপ ও শ্রীসনাতনকে স্তব করি ॥ ৪ ॥

পদ দৃষ্ট হয় না। উপাসনাপদশূন্য সগুণবাক্যে যদি উপাসনার্থ কল্পিত হয়, তবে "আত্মাকেই উপাসনা করিবে" ইত্যাদি বাক্যে যে আত্মার উপাসনা উক্ত হইয়াছে, তাহাতে আত্মত্বাদি ধর্ম্মসকল অর্থাৎ আত্মার গুণসকল উপাসনার জন্য কল্পনা করিতে হয়; যেহেতু "নির্গুণবাদীর মতে উপাসনাবিষয়ে গুণ অবশ্য স্বীকার্য্য।" গুণ স্বীকার ব্যতিরেকে উপাসনই সম্ভব হয় না। অতএব উক্ত স্থলে উপাসনার নিমিত্ত আত্মার গুণ স্বীকারে ব্রহ্মের অনাত্মত্বের আপত্তি ঘটে। যিনি উপাস্য, তিনিই কল্পিত, এইরূপও বলিতে পারা যায় না; কারণ, তাহা হইলে নির্গুণবাদীর নিজ মতের ব্যাঘাত হয়। নির্গুণবাদী বেদান্তসূত্রের তৃতীয় অধ্যায়ের তৃতীয় পাদের দ্বাদশ ও অষ্টত্রিংশৎ সূত্রে জীবব্রহ্মাভেদের উপাস্যত্বসত্ত্বেও তাত্ত্বিকত্ব স্বীকার করিতেছেন, যথা,— "ব্রহ্মের আনন্দরূপত্বাদি ধর্ম্ম উপাস্য।" "যে তুমি, সেই আমি, যে আমি, সেই তুমি, ইত্যাদি বাক্যে জীবভাবে ব্রহ্মকে এবং ব্রহ্মভাবে জীবকে বিশেষিত করিতেছেন। অতএব জীবব্রহ্মের পরস্পর অভেদ সিদ্ধ হইতেছে।" জীব ব্রহ্মাভেদের উপাস্যত্বে সত্যত্ব যদি স্বীকৃত হইল, তবে পরমেশ্বরের সার্ব্বজ্ঞ্যাদি গুণের সত্যত্ব স্বীকারে ক্ষতি কি? ॥৪॥

সগুণ ও নির্গুণ উভয়ের প্রতিপাদক বেদবাক্যদ্বয়ই সত্য হইলে ব্রহ্ম দুইটি হইয়া উঠেন, এরূপও বলা যায় না। কারণ, সগুণ ও

যত্তু সগুণবাক্যানাং ব্যবহারিকগুণবিধায়িত্বং নির্গুণবাক্যানান্তু পারমার্থিকগুণাভাববোধকত্বমিত্যাহুস্তদতীব মন্দং, ব্যবহারিকত্ব-বাচিপদাভাবাদ্‌গুণানাং মৃষাত্বেন তদ্বিধায়িনাং তেষামপ্রামাণ্যাপত্তেঃ, ষোড়শিগ্রহণাগ্রহণয়োস্তু তদাপত্ত্যা পূর্ব্বতন্ত্রবিরোধাপত্তেশ্চ, "সদেব সৌম্য" ইতি শ্রুত্যুক্তস্য মৃষাত্বেন ব্রহ্মণঃ শূন্য-ভাবাপত্তেশ্চ। "অসন্নেব স ভবতি অসদ্ব্রহ্মেতি বেদ চেৎ। অস্তি ব্রহ্মেতি চেদ্বেদ সন্তমেনং ততো বিদুঃ" ইত্যত্রাসদ্বাদিনং নিন্দিত্বা সদ্বাদী প্রস্তূয়তে তচ্চ পীড্যেত ॥৬॥

যত্বিতি স্ফুটার্থম্। গুণানামিতি। তন্মতে গুণাঃ সর্ব্বে কল্পিতত্বাৎ মৃষাভূতা এব। অতস্তদ্বাচিনাং বেদবচসামেষ বন্ধ্যাসুতো ভাতীত্যাদিবদ-প্রামাণ্যাপত্তেস্তব নাস্তিকতাপত্তিঃ স্যাদিতি ষষ্ঠে পাদেঽস্য বিস্তারঃ স্যাৎ। তদাপত্ত্যেতি ষোড়শিযোগঃ ব্যবহারিকস্তদযোগস্তু পারমার্থিক ইতি প্রসক্ত্যা পূর্ব্বমীমাংসাবিরোধপ্রসঙ্গাদিত্যর্থঃ। ন হি জৈমিনিনৈবমঙ্গীকৃতমিতি ভাবঃ। শ্রুত্যুক্তস্যেতি। শ্রুত্যুক্তস্য সত্তালক্ষণস্য ব্রহ্মণ ইত্যর্থঃ। স্ফুটমন্যৎ। গুণ-মিথ্যাত্ববাদিনি দোষদ্বয়মেতদ্দুষ্পরিহরম্ ॥৬॥

নির্গুণ উভয়বিধ বেদবাক্যদ্বারা বিকল্প ঘটে না; অর্থাৎ ব্রহ্ম কখন নির্গুণ কখন সগুণ এরূপ অর্থ হয় না, ব্রহ্ম সিদ্ধ বস্তু, তাঁহাতে বিকল্পের সম্ভাবনা নাই। অগ্নি কখনও উষ্ণ, কখনও শীতল হইতে পারে না। অনুষ্ঠানসাধ্য কর্ম্মে বিকল্প ঘটাতেই উহাদের দ্বিরূপতা হয়। বেদে কোথাও বলিয়াছেন,— সূর্য্যের অনুদয়ে হোম করিবে; আবার কোথাও বলিয়াছেন, উদয়ে হোম করিবে। উদয় ও অনুদয় এই দুইটি কালের যোগহেতু হোমও দুই প্রকার হইতেছে; অর্থাৎ এক প্রকার হোমের উদয়ে এবং অন্য প্রকার হোমের অনুদয়ে বিধান হইতেছে। ঐরূপ অতিরাত্রে ষোড়শীর অর্থাৎ যজ্ঞীয় পাত্রবিশেষের গ্রহণ এবং অগ্রহণ বলাতে অতিরাত্র দুই প্রকার হইতেছে ॥৫॥

আবার সগুণপ্রতিপাদক বেদবাক্যের ব্যবহারিক গুণবোধকত্ব এবং নির্গুণপ্রতিপাদক বেদবাক্যের পারমার্থিকগুণাভাববোধকত্ব বলাও সমীচীন হয় না। কারণ, ব্রহ্মের গুণপ্রতিপাদক বাক্যের মধ্যে 'ব্যবহারিক' এইরূপ একটি কথা দেখা যায় না, বিশেষতঃ

তস্মাৎ সগুণবাক্যানি মানান্তরাপ্রাপ্তানলৌকিকান্ বিদধুরেব। নির্গুণবাক্যানি তু প্রাকৃতাংস্তান্ নিষেধুরিতি ব্যবস্থা। (ভাঃ-১১।১৩।৪০) "মাং ভজন্তি গুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকম্। সুহৃদং প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ॥ "সত্ত্বাদয়ো ন সন্তীশে যত্র চ প্রাকৃতা গুণাঃ। স শুদ্ধঃ সর্ব্বশুদ্ধেভ্যঃ পুমানাদ্যঃ প্রসীদতু" ইতি স্মরণাৎ। "স সর্ব্বভূতপ্রকৃতির্বিকারগুণাংশ্চ দোষাংশ্চ মুনে ব্যতীত" ইতি বিকারাত্মকান্ গুণান্ নিষেধতা পুনরনন্তকল্যাণ-গুণোঽসাবিতি, স্বরূপানুবন্ধিনঃ কল্যাণগুণান্ স্বীকুর্ব্বতা শ্রীপরাশরেন স্ফুটীকৃতাসৌ ॥৭॥

উক্তমর্থং যোজয়তি তস্মাদিতি। বিদধুস্তাৎপর্য্যেণ প্রতিযযুঃ। মামিত্যেকাদশে। গুণাঃ সত্ত্বাদিগুণাঃ বিকারা ন সম্ভবন্ত্যপি তু স্বরূপানুবন্ধিন এব তে ইত্যর্থঃ। সত্ত্বাদয় ইতি শ্রীবৈষ্ণবে। প্রাকৃতা ন সন্তি ইত্যুক্তের-প্রাকৃতাঃ সন্তীত্যাগতম্। তে চ শুদ্ধত্বাদয়ো বোধ্যাঃ। উক্তব্যবস্থাং প্রকটয়তি স সর্ব্বেতি। অসৌ ব্যবস্থা ॥৭॥

নির্গুণবাদীর মতে গুণসকল কল্পিত বলিয়া মিথ্যা, অতএব "সেই মিথ্যাভূত গুণের প্রতিপাদক বেদবাক্যের বন্ধ্যাপুত্রের ন্যায় অপ্রামাণ্য হইয়া পড়ে" এবং তন্নিমিত্ত নির্গুণবাদীরও নাস্তিকতাপত্তি ঘটে। পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে ষোড়শীর যোগ ব্যবহারিক এবং উহার অযোগ পারমার্থিক এই প্রকার অর্থ হওয়াতে পূর্ব্বমীমাংসার সহিতও বিরোধ ঘটে। অধিকন্তু "সৌম্য! সৃষ্টির পূর্ব্বে সৎই ছিলেন" ইত্যাদি শ্রুতির উক্তি মিথ্যা হওয়াতে 'ব্রহ্মের' সত্তার অভাবে শূন্যভাবাপত্তি হয়। "তিনি অসৎই ছিলেন" ইত্যাদি বেদ-বাক্যের অনুসরণকারী অসদ্বাদীর নিন্দা করিয়া সদ্বাদী যে প্রস্তাব করেন, তাহাও নষ্ট হইয়া যায় ॥৬॥

কিন্তু আমাদিগের মতে সগুণ ও নির্গুণ উভয়বিধ বেদবাক্যই সত্য। সগুণবাক্য মানান্তরপ্রাপ্ত অলৌকিক অর্থাৎ অপ্রাকৃত গুণ-বিধান করেন এবং নির্গুণবাক্য প্রাকৃত গুণসকলের নিষেধ করিয়া থাকেন, ইহাই ব্যবস্থা। শ্রীমদ্ভাগবতের একাদশস্কন্ধে বলিয়াছেন— "নির্গুণ অর্থাৎ প্রাকৃতগুণরহিত আমাকে অপ্রাকৃত গুণসকল

নির্গুণবাক্যেঽপি সাক্ষিত্বাদয়ো ধর্ম্মা নির্দ্দিষ্টাঃ। ইতরথা সাক্ষ্যাদিশব্দাস্তস্মিন্ন প্রবর্ত্তেরন্, সমন্বয়াধ্যায়শ্চ পীড্যেত। তত্র খলু গুণানাং প্রবৃত্তিনিমিত্তত্বং স্বীচকার ভগবান্ সূত্রকারঃ, "অন্তস্তদ্ধর্ম্মোপদেশাৎ," "অন্তর্যাম্যধিদৈবাদিষু তদ্ধর্ম্মব্যপদেশাৎ," "অদৃশ্যত্বাদিগুণকো ধর্ম্মোক্তেঃ," "সর্ব্বধর্ম্মোপপত্তেশ্চ"ইতি ॥৮॥

ননু নৈর্গুণ্যবোধকানামপি বচসাং জাগরূকত্বাৎ ব্রহ্মণো দ্বৈরূপ্যং দুষ্পরিহরমিতি চেত্তত্রাহ নির্গুণেতি। ইতরথা ধর্ম্মাভাবে। নিমিত্তমন্তরা ধর্ম্মং বিনা। তস্মিন্ ব্রহ্মণি, অন্তরিত্যস্যার্থঃ। যত্র যোঽন্তরিত্যাদি ছান্দোগ্যবাক্যে আদিত্যান্তঃস্থঃ হরিরেব বোধ্যঃ। কুতঃ হিরণ্ময়ত্বপুণ্ডরীকাক্ষত্বাপহতপাপ্মত্বাদিধর্ম্মোক্তেরিতি। অন্তর্যামীত্যস্যার্থঃ। যঃ পৃথিব্যাং তিষ্ঠন্নিত্যাদিবৃহদারণ্যকবাক্যেঽধিদৈবাদিপদোপেতেষু বাক্যেষু শ্রুতোঽন্তর্যামী হরির্বোধ্যঃ। কুতঃ পৃথিব্যাদিসর্ব্ববিকারনিয়মনামৃতত্বাদিতদ্ধর্ম্মোক্তেরিতি। অদৃশ্যেত্যস্যার্থঃ। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে। যত্তদদৃশ্যমগ্রাহ্যং দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষ ইতি মুণ্ডকবাক্যে অদৃশ্যত্বাদিধর্ম্মা হরির্বোধ্যঃ। কুতঃ যঃ সর্ব্বজ্ঞ ইত্যাদি তদ্ধর্ম্মকথনাদিতি ॥৮॥

আশ্রয় করে।" অন্যথা গুণহীনে গুণভজন অসম্ভব হয়। বিষ্ণুপুরাণে পরাশর ঋষিও স্পষ্ট করিয়াই বলিয়াছেন যে, প্রকৃতিবিকারভূত গুণসকল পরমেশ্বরে নাই, কিন্তু তাঁহাতে স্বরূপানুবন্ধী অনন্ত কল্যাণগুণ আছে ॥৭॥-

নির্গুণবাক্যে পরমেশ্বরে সাক্ষিত্ব প্রভৃতি ধর্ম্মসকল নির্দ্দিষ্ট হইয়াছে। ব্রহ্মের ধর্ম্ম স্বীকার না করিলে তাঁহাতে সাক্ষী প্রভৃতি শব্দের প্রবৃত্তি হয় না। আবার ধর্ম্ম স্বীকারে সাক্ষিত্বাদিগুণবিশিষ্ট ব্রহ্মের সগুণত্ব অনিবার্য্য হয়। এই নিমিত্ত ধর্ম্ম অস্বীকার করিলে সমন্বয়াধ্যায়ের অসঙ্গতি হইয়া উঠে। ঐ সমন্বয়াধ্যায়ে ভগবান্ সূত্রকার গুণসকলের প্রবৃত্তিনিমিত্তত্ব স্বীকার করিয়াছেন, যথা— "সূর্য্যের বা অক্ষির অন্তর্ব্বর্ত্তী পুরুষ জীব নহেন, কিন্তু পরমাত্মা; কারণ এই প্রকরণে ঐ অন্তর্ব্বর্ত্তী পুরুষের উদ্দেশেই 'অপহতপাপত্ব' অর্থাৎ কর্ম্মবশ্যতারাহিত্য প্রভৃতি ধর্ম্ম উক্ত হইয়াছে। জীব কর্ম্মবশ, সুতরাং তাঁহাতে কর্ম্মবশ্যতারাহিত্য প্রভৃতি ধর্ম্ম সম্ভব হয় না। দেবতা-

সর্ব্বশব্দাবাচ্যে লক্ষণা তু ন সম্ভবতীত্যুদিতং প্রাক্। চিন্মাত্রাদিশব্দস্য পুনর্লক্ষণয়া লক্ষ্যস্যাচৈতন্যত্বং ভাগত্যাগলক্ষণা ত্বত্র ন সম্ভবেদ্বিরুদ্ধভাগাসম্ভবাদিতি তুচ্ছমেতৎ। ইত্থঞ্চ নির্গুণ ইত্যনেন গুণনিষেধায় সাক্ষিত্বাদি ধর্ম্মানুক্তিরিতি বিফলজল্পিতমপি দূরাপাস্তম্। শ্রুতিপ্রাপ্তস্য সাক্ষিত্বাদেঃ শ্রুত্যানুবাদো ন সম্ভবতীত্যুক্তং প্রাক্। তস্মাদপ্রাকৃতানন্তগুণরত্নাকরো হরিঃ সর্ব্ববেদবাচ্যঃ ॥৯॥

নন্‌ সাক্ষিত্বাদিগুণযোগেন চিন্মাত্রং লক্ষ্যমিতি তত্রাহ সর্ব্বেতি। সোঽয়ং দেবদত্ত ইত্যত্র লক্ষ্যং পিণ্ডমাত্রশব্দেন বাচ্যং দৃষ্টং তদ্বৎ তবাপি সাক্ষ্যাদিশব্দলক্ষ্যচিন্মাত্রশব্দেন বাচ্যত্বমেব স্যাৎ। ত্বয়া খলু শব্দাবাচ্যং শুদ্ধং স্বীক্রিয়তে কথমধুনা তাদৃশে লক্ষণামাশ্রয়সীতি ভাবঃ। নন্‌ চিন্মাত্রশব্দস্য চেৎ

দিগেরও যে লোকেশ্বরত্বাদি দৃষ্ট হয়, তাহাও তাঁহাদিগের স্বাভাবিক নহে, কিন্তু ঈশ্বরোপাসনালব্ধ। তাঁহাদিগের ফলদাতৃত্বও স্বাধীন নহে, পরন্তু ঈশ্বরাধীন। তাঁহারা উপাস্য বলিয়াও শ্রেষ্ঠ হইতে পারেন না; কারণ তাঁহাদিগের উপাস্যতাও ঈশ্বরের স্বরূপে নহে। দেহসম্বন্ধ প্রতীতিবশতঃ ও ঐ অন্তর্ব্বর্ত্তী পুরুষকে জীব বলা যায় না; কারণ, "আমি এই মহান্ পরমাত্মাকে আদিত্যের ন্যায় জ্যোতির্ম্ময় অজ্ঞানান্ধকারনাশক অপ্রাকৃত ও অলৌকিক দেহবিশিষ্ট পুরুষ বলিয়া জানি" ইত্যাদি পুরুষসূক্ত মন্ত্রাদিতে তাঁহার অপ্রাকৃত দিব্যদেহ কথিত হইয়াছে।" "সর্ব্বান্তঃস্থত্ব, তদ্‌বেদ্যত্ব, তন্নিয়ন্তৃত্ব, বিভুবিজ্ঞানানন্দত্ব ও অমৃতত্বাদি ধর্ম্মের অভিধানহেতু অধিদৈবাদিবাক্যে যে পরমাত্মা অন্তর্য্যামীরূপে উক্ত হইয়াছেন, তিনিই এই স্থলে পৃথিব্যাদির অন্তর্য্যামী বলিয়া জানিতে হইবে।" "যিনি সামান্যতঃ সর্ব্ববিষয়ক-জ্ঞানবান্, যিনি বিশেষতঃ সর্ব্ববিষয়ক জ্ঞানবান্, যাঁহার তপস্যাই জ্ঞানময়, যাঁহা হইতে প্রধানেরও উৎপত্তি" ইত্যাদি শ্রুতিতে চেতনধর্ম্মের উক্তিহেতু অদৃশ্যত্বাদিধর্ম্মা পরমাত্মাই পরাবিদ্যার বিষয়।" "বিশেষতঃ অচিন্ত্যানন্তগুণস্বরূপ পরমেশ্বরে বিরুদ্ধ ও অবিরুদ্ধ সকল ধর্ম্মই উপপন্ন হয়" ॥৮॥

সকল শব্দের অবাচ্য ব্রহ্মে **লক্ষণাও** সম্ভব হয় না, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। **লক্ষণা** দ্বারা চিন্মাত্র প্রভৃতি শব্দের লক্ষ্যবস্তুর

"নিগু‍র্ণচিন্মাত্রং ত্বলীকমেব," "ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে," "মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়" (গীঃ ৭।৭) ইত্যাদি শ্রুতিস্মৃতিভ্যঃ। গুণবানেবানুরাগবিষয়ো ন ত্বগুণস্তৌচ্ছ্যাৎ। মোক্ষশ্চ সগুণজ্ঞানাদেব— "যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্। তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" (মুঃ ৩।১।৩)॥ "ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বভূতমহেশ্বরম্। সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি" (গীঃ ৫।২৯) ইত্যাদি শ্রুতিস্মৃতিভ্যঃ ॥১০॥

পিণ্ডমাত্রশব্দবদ্ব্যক্তিং ব্রূষে তর্হি তস্যাপি বা লক্ষণা কার্য্যেতি চেত্তত্রাহ চিন্মাত্রাদীতি। চিন্মাত্রে সা লক্ষণৈব ন সম্ভবতি ইত্যাহ ভাগেতি। নির্দ্দিষ্টং দর্শয়তি শ্রুতীতি। একেনোক্তস্যার্থস্য ততোঽন্যেন কীর্ত্তনমনুবাদঃ। তস্মাদিতি। গুণবান্ হরির্ব্বেদবাচ্য ইত্যর্থঃ ॥৯॥

অথ শব্দশক্তেরচিন্ত্যত্বাদেব প্রবৃত্তিনিমিত্তানি লক্ষণাঞ্চ বিনা সাক্ষ্যাদিশব্দাশ্চিন্মাত্রং প্রকাশয়েয়ুরিতি চেত্তত্রাহ নিগু‍র্ণেতি। অলীকং মৃষা ন তদিত্যাদিবাক্যৈঃ সগুণাদন্যস্য চিন্মাত্রস্যোৎকৃষ্টস্য প্রতিষেধাৎ। ত্বয়া কুসৃষ্ট্যাং সগোষ্ঠ্যাং সাধিতোঽপি নিগু‍র্ণো ন তে পুরুষার্থ ইত্যাহ গুণবানিতি। দুঃখহরঃ সুখার্পকশ্চানুরাগযোগ্যঃ ন তু তদ্বিলক্ষণঃ। ততোঽপার্থস্তে শ্রম ইতি ভাবঃ। সগুণস্য পুরুষার্থত্বং দর্শয়তি মোক্ষশ্চেতি। যদেতি মুণ্ডকে। ভোক্তারমিতি শ্রীগীতাসু ॥১০॥

অচৈতনত্বই ঘটিবে। তজ্জন্য ভাগলক্ষণা স্বীকারও অসম্ভব হয়; যেহেতু বিরুদ্ধ ভাগই সম্ভব হয় না। অতএব সাক্ষিত্বাদি গুণত্যাগ করিয়া কেবল চিন্মাত্র শুদ্ধ ব্রহ্মই ঐ সকল শব্দের লক্ষ্য, এরূপ বলা যায় না। কারণ, কেবল শুদ্ধ যে ব্রহ্ম, তাঁহাতে শব্দের শক্তি-লক্ষণা যাইতে পারে না। এই রূপে নিগু‍র্ণ শব্দদ্বারা গুণনিষেধের জন্য সাক্ষিত্ব প্রভৃতি ধর্ম্মের অনুক্তি, এই বিফল জল্পনা নিরস্ত হইতেছে। শ্রুতিপ্রাপ্ত সাক্ষিত্ব প্রভৃতি ধর্ম্মের আবার শ্রুতি দ্বারা অনুবাদ সম্ভব হয় না, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। অতএব অপ্রাকৃত-অনন্ত-গুণরত্নাকর হরি সর্ব্ববেদবাচ্য, ইহাই স্থির ॥৯॥

নিগু‍র্ণ চিন্মাত্র ব্রহ্ম মিথ্যা। "তাঁহার সমান বা তাঁহা হইতে অধিক দৃষ্ট হয় না।" "ধনঞ্জয়, আমা হইতে পরতর আর কেহই

ননু বিষ্ণোরেব তদ্‌বাচ্যত্বে তু— "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ," "যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে, তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে," "যৎ শ্রোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতং, তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে" ইত্যাদিশ্রুতেঃ, "যতোঽপ্রাপ্য নিবর্ত্তন্তে বাচশ্চ মনসা সহ। অহং চান্যে ইমে দেবাস্তস্মৈ ভগবতে নমঃ"॥ ইত্যাদিস্মৃতেশ্চ কা গতিরিতি চেন্ন। সাকল্যাবাচ্যতয়া তদ্‌গতের্দর্শয়িষ্যমাণত্বাৎ। সর্ব্বজ্ঞাদয়ঃ শব্দাঃ সার্ব্বজ্ঞ্যাদিনা নিমিত্তেন ভগবতি প্রবর্ত্তন্তে নির্গুণাদয়স্তু নৈর্গুণ্যাদিনেতি কৃৎস্নস্য বেদস্য ভগবৎপরত্বম্। ইত্থঞ্চ "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি" ইত্যাদি শ্রুতিস্মৃত্য-বিরোধঃ ॥১১॥

বিষ্ণোঃ সর্ব্ববেদবাচ্যত্বমাক্ষিপতি নন্বিতি। যত ইতি তৈত্তিরীয়কে যতো ব্রহ্মণো বাঙ্‌মনশ্চ নিবর্ত্তত ইত্যর্থঃ। যদিতি কেনোপনিষদি। যদ্‌ব্রহ্ম বাচাভ্যুদিতং প্রোক্তং নেত্যর্থঃ। অভ্যুদ্যতে প্রকাশ্যতে। নেদমিতি। ইদং মনঃ প্রভৃতি ব্রহ্ম নেত্যর্থঃ। যদিতি। ন শৃণোতি ন শ্রূয়তে। যত ইতি তৃতীয়ে মৈত্রেয়বচনম্। কা গতিরিতি। এষু বাচ্যত্বপ্রতিষেধাৎ লক্ষ্যতা তু ভবেদিতিভাবঃ। ততশ্চ সর্ব্ববেদবাচ্যত্বক্ষতিরিতি। স্ফুটার্থমন্যৎ ॥১১॥

নাই।" এই সকল শ্রুতি ও স্মৃতিই তদ্বিষয়ে প্রমাণ। বিশেষতঃ গুণবানই অনুরাগের বিষয় হন, নির্গুণবস্তু তাহা হইতে পারে না; যেহেতু উহা অতি তুচ্ছ। সগুণ ব্রহ্মের জ্ঞান হইতেই মোক্ষরূপ পুরুষার্থ হয়। "দ্রষ্টা জীব যখন রুক্মবর্ণ অর্থাৎ জ্যোতির্ম্ময় জগৎ-কর্ত্তা ব্রহ্মযোনি পরমপুরুষকে দর্শন করেন, তখন তিনি তত্ত্বজ্ঞ হইয়া বন্ধনের মূলীভূত পুণ্যপাপকর্ম্ম সমূলে পরিত্যাগ করতঃ নিরঞ্জন অবস্থায় পরমেশ্বরের সাম্য লাভ করিয়া থাকেন।" "যজ্ঞ ও তপস্যার ভোক্তা এবং সর্ব্বভূতের মহেশ্বর ও সুহৃৎ আমাকে জানিয়া জীব মোক্ষলাভ করে।" এই সকল শ্রুতি ও স্মৃতিতে পূর্ব্বোক্ত মতেরই পোষকতা দৃষ্ট হয় ॥১০॥

যদি বল, বিষ্ণুর সর্ব্ববেদবাচ্যত্ব বলিলে "যাঁহাকে না পাইয়া বাক্য মনের সহিত নিবৃত্ত হয়।" "যাঁহাকে বাক্য দ্বারা প্রকাশ করা

তদিদং শুদ্ধস্য পূর্ণস্য বিষ্ণোর্বেদাবাচ্যত্বং ভগবতা সূত্রকারেণোক্তম্ "ঈক্ষতের্নাশব্দম্" ইত্যস্মিন্নধিকরণে, বেদেষু বাচ্যত্বদর্শনাদশব্দং ব্রহ্ম ন ভবতি কিন্তু শব্দবাচ্যমেব ভবতীতি ভাষিতঞ্চ। যত্ত্বশব্দমিতি প্রধানং ব্যচষ্টতন্ন, তস্যাপ্যজামেকামিত্যাদিশব্দবাচ্যত্বাৎ ॥১২॥

কিঞ্চ, জ্ঞানকাণ্ডং সাক্ষাদেব ব্রহ্ম প্রাহু— "তত্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি" ইতিশ্রুতেঃ। কর্ম্মকাণ্ডন্তু জ্ঞানাঙ্গকর্ম্মপ্রতিপাদনাৎ পরম্পরয়েতি— "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা

উক্তে হ্যর্থে ব্যাসসম্মতিমাহ তদিদমিতি। ব্যাখ্যান্তরং নিরাকরোতি যত্ত্বিতি ব্যচষ্ট কেবলাদ্বৈতী। তস্যাপি প্রধানস্যাপীত্যর্থঃ। অজামেকামিত্যাদিমন্ত্রে অজাশব্দেন প্রধানমুচ্যতে ॥১২॥

যায় না, যিনি বাক্যকে প্রকাশ করেন; তিনিই ব্রহ্ম।" "যাঁহাকে শ্রোত্র দ্বারা শ্রবণ করা যায় না, যিনি শ্রোত্রের শ্রবণসামর্থ্য প্রকাশ করেন" ইত্যাদি শ্রুতি এবং "যাঁহাকে না পাইয়া বাক্য মনের সহিত নিবৃত্ত হয়, অন্য দেবতাসকল ও আমি যাঁহাকে জানিতে পারি নাই" ইত্যাদি স্মৃতির কি গতি হইবে? তাহার উত্তর এই; বিষ্ণুর গুণ অনন্ত; যাহা অনন্ত, তাহা সাকল্যে জানা যায় না; তাঁহাকে অবাচ্য বলা যাইতে পারে। সর্ব্বজ্ঞ প্রভৃতি শব্দ সার্ব্বজ্ঞ্যাদি নিমিত্ত দ্বারা এবং নির্গুণত্বাদি নিমিত্তদ্বারা শ্রীভগবানে প্রবৃত্ত হইয়া থাকে। অতএব অপ্রাকৃত সর্ব্বগুণযুক্তত্ব এবং প্রাকৃত সর্ব্বগুণরাহিত্য প্রতিপাদন দ্বারা সমস্ত বেদই শ্রীভগবানকে নির্দ্দেশ করিতেছেন, এই প্রকার অর্থ করিলে, আর কোন দোষই ঘটিতেছে না। এই প্রকারে "সকল বেদ যে ভগবান্‌কে প্রতিপাদন করেন" ইত্যাদি শ্রুতিরও অবিরোধ হইল ॥১১॥

শুদ্ধ পরিপূর্ণ বিষ্ণুর বেদবাচ্যত্ব ভগবান্ সূত্রকারও বলিয়াছেন —"বেদবাচ্যত্ব দর্শনহেতু ব্রহ্ম অশব্দ, অর্থাৎ বেদের অপ্রতিপাদ্য নহেন, কিন্তু বেদবাচ্যই হন। অশব্দ পদে প্রকৃতিকে বুঝাইতে পারে না; যেহেতু "অজামেকাং" প্রভৃতি শ্রুতিতে প্রকৃতির বেদবাচ্যত্বই উক্ত হইয়া থাকে" ॥১২॥

বিবিদিষন্তি, যজ্ঞেন দানেন তপসা নাশকেন" ইতিশ্রুতেঃ, "যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্। স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দন্তি মানবঃ" (গীঃ ১৮।৪৬) ইতিস্মৃতেশ্চ ॥১৩॥

নন্বু বৃষ্টিপুত্রসর্গাদিফলকানি কর্ম্মাণি বিদধানোঽসৌ প্রতীয়তে? নৈবং; তথা তদ্বিধানস্য প্ররোচনাজনকত্বাৎ কারীর্য্যাদিফলস্য বৃষ্ট্যাদের্দৃষ্টত্বেন বেদে সশ্রদ্ধস্য তদভিরুচ্যা তদর্থং সম্যগ্বিচারয়তো "যো বা এতদক্ষরমবিদিত্বা গার্গ্যস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইত্যব্রহ্মজ্ঞস্য দৈন্যং "তমেতং বেদানুবচনেন"

নন্বু জ্ঞানকাণ্ডে বিষ্ণোর্বাচ্যতা শক্যা বক্তুং কর্ম্মকাণ্ডে তু ন সা শক্যতে বক্তুম্। তত্র হি সাঙ্গস্যেতিকর্ত্তব্যতাকং কর্ম্ম এব প্রতিপাদ্যতে ইতি চেত্তত্রাহ কিঞ্চ জ্ঞানেতি। তমিতি বৃহদারণ্যকে। উপনিষদা প্রতিপাদ্যতে ঔপনিষদঃ শৈষিকোঽঅন্। তমেতমিতি তমেতং পরমাত্মানম্। অত্র বেদানুবচনাদীনাং কর্ম্মণাং বিবিদিষাঙ্গত্বং বিস্ফুটম্। যত ইতি শ্রীগীতাসু। সিদ্ধিং স্বপরাত্মজ্ঞানলক্ষণাম্ ॥১৩॥

অত্র শঙ্কতে নন্বিতি। কারীর্য্যা যজেত বৃষ্টিকাম ইত্যাদিকো বেদো বৃষ্ট্যাদিফলকানি কর্ম্মাণি বিধত্তে ন তু বিষ্ণুফলকং জ্ঞানমিত্যর্থঃ। জ্ঞানকাণ্ডমপি কর্ম্মকর্ত্তৃদেবতাঙ্গপ্রতিপাদনাৎ কর্ম্মপরমেবেতি ভাবঃ। নিরস্যতে নৈবমিতি। তথেতি বৃষ্ট্যাদিফলকতয়েত্যর্থঃ। প্ররোচনা রুচিঃ। তজ্জনকতাপ্রকারমাহ কারীর্য্যাদীতি। যো বা ইতি বৃহদারণ্যকে। অক্ষরং ব্রহ্ম।

আরও জ্ঞানকাণ্ড যে সাক্ষাৎসম্বন্ধেই ব্রহ্মবস্তু প্রতিপাদন করিয়া থাকেন, "উপনিষৎপ্রতিপাদ্য পুরুষকে জিজ্ঞাসা করি" ইত্যাদি শ্রুতিই উহার প্রমাণ এবং কর্ম্মকাণ্ডসকল জ্ঞানাঙ্গভূত কর্ম্মের প্রতিপাদন দ্বারা পরম্পরা-সম্বন্ধে ব্রহ্মবস্তু প্রতিপাদন করিয়া থাকেন, "সেই পরমাত্মাকে বেদানুবচনদ্বারা বেদজ্ঞ ব্রাহ্মণসকল জানিতে ইচ্ছা করেন" ইত্যাদি শ্রুতিই উহার প্রমাণ। স্মৃতিতেও উক্ত হইয়াছে যে, "যাঁহা হইতে ভূতসকলের প্রবৃত্তি, যিনি সমস্ত জগৎ ব্যাপিয়া আছেন, তাঁহাকে নিজ-কর্ম্মদ্বারা অর্চ্চন করিয়া মানব সিদ্ধিলাভ করিয়া থাকেন" ॥১৩॥

কর্ম্মকাণ্ডসকল বৃষ্টি-পুত্রাদি-ফলক কর্ম্মসকলের বিধান করে, ব্রহ্মবস্তু প্রতিপাদন করে না, এরূপও বলিতে পারা যায় না; কারণ,

ইত্যাদিনা কর্ম্মণাং তজ্‌জ্ঞানাজনকতাঞ্চ বিজানতো নিষ্কামাণি তান্যনুতিষ্ঠতো ব্রহ্মধিষণামসৌ জনয়তীতি সিদ্ধং তস্য সর্ব্বস্য তৎপরত্বম্ ॥১৪॥

যদুক্তং "পরোক্ষবাদো বেদোঽয়ং বালানামনুশাসনম্। কর্ম্ম-মোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যগদং যথা॥ বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽর্পিতমীশ্বরে। নৈষ্কর্ম্ম্যং লভতে সিদ্ধিং রোচনার্থা ফল-শ্রুতিঃ"ইতি। কামিতত্বেব স্বর্গাদেঃ ফলত্বেন প্রতীতেরকামিতো-ঽসৌ ন ভবেৎ, কিন্তু চিত্তশুদ্ধিরেব জ্ঞানোদয়ার্থা ভবেদিতি ॥১৫॥

প্রেতি পরলোকং যাতি ম্রিয়ত ইত্যর্থঃ। তানি কর্ম্মাণি। অনুতিষ্ঠতঃ কুর্ব্বতঃ। অসৌ বেদঃ ॥১৪॥

উক্তব্যবস্থাং প্রমাণয়তি যদুক্তমিত্যাদিনা। পরোক্ষেত্যেকাদশে। বেদঃ কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে ন তু বৃষ্টিপুত্রাদ্যর্থম্। যদয়ং পরোক্ষবাদঃ আবৃতার্থবক্তা। বালানামনুশাসনং যথা ভবতি তথা। তত্র দৃষ্টান্তোঽগদং যথেতি। কটুকমৌষধং পায়য়ন্ পিতা ফলিতেন প্রলোভয়ন্ পায়য়তি দত্তে চ ন চৌষধপানস্য ফলিতলাভঃ ফলং কিন্তু আরোগ্যমেব। তথা বৃষ্ট্যাদি-ফলৈঃ প্রলোভয়ন্ বেদঃ কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে। তস্মাদ্বেদোক্তমেব কুর্ব্বাণো ন তু তন্নিষিদ্ধম্। ননু কর্ম্মাণি কর্ত্তুঃ প্রতি তৎফলং তু স্যাদেব ন তু নৈষ্কর্ম্ম্যসিদ্ধিরিতি চেত্তত্রাহ নিঃসঙ্গঃ অভিনিবেশশূন্যঃ ঈশ্বরেঽ-র্পিতং ন তু ফলোদ্দেশেন। ননু শ্রুতত্বাৎ ফলং স্যাদেবেতি চেত্তত্রাহ রোচ-নার্থেতি। ঔষধপানে ফলিতদর্শনবদিত্যর্থঃ ॥১৫॥

পুত্রাদিফলক কর্ম্মসকলের বিধান কেবল জীবের প্ররোচনার জন্য। লোকে কারীরী প্রভৃতি যজ্ঞের বৃষ্টি প্রভৃতি ফল দেখিয়া বেদে শ্রদ্ধাযুক্ত হইবেন। একবার বেদে শ্রদ্ধা জন্মিলে, পরে ঐ সকল লোকের বেদার্থের সম্যক্ বিচারে প্রবৃত্তি হইবে। তখন তাঁহারা "পরব্রহ্মকে না জানিয়া যে ব্যক্তি মৃত্যুমুখে পতিত হয়, সে অতি দুর্ভাগা" জ্ঞানকাণ্ডগত অব্রহ্মজ্ঞের এইরূপ নিন্দা শ্রবণ করিয়া "তাঁহাকে বেদানুবচনদ্বারা ব্রহ্মজ্ঞ ব্যক্তিসকল জানিতে ইচ্ছা করেন" ইত্যাদি শ্রুত্যর্থের অনুসরণে ব্রহ্মজ্ঞানজনক নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান করিবেন। এই অভিপ্রায়েই কর্ম্মকাণ্ডসকলের কর্ম্মবিধান বুঝিতে হইবে। ফলতঃ কর্ম্মকাণ্ডসকলও পরম্পরাসম্বন্ধে ব্রহ্মজ্ঞান উৎপাদন করেন, ইহাই স্থির। অতএব নিখিল বেদই ব্রহ্মপর জানিতে হইবে ॥১৪॥

এতেনেদঞ্চ নিরস্তম্। তথাহি নবীনাঃ কল্পয়ন্তি— আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানাং তস্মাদনিত্যমুচ্যতে তদ্ভূতানাং ক্রিয়ার্থেন সমাম্নায়োঽর্থস্য তন্নিমিত্তত্বাদিতি বিধিকাণ্ডে কৃৎস্নস্য ক্রিয়াপরত্বনিরূপণান্ন তস্য বিষ্ণুপরত্বম্। তত্র কর্ম্মকাণ্ডং সাক্ষাদেব ক্রিয়াং নিরূপয়তি জ্ঞানকাণ্ডন্তু তদঙ্গভূতকর্ত্তৃদেবতাপ্রকাশনদ্বারা চেতি ॥১৬॥

এতেনেতি। সর্ব্বস্য বেদস্য বিষ্ণুপরত্বনিরূপণেন ইদং বক্ষ্যমাণং সর্ব্বস্য বেদস্য ক্রিয়াপরত্বম্। নবীনাঃ প্রাভাকরাদয়ঃ। বিধিকাণ্ডে কর্ম্মমীমাংসায়াম্। ক্রিয়ামগ্নিহোত্রাদিকাম্। জ্ঞানকাণ্ডে ত্বিতি। তত্র যজ্জীবপ্রতিপাদনং তৎ কর্ম্মকর্ত্তুর্যজমানস্য যচ্চ বিষ্ণোস্তৎকর্ম্মাঙ্গায়া দেবতায়া ইতি কর্ম্মাঙ্গয়োরুভয়োঃ প্রতিপাদনমিত্যর্থঃ ॥১৬॥

এই নিমিত্তই শ্রীমদ্ভাগবতের একাদশস্কন্ধে বলিয়াছেন, "এই বেদ প্রচ্ছন্নবক্তা। পিতা যেমন ঔষধরূপ নিম্ব ভক্ষণ করাইবার জন্য বালককে লড্ডুক দান করেন, বালকও লড্ডুকের প্রলোভনে ঔষধ ভক্ষণ করিয়া থাকে, তাহাতে অভিলষিত আরোগ্য লাভ হয়। তদ্রূপ এই প্রচ্ছন্নবক্তা বেদ পুত্রাদি ফলদ্বারা লোকসকলকে প্রলোভন দেখাইয়া কর্ম্মমোক্ষের নিমিত্ত কর্ম্ম সকলের বিধান করিয়া থাকেন। বেদোক্ত কর্ম্ম করিতে করিতেই নৈষ্কর্ম্ম্যসিদ্ধি লাভ হয়। ফলশ্রুতি রোচনার্থা। কামিত স্বর্গাদি যজ্ঞাদির ফল। যিনি স্বর্গাদি ফলের কামনায় যজ্ঞাদি করেন, তাহারই স্বর্গাদি লাভ হয়। অকামিত হইলে কখনই স্বর্গাদি ফল লাভ হয় না। ফলকামনাশূন্য হইয়া কর্ম্ম করিলে কর্ম্মের নির্দ্দিষ্ট ফল না হইয়া উহা অনুষ্ঠাতার চিত্তশুদ্ধি জন্মাইয়া দেয়। চিত্তশুদ্ধি হইলেই জ্ঞানোদয় হইয়া থাকে ॥১৫॥

এতদ্দ্বারা মীমাংসকও নিরস্ত হইয়াছেন। মীমাংসক বলেন,— "বেদের কর্ম্মপরতাহেতু অক্রিয়াপর বেদবাক্যসকলের আনর্থক্য এবং তজ্জন্য অনিত্যত্ব হইতেছে বটে, কিন্তু ক্রিয়াপর বেদবাক্যের সহিত অক্রিয়াপর বেদবাক্যের একবাক্যতারূপ সম্বন্ধ আছে বলিয়া তাহাদেরও সাফল্য এবং নিত্যত্ব বুঝিতে হইবে। অতএব কর্ম্মকাণ্ডের সকলবাক্যই ক্রিয়াপররূপে নিরূপণ করা হয়, উহাদের কোনটিই বিষ্ণুপর নহে। কর্ম্মকাণ্ড সাক্ষাৎ সম্বন্ধে ক্রিয়াকে নিরূপণ

যত্তু প্রকরণভেদাৎ "তদ্‌যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়ত এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে"ইত্যাদিনা ক্রিয়াফলবিগানাচ্চ ন জ্ঞানকাণ্ডং ক্রিয়াপরং কিন্তু ব্রহ্মপরমেবেতি বদন্তি তন্ন, – ভূতার্থবিষয়ত্বে নৈরর্থক্যপ্রাপ্তেঃ। "স্বর্গকামো যজেত", তস্মাদ্ ব্রাহ্মণঃ সুরাং ন পিবেৎ" ইত্যাদীনি প্রবৃত্তিনিবৃত্তিবোধকান্যেব বাক্যান্যর্থবন্তি বীক্ষ্যতে, ন তু "সপ্তদ্বীপা বসুন্ধরা" ইত্যাদীনি ভূতবস্তুপরাণি। তস্মাৎ কৃৎস্নস্য তস্য ক্রিয়াপরত্বমিতি ॥১৭॥

তদিদং করকৃতত্যমণিপিধানবদুপহাসাস্পদং কুবুদ্ধিবিজৃম্ভিতম্। "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি" ইত্যাদি শ্রুতিস্মৃতিভ্যঃ—

সিদ্ধান্তযুক্তিং শ্লথয়তি যত্ত্বিতি। প্রকরণেতি। কর্ম্মকাণ্ডাজ্ জ্ঞানকাণ্ডস্য ভিন্নত্বাদ্ভিন্নবিষয়ত্বাচ্চেত্যর্থঃ। ননু কর্ম্মাঙ্গকর্তৃদেবতাপ্রতিপাদকত্বাজ্ জ্ঞানকাণ্ডস্য কর্ম্মকাণ্ডানুগতির্ভবিষ্যতি ইতি চেজ্ জ্ঞানকাণ্ডে কর্ম্মফলনিন্দনান্ন ভবিষ্যতীত্যাহ। তদ্‌যথেতি ছান্দোগ্যে। কর্ম্মজিতো ভূর্গাদিঃ। পুণ্যজিতঃ স্বর্গাদিঃ। ভূতার্থেতি। জ্ঞানকাণ্ডস্যানাদিজীবেশপ্রতিপাদকত্বে নিষ্ফলত্বপ্রসঙ্গাদিত্যর্থঃ॥ ক্রিয়াপরস্য গ্রন্থস্য সফলত্বং সিদ্ধবস্তুপরস্য তু নিষ্ফলত্বং দর্শয়তি সর্গেত্যাদিনা প্রকটার্থম্ ॥১৭॥

করে এবং জ্ঞানকাণ্ড উহার অঙ্গীভূত কর্ত্তা ও দেবতার প্রকাশনদ্বারা ক্রিয়াপর হইয়া থাকে। জ্ঞানকাণ্ড কর্ম্মকাণ্ডেরই অনুগত" ॥১৬॥

"প্রকরণের ভেদ ধরিয়া, "যেমন এই পৃথিবীতে কর্ম্মজন্য লোকের ক্ষয় হয়, তেমনি পরলোকেও পুণ্যজন্য লোকের ক্ষয় হইয়া থাকে" ইত্যাদি শ্রুতিপ্রমাণে কর্ম্মফলের নিন্দাশ্রবণে জ্ঞানকাণ্ডকে কর্ম্মপর নয়, কিন্তু উহা ব্রহ্মপর এরূপও বলা যায় না; কারণ, তন্মতে জ্ঞানকাণ্ড অনাদি জীবেশ্বরের প্রতিপাদক হইয়া নিষ্ফল হইতেছেন। ক্রিয়াপর গ্রন্থই সফল, সিদ্ধবস্তুপর গ্রন্থ কখনই সফল হইতে পারে না। "স্বর্গকামীই যজ্ঞ করিবেন।" "অতএব ব্রাহ্মণ সুরাপান করিবেন না।" এইরূপ বেদবাক্যসকল কর্ম্ম বিধানের হেতু প্রদর্শন করিয়াই সফল হন, দেখা যায়; কিন্তু "সপ্তদ্বীপা বসুন্ধরা" প্রভৃতি সিদ্ধবস্তুপর বাক্যসকলের সার্থকতা দৃষ্ট হয় না। অতএব সমস্ত বেদকেই ক্রিয়াপর বলিতে হইবে ॥১৭॥

ঈদৃশজৈমিন্যুক্তদর্শনাচ্চ। আম্নায়স্যেত্যেনেন কৃৎস্নস্য কর্ম্মকাণ্ডস্য ক্রিয়াপরত্বে সংশ্রিতে তদন্তর্গতানাং "সোঽরোদীৎ"ইত্যাদীনাং কেষাঞ্চিদ্বাক্যানাং তদেকবাক্যত্বায় "তদ্ভূতানাম্"ইতি—সমর্থনম্ ॥১৮॥

তথাহি— "আম্নায়স্য"ইতি পূর্ব্বপক্ষসূত্রঃ; অস্যার্থঃ- "চোদনালক্ষণো ধর্ম্মঃ" ইত্যুপক্রমাৎ, "তস্য জ্ঞানমুপদেশঃ" ইতি মধ্যে পরামর্শাৎ, "তদ্ভূতানাম্"ইত্যুপসংহারাচ্চাম্নায়ঃ ক্রিয়ার্থ ইত্যবগম্যতে। ততশ্চাম্নায়স্য বেদস্য ক্রিয়ার্থত্বাদ্যজ্ঞাদিক্রিয়াপরত্বাদতদর্থানাং পুরুষানধীনার্থত্বেন বিধৌ পর্য্যবসায়িতুমশক্যানাং "সোঽরোদীৎ" "রুদ্রস্য রুদ্রত্বং" "প্রজাপতিরাত্মনো বপ্যমুদখিদৎ" "দেবা বৈ দেবযজনমধ্যবসায় দিশো ন প্রজানন্" ইত্যেবমাদীনাঞ্চ

প্রত্যাচষ্টে তদিদমিত্যাদিনা; সর্ব্বে বেদা ইতি আদিশব্দাদ্বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইত্যাদি গ্রাহ্যম্। ঈদৃশেতি। এতদর্থকজৈমিনিবাক্যালাভাচ্চেত্যর্থঃ। ননু তদ্ভূতানামিতি জৈমিনিবাক্যং দৃশ্যতে চেত্তত্রাহ আম্নায়স্যেত্যাদি ॥১৮॥

তথাহীতি কর্ম্মকাণ্ডস্যৈব জৈমিনিমতে ক্রিয়াপরত্বং ন তু জ্ঞানকাণ্ডস্যাপীতি পূর্ব্বোক্তমর্থং দর্শয়তীত্যর্থঃ। চোদনেত্যাদীনি জৈমিনিসূত্রানি বোধ্যানি।

মীমাংসকের এই মত হস্তদ্বারা সূর্য্যাচ্ছাদনের ন্যায় উপহাসাস্পদ এবং অজ্ঞতাসূচক হইয়া তুচ্ছ হইতেছে। "সকল বেদ যাঁহাকে প্রচার করিয়া থাকেন।" এইপ্রকার বেদবাক্যসকলই পূর্ব্বোক্ত মতের অকিঞ্চিৎকরতা প্রতিপাদন করিতেছে। জৈমিনির নিজের কথাতেও জ্ঞানকাণ্ডাত্মক বেদের ব্রহ্মপরতা দেখা গিয়া থাকে। জৈমিনিকর্ত্তৃক উক্ত আম্নায়স্য (বেদের) এই কথাদ্বারা সমগ্র কর্ম্মকাণ্ডের ক্রিয়াপরত্ব স্বীকার করিলে তদন্তর্গত 'সোঽরোদীৎ' (তিনি ক্রন্দন করিলেন) ইত্যাদি বাক্যসকলেরও ক্রিয়াপর বাক্যসকলের সহিত একবাক্যতা হইতে পারে। ফলতঃ এই নিমিত্তই, 'তদ্ভূতানাং' (তাদৃশ অক্রিয়াপর বাক্যসকলের) সমর্থন হইবে ॥১৮॥

"আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানাং তস্মাদনিত্যত্বমুচ্যতে তদ্ভূতানাং ক্রিয়ার্থেন সমাম্নায়োঽর্থস্য তন্নিমিত্তত্বাৎ" এইটি জৈমিনির

বেদবাক্যানামানর্থক্যং ধর্ম্মপ্রমিতিরূপার্থপ্রতিপাদকত্ববিরহঃ তস্মাদেবং জাতীয়কং বাক্যজাতমনিত্যমুচ্যতে। অনিত্যমিব ন ত্বনিত্যমেব অপৌরুষেয়ত্বান্নিত্যত্বাভ্যুপগতিবিরোধাচ্চ। রোদনবপোৎখাতদিগজ্ঞানাদিরূপসিদ্ধার্থবোধকত্বাৎ তস্যাক্রিয়ার্থত্বম্॥১৯॥

'তদ্ভূতানাম্' ইতি সিদ্ধান্তসূত্রম্। তস্যায়মর্থঃ—তেষু পদার্থেষু রোদনাদিষু ভূতানাং বর্ত্তমানানাং পদানাং 'সোঽরোদীৎ' ইত্যাদীনাং ক্রিয়ার্থেন পদেন 'যজেত' ইত্যাদিনা সমাম্নায়ঃ সমুচ্চারণং সম্বন্ধ ইতি যাবৎ। কুতঃ? —অর্থস্য তন্নিমিত্তত্বাৎ। অর্থঃ পদার্থস্তস্য তন্নিমিত্তত্বাদ্বাক্যার্থপ্রত্যয়নিমিত্তত্বাৎ। পদানি তাবৎ স্বার্থানভিদধতি। পশ্চাত্তে পদার্থা আকাঙ্ক্ষা-যোগ্যতা-সন্নিধি বাচি-

অতদর্থানামক্রিয়ার্থানাং বাক্যানামিত্যন্বয়ঃ। নিত্যেতি। ঔৎপত্তিকস্তু শব্দস্যার্থেন সম্বন্ধ ইতি জৈমিনিনা বেদস্য তদর্থস্যোভয়োঃ সম্বন্ধস্য চ নিত্যত্বং স্বীকৃতং তস্য স্বীকারস্য বিরোধাপত্তেশ্চেত্যর্থঃ॥১৯॥

তদ্ভূতানামিত্যাদিকং প্রায়ঃ প্রকটার্থম্। ঔৎপত্তিকস্ত্বিতি জৈমিনিসূত্রখণ্ডঃ বেদশব্দস্য তদর্থেনাকৃতিরূপেণৌৎপত্তিকঃ স্বাভাবিকঃ সম্বন্ধ ইত্যর্থঃ। সর্ব্বে-

সূত্র। ইহার অর্থ এইরূপ; — চোদনাই (প্রেরণা) ধর্ম্মের লক্ষণ, এই উপক্রমহেতু, উহাদেরই, এই প্রকার উপসংহারহেতু, আম্নায়-শব্দে ক্রিয়াপর বাক্যই বোধিত হয়, অতএব আম্নায়ের (বেদের) ক্রিয়ার্থত্ব (যজ্ঞাদিক্রিয়াপরত্ব) হেতু, পুরুষার্থের অনুপযোগী বলিয়া বিধিমধ্যে নিবেশের অযোগ্য 'তিনি ক্রন্দন করিলেন' 'রুদ্রের রুদ্রত্ব' 'প্রজাপতি নিজের বপনীয় বস্তুর উৎখাত করিলেন' 'দেবতা সকল দেবযজনে গমন করিবার পথ জানিলেন না' এই প্রকার অতদর্থ (অক্রিয়াপর) বাক্য সকলের আনর্থক্য অর্থাৎ ধর্ম্ম প্রতিপাদকত্বের অভাব হয়। অতএব এই জাতীয় বাক্যসমূহের অনিত্যত্ব নির্দ্দেশ করা হইয়া থাকে। উহারা অনিত্যের সদৃশই হয়, প্রকৃতপক্ষে উহাদিগকে অনিত্য বলা যায় না; যেহেতু ঐ সকল বাক্য অপৌরুষের বলিয়া নিত্যই হয়। রোদন, বপনীয় বস্তুর উৎখাত ও দিকের অজ্ঞান প্রভৃতি সিদ্ধ অর্থের বোধকত্বপ্রযুক্ত ঐসকল বাক্যের অক্রিয়াপরত্ব বুঝিতে হইবে॥১৯॥

বাক্যার্থমববোধয়ন্তীতি। তস্মাদাকাঙ্ক্ষাদিমহিম্না 'সোঽরোদীৎ'-ইত্যাদিবাক্যানাং কথঞ্চিদ্বিধ্যেকবাক্যতা কল্প্যেতি, তে ক্রিয়ায়াং তথা তথাবিষ্টা বভূবুস্তস্মাদন্যৈরপ্যাবেশনং কার্য্যমিতি। ন চ জৈমিনিনা তেষাং বাক্যানাং স্বার্থে প্রামাণ্যং ত্যক্তম্ "ঔৎপত্তিকস্তু শব্দস্যার্থেন সম্বন্ধঃ" ইতি শব্দার্থসম্বন্ধনিত্যত্বস্বীকারবিরোধাৎ সর্ব্বেষাং প্রমাণানাং স্ববিষয়াবগতিপর্য্যবসায়িত্বাচ্চ ॥ ২০ ॥

ন চ জ্ঞানকাণ্ডস্যাপি কর্ম্মকাণ্ডৈকবাক্যতা শক্যা বক্তুং প্রকরণভেদাৎ, শ্রুতহান্যশ্রুতকল্পনপ্রসঙ্গাৎ, প্রত্যুত কর্ম্মতৎ-ফলয়োস্তুচ্ছতয়া প্রতিপাদনাচ্চ ॥ ২১ ॥

ষামিতি। প্রত্যক্ষাদীনি প্রমাণানি স্ববিষয়াণাং ঘটাদীনামবগতিষু জ্ঞানেষু পর্য্যবস্যন্ত্যন্যথা তেষাং প্রমাণত্বং হীয়েত। প্রমাজনকং খলু প্রমাণ-মুচ্যতে ॥২০॥

যত্তূক্তং জ্ঞানকাণ্ডমপি কর্ম্মাঙ্গকর্ত্রাদিপ্রতিপাদনেন কর্ম্মকাণ্ডানুগামীতি তদিদানীং নিরাকরোতি—ন চ জ্ঞানেতি। শ্রুতেতি। জ্ঞানকাণ্ডস্যাত্মপরত্বং শ্রুতং হীয়েত অশ্রুতং কর্ম্মপরত্বং কল্প্যং স্যাদিত্যর্থঃ। প্রত্যুতেতি। প্লবা হ্যেতে অদৃঢ়া যজ্ঞরূপা ইতি কর্ম্ম তদ্ যথেহেতি কর্ম্মফলং স্বর্গশ্চ জ্ঞান-কাণ্ডেন নিন্দ্যতে তস্য কথং কর্ম্মকাণ্ডানুসারিত্বমিত্যর্থঃ ॥২১॥

ঐ সকল 'রোদনাদি' পদার্থে বর্ত্তমান পদসকলের 'যজ্ঞ করিবে' ইত্যাদি ক্রিয়াপর পদসকলের সহিত সম্বন্ধ। কারণ পদসকল বাক্যার্থপ্রত্যয়ের নিমিত্তভূত। পদমাত্রই স্বার্থ ব্যক্ত করিয়া থাকে। পরে ঐ সকল অর্থ আকাঙ্ক্ষা, যোগ্যতা, আসত্তি প্রভৃতি বাক্যার্থ বোধ করাইয়া থাকে। অতএব আকাঙ্ক্ষাদির বলে 'তিনি ক্রন্দন করিলেন' প্রভৃতি বাক্যসকলের কথঞ্চিৎ বিধির সহিত একবাক্যতা কল্পনা করা যায় বলিয়া ঐসকল বাক্য ক্রিয়াতে তদ্রূপেই আবিষ্ট হইতে পারে। সুতরাং অন্য বাক্যগুলিরও তদ্রূপেই আবেশ স্বীকার করিতে হয়। বিশেষতঃ জৈমিনিও বাক্যসকলের স্বার্থে প্রামাণ্য ত্যাগ করেন নাই। অর্থের সহিত শব্দের স্বাভাবিক সম্বন্ধ আছে। স্বার্থে প্রামাণ্য ত্যাগ করিলে উহার বিরোধ হয়। আরও প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণসকল স্ববিষয়ক ঘটাদিজ্ঞানেই পর্য্যবসিত হইয়া থাকে। তদস্বীকারে তাহাদিগের প্রামাণ্যই থাকে না ॥২০॥

ন চ প্রবৃত্তিনিবৃত্তিপরতাবিরহিণো ভূতাত্মবস্তুবিষয়স্য জ্ঞানকাণ্ডস্য 'সপ্তদ্বীপা বসুন্ধরা' ইত্যাদিবাক্যবদানর্থক্যম্; তস্য ব্রহ্মাস্তিত্ব-বোধনেনৈবার্থবত্ত্বাৎ নিধিসত্তাবাচিবাক্যবৎ, যথা ত্বদ্গৃহে নিধিরস্তি' ইত্যাপ্তবাক্যাৎ পুংসো হর্ষরূপোঽর্থো ভবেত্তথা পরমানন্দরূপং মদংশি ব্রহ্মাস্তীতি তৎসত্ত্বাবগমাৎ স ইতি,নানর্থক্যপ্রাপ্তিস্ততস্তদর্থ-প্রবৃত্তিশ্চ। 'পুত্রস্তে জাতো' 'নায়ং সর্পঃ' ইতি স্বরূপপরেষ্বপি বাক্যেষু হর্ষভয়নিবৃত্তিরূপোঽর্থো দৃষ্টঃ। তস্মাদানর্থক্যবাদঃ পুমর্থানুপযোগ্যুপাখ্যানাদিভূতার্থবিষয়ো বোধ্যঃ। ইতরথা প্রতিষেধকানামপি তৎপ্রাপ্তিরক্রিয়ার্থত্বাৎ। 'ন সুরাং পিবেৎ' ইতি হি নিবৃত্তিরুপদিষ্টা; ন তু সা ক্রিয়া কিন্তু প্রসক্তক্রিয়া-নিবৃত্ত্যৌদাসীন্যমেবেতি ॥ ২২ ॥

যচ্চোক্তং প্রবৃত্তিনিবৃত্তিক্রিয়াবোধকানি বাক্যানি ফলবন্তি ন তু সিদ্ধবস্তু-বোধকানি তথেতি তন্নিরস্যতি। ন চ প্রবৃত্তীতি। ভূতাত্মেতি। পূর্ব্ব-সিদ্ধজীবব্রহ্মপ্রতিপাদকস্যেত্যর্থঃ। আনর্থক্যং ফলবত্ত্বাভাবঃ। তস্যেতি জ্ঞানকাণ্ডস্য। অর্থবত্ত্বাৎ ফলবত্ত্বাৎ। তৎসত্ত্বাবগমাদ্ব্রহ্মাস্তিত্বজ্ঞানাৎ। সঃ পরমানন্দরূপোঽর্থঃ। তদর্থপ্রবৃত্তিস্তৎপ্রাপিকা শ্রবণমননাদিঃ। লৌকিকার্থং দৃষ্টান্তয়তি পুত্রস্তে ইতি। নন্বু তর্হ্যাম্নায়স্যেতিসূত্রোক্তঃ আনর্থক্যবাদঃ ক নেয়স্তত্রাহ তস্মাদিতি। ইতরথেতি। ক্রিয়ার্থভিন্নানাং সর্ব্বেষাং বাক্যানাম্ আনর্থক্যেঽস্বীকৃতে সতীত্যর্থঃ। প্রতিষেধকানাং ন সুরামিত্যাদীনাম্ ॥২২॥

জ্ঞানকাণ্ডের সহিত কর্ম্মকাণ্ডের একবাক্যতা স্বীকার করা সঙ্গত হয় না। কারণ, জ্ঞানকাণ্ড ও কর্ম্মকাণ্ডের প্রকরণ ভিন্ন ভিন্ন। উহাদের একবাক্যতা স্বীকারে শ্রুত আত্মপরত্বের হানি ও অশ্রুত কর্ম্ম-পরত্বের কল্পনা ঘটে। প্রত্যুত জ্ঞানকাণ্ডে কর্ম্ম ও কর্ম্মফলের তুচ্ছতাই প্রতিপাদিত হইয়াছে ॥২১॥

প্রবৃত্তিনিবৃত্তিপরতাশূন্য ভূতাত্মবিষয়ক জ্ঞানকাণ্ডের 'সপ্তদ্বীপা বসুন্ধরা' ইত্যাদি বাক্যের ন্যায় আনর্থক্যও বলা যায় না। যেহেতু ব্রহ্মাস্তিত্ব বোধনদ্বারাই গৃহে নিধি সত্ত্বেও বিস্মরণ কালে 'নিধি আছে' এইরূপ বাক্যের ন্যায় উহার সার্থকতা দৃষ্ট হয়। 'তোমার গৃহে নিধি আছে' এই আপ্তবাক্য শ্রবণে পুরুষের যেরূপ হর্ষরূপ ফল দেখা যায়, তদ্রূপ পরমানন্দময় মদংশী ব্রহ্ম আছেন বলিলেও হর্ষরূপ ফল

কিঞ্চ দ্বিরূপং ব্রহ্মেতি জৈমিনেরভিমতম্ অনুষ্ঠেয়ং ক্রিয়া-রূপং প্রাপ্যং চিৎসুখরূপঞ্চেতি। "যজ্ঞো বৈ বিষ্ণুঃ"ইতি, "ব্রহ্মবিদাপ্নোতি পরং" তদেষাভ্যুক্তা "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম", "আনন্দো ব্রহ্ম"ইতি চৈবমাদিশ্রুতেঃ। তত্র পূর্ব্বানুষ্ঠানমন্তরা পরপ্রাপ্তির্ন স্যাদিতি তত্রৈব তত্তরঃ,— ব্রহ্মনিষ্ঠা তু তস্য বাদরায়ণভগবৎ-শিষ্যত্বাৎ, তেন তন্মতোপন্যাসাচ্চ। তস্মাৎ ব্রহ্মৈব বেদবাচ্য-মিতি নির্ণীতম্ ॥২৩॥

জৈমিনের্হরিভক্তত্বং প্রতিপাদয়তি কিঞ্চেতি। অনুষ্ঠেয়মিতি। ব্রহ্মণঃ ক্রিয়াপরত্বং বেদরাশিত্ববৎ বাচনিকং বোধ্যম্। তদেষেতি। তদ্ব্রহ্মাভি-মুখীকৃত্যেষা ঋক্ প্রবৃত্তেত্যর্থঃ। পূর্ব্বেতি। যজ্ঞাদিকরণং বিনেত্যর্থঃ। পরপ্রাপ্তিশ্চিৎসুখব্রহ্মলাভঃ। তত্রৈবেতি যজ্ঞাদ্যনুষ্ঠানে তত্তরো জৈমিনে-র্বাঙ্নিবেশ ইত্যর্থঃ। ব্রহ্মনিষ্ঠেতি। তস্য জৈমিনেঃ। তেন বাদরায়ণেন তস্য জৈমিনের্মতস্য স্বপুস্তকেষূপন্যাসাৎ ॥২৩॥

দৃষ্ট হইয়া থাকে। এবং তৎপ্রাপ্তির নিমিত্ত শ্রবণমননাদিতেও প্রবৃত্তি জন্মে। 'তোমার পুত্র জন্মিয়াছে' 'এটি সর্প নহে' ইত্যাদি লৌকিক বাক্যেও হর্ষপ্রবৃত্তিরূপ ও ভয়নিবৃত্তিরূপ অর্থ দেখা যায়। অতএব জ্ঞানকাণ্ডে আনর্থক্য নাই। তবে ঐ আনর্থক্যবাদ বেদমধ্যে পুরু-ষার্থের অনুপযোগী সিদ্ধ, উপাখ্যানাদি সম্বন্ধেই জানিতে হইবে। অন্যথা অক্রিয়াপর বাক্যসকলের আনর্থক্য স্বীকারে 'ব্রাহ্মণ সুরাপান করিবেন না' ইত্যাদি নিষেধপর বাক্যসকলেরও আনর্থক্য ঘটে। কারণ, নিবৃত্তি কিছু ক্রিয়া নহে; উহা প্রসক্তক্রিয়াতে নিবৃত্তিরূপ ঔদাসীন্য ॥২২॥

অধিকন্ত জৈমিনির মতে "ব্রহ্ম দ্বিরূপ", অর্থাৎ 'ক্রিয়ারূপ' ও 'তৎপ্রাপ্য চিৎসুখরূপ'। 'যজ্ঞই বিষ্ণু' 'ব্রহ্মবিৎ ব্যক্তি ব্রহ্মকেই প্রাপ্ত হইয়া থাকেন' 'ব্রহ্ম সত্য, জ্ঞান ও আনন্দস্বরূপ' ইত্যাদি শ্রুতিই তদ্বিষয়ে প্রমাণ। পূর্ব্বে অনুষ্ঠান না করিলে পরমেশ্বরকে পাওয়া যায় না। অনুষ্ঠানেই প্রাপ্তি। জৈমিনি বেদব্যাসের শিষ্য এবং ব্রহ্ম-নিষ্ঠ ছিলেন। বেদব্যাসের গ্রন্থে জৈমিনির মতই উপন্যস্ত হইয়াছে। অতএব ব্রহ্মের বেদবাচ্যত্ব স্থির হইল ॥২৩॥

ননু "সর্ব্বে বেদা যং পদমামনন্তি", "যদ্বাচানভ্যুদিতম্" ইত্যাদিষু বাচ্যত্বাবাচ্যত্বয়োঃ শ্রবণাদেবং প্রতীয়তে। মায়োপাধিরীশ্বরো বেদবাচ্যো নির্ব্বিশেষঃ শুদ্ধস্তু লক্ষ্য এব ভবেৎ। ন চ শুদ্ধে শব্দপ্রবৃত্তিনিমিত্তং নামজাত্যাদি কিঞ্চিদস্তি অনামরূপত্বস্মরণাদিতি? মৈবং; বেদবাচ্যস্যৈবেশ্বরস্য শুদ্ধত্বাৎ "সত্ত্বাদয়ো ন সন্তীশে" ইত্যাদিস্মৃতিভ্যঃ, তস্য নির্ব্বিশেষত্বং তু ন পূর্ব্বত্র স্বরূপানুবন্ধিগুণস্মরণাৎ। ন বা ডিত্থাদিবৎ কল্পিতং নামাদি। তস্য স্বরূপানুবন্ধি দিব্যন্তু তদস্তীতি ॥২৪॥

তস্মাদেবমত্র বোধ্যম্, স ভগবান্ স্বয়মেব বেদরূপঃ স্বরূপানুবন্ধিভিস্তৎসিদ্ধৈর্নামভির্গোচরীভবতীতি। "নমো বেদাদিরূপায় ওঁকারায় নমো নমঃ", তস্য বা এতস্য মহতো ভূতস্য

এবং পূর্ব্বপক্ষিষু নিরস্তেষু পুরা নিরস্তোঽপি নির্ব্বিশেষচিদৈক্যবাদী নিস্ত্রপঃ পুনঃ শঙ্কতে নন্বিতি। ন চেতি। নাম সংজ্ঞা। তস্যেতি বেদবাচ্যস্য শুদ্ধস্য। পূর্ব্বত্র গ্রন্থে। তদিতি নামাদীত্যর্থঃ ॥২৪॥

সকল বেদ যে ভগবান্‌কে প্রতিপন্ন করেন এবং যে ভগবান্‌কে বাক্যদ্বারা প্রকাশ করা যায় না' এই দুই প্রকার শ্রুতিরই সদ্ভাবহেতু ভগবান্ বেদবাচ্য ও বেদাবাচ্য দুইরূপই প্রতীতি হইতেছে। অতএব এই স্থলে এই প্রকার সঙ্গতি করিতে হইবে যে, মায়োপাধি ঈশ্বর বেদবাচ্য এবং মায়াতীত নির্বিশেষ শুদ্ধ ব্রহ্ম উহার লক্ষ্য। শুদ্ধ ব্রহ্ম শব্দের প্রবৃত্তিই হয় না, কারণ, প্রমাণ হইতে নামরূপাদির অভাবের প্রতীতি হইয়া থাকে এরূপও বলিতে পারা যায় না; যেহেতু শুদ্ধ ব্রহ্মের বেদবাচ্যত্ব উক্ত হইয়া থাকে। স্মৃতিতে বলিয়াছেন —"ঈশ্বরে প্রাকৃত সত্ত্বাদি গুণসকল দৃষ্ট হয় না। আবার পরমেশ্বর নির্ব্বিশেষ তত্ত্বই হইতে পারেন না; যেহেতু পূর্ব্বত্র তাঁহার স্বরূপানুবন্ধী গুণসকল উক্ত হইয়াছে এবং কাষ্ঠময় হস্তীর 'ডিত্থ' এইনাম ও কাষ্ঠময় মৃগের 'ডবিত্থ' এই নামের ন্যায় ব্রহ্মে নামাদি কল্পিতও নহে, কিন্তু তাঁহার স্বরূপানুবন্ধী নামাদি আছে, তাহা পরে ব্যক্ত হইবে ॥২৪॥

নিঃশ্বসিতমেতদ্‌যদৃগ্বেদঃ" ইত্যাদি শ্রবণাৎ॥ "বেদো নারায়ণঃ সাক্ষাৎ স্বয়ম্ভুরিতি শুশ্রুমঃ"ইত্যাদি স্মৃতেশ্চ। অত ঔপনিষদ ইতি পরমাত্মনঃ সমাখ্যা॥২৫॥

বেদস্য সত্যত্বং ভগবতা সূত্রকারেণাভিহিতম্— "অতএব চ নিত্যত্বম্"ইতি ন চ বর্ণমাত্রস্য তস্য সা স্তুতিরিতিবাচ্যম্। আবির্ভাবান্তরবদ্বর্ণাত্মকোঽয়ং পরস্যাবির্ভাব ইতি। তেনৈব শ্রুত্যাদিবলেন গৃহীতেন তদভেদেন তত্তৎ সম্ভবেৎ॥২৬॥

শুদ্ধস্য বেদবাচ্যত্বং বক্তুং প্রবর্ত্ততে তস্মাদেবমিতি। অত্র বেদান্তশাস্ত্রে ত্বয়াপ্যেবমেব মন্তব্যম্। কথমিতি চেত্তত্রাহ স ভগবানিত্যাদি। তৎসিদ্ধৈঃ বেদাত্মকৈঃ নামভির্গোচরীভবতীতি বাচ্যোঽস্তি। নম ইতি শ্রীরামোপনিষদি। তস্যেতি বৃহদারণ্যকে। ইহ ভগবৎপ্রাণত্বং বেদস্যোক্তম। বেদ ইতি ষষ্ঠে। অতঃ স্বাত্মকবেদবাচ্যত্বাৎ। সমাখ্যা যৌগিকঃ শব্দঃ॥২৫॥

ননু শব্দস্য বেদরাশিত্বেন তৃতীয়ক্ষণধ্বংসপ্রতিযোগিত্বাদনিত্যত্বমিতি চেত্তত্রাহ বেদস্যেতি। অতএবেতি ব্রহ্মসূত্রম্। নিত্যেন্দ্রাদ্যাকৃতিবাচিত্বাৎ কর্ত্তুরস্মরণাচ্চ। বেদস্য নিত্যত্বমিত্যর্থঃ। তস্যাবির্ভাবতিরোভাবৌ স্তঃ তাবজ্ঞৈরুৎপত্তিবিনাশৌ কথ্যেতে ইতি ভাবঃ। ন চেতি। তস্য বেদস্য। সা ভগবদাত্মকতা নিত্যতা চ। স্তুতিঃ প্রশংসেত্যর্থঃ। আবির্ভাবেতি। যথা দেবাকারস্য হরের্হংসমৎস্যাদিবিজাতীয়াকারাবির্ভাবস্তথা বর্ণরাশির্বেদোঽপি তস্যাবির্ভাব ইতি। নমো বেদাদিরূপায়েত্যাদিশ্রুত্যাদিবলেনৈব গৃহীতেন লব্ধেন তদভেদেন ভগবদৈক্যেন বর্ণরাশের্বেদস্যাপি নিত্যত্বং চিদ্রূপত্বাদি চ সম্ভবেদিত্যর্থঃ॥২৬॥

অতএব এইস্থানে এইরূপ বোধ হইতেছে যে, ভগবান্ স্বয়ং বেদরূপ এবং তিনি বেদসিদ্ধ স্বরূপানুবন্ধিনামসকল দ্বারাই গোচরীভূত হন। উপনিষদে কথিত হইয়াছে— "বেদাদিরূপ ওঁকারকে নমস্কার। সেই মহাপুরুষের নিঃশ্বাসই এই ঋগ্‌বেদাদি। স্মৃতিতেও বলিয়াছেন— "বেদস্বয়ম্ভূ ও সাক্ষাৎ নারায়ণ। অতএব স্বস্বরূপ বেদের বাচ্য বলিয়া উপনিষৎ প্রতিপাদ্য এই যোগার্থদ্বারা পরমাত্মার ঔপনিষদ একটি নাম হইয়াছে॥২৫॥

বেদ শব্দরাশি। শব্দের প্রথম ক্ষণে উৎপত্তি, দ্বিতীয় ক্ষণে স্থিতি এবং তৃতীয় ক্ষণে নাশ শ্রবণ করা যায়। অতএব বেদের অনিত্যত্ব

অতএব তদ্ভূতানাং নাম্নাং চিদ্রূপতা মোচকতা কার্ৎস্ন্যাগোচরতা চ স্বরূপবদেব নিরূপিতা দৃশ্যতে— "তমু স্তোতারঃ পূর্ব্বং যথাবিদ ঋতস্য গর্ভং জনুষা পিপর্ত্তন" "অস্য জানন্তো নামচিদ্বিবক্তন মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে" ওঁ তৎ সৎ" ইতি ঋক্ শ্রুতৌ. (পঃ পুঃ উঃ খঃ ৪৬ অঃ) "সকৃদুচ্চারিতং যেন হরিরিত্যক্ষরদ্বয়ম্। বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি"ইত্যাদৌ, "নামকর্ম্মস্বরূপাণি ন পরিচ্ছেদগোচরে। যস্যাখিলপ্রমাণানাং স বিষ্ণুর্গর্ভগস্তব"ইত্যাদৌ চ স্মৃতৌ॥২৭॥

আর্থিকং চিদ্রূপত্বাদি বাচনিকং কর্ত্তুং প্রযততে অত ইতি। ভগবদ্রূপত্বাদেবেত্যর্থঃ। তদ্ভূতানাং বেদাত্মকানাম্। তমিতি। উ সম্বোধনে হে বিষ্ণো যথাবিদো যথার্থজ্ঞা বয়ং পূর্ব্বমনাদিম্ ঋতস্য সত্যস্য পরব্যোম্নো গর্ভং গর্ভবৎ তস্মিন্ নিহিতং ত্বাং স্তোতারঃ স্তুবন্তঃ জনুষা জন্মচরিতেন পিপর্ত্তন্ ত্বাং পূরয়ন্তঃ অস্য তে নাম আ ঈষজ্জানন্তো বিবক্তন্ কেবলং তদ্ব্রুবাণাঃ সুমতিং ত্বদ্বিষয়াং বিদ্যাং ভজামহে। কীদৃশং নাম চিদ্বিজ্ঞানস্বরূপমতো মহঃ স্বপ্রকাশম্। তন্নামকিঞ্চিন্নির্দিশতি ওমিতি। এবমুক্তং শ্রীগীতাসু। "ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ"ইতি (গীঃ ১৭।২৩)। "ওমিত্যেতদ্ব্রহ্মণো নেদিষ্ঠং নাম"ইতি "তত্ত্বমসি"ইতি "সদেব সৌম্য"ইতি চ শ্রুতেরোঙ্কারাদীনি পরাত্মনো নামানি সন্তবন্তি। কৃষ্ণাদিনাম্নামুপলক্ষণমেতৎ। মোচকতামুদাহরতি সকৃদিতি ভারতেঽনুস্মৃতো দৃষ্টঃ॥ কার্ৎস্ন্যেনাগোচরতামুদাহরতি নামকর্ম্মেতি শ্রীবৈষ্ণবে। অত্র স্বরূপস্যৈব নামকর্ম্মণোশ্চ কার্ৎস্ন্যেন প্রমাণাবিষয়তোক্তা ॥২৭॥

আপতিত হইতে পারে। কিন্তু সূত্রকার বেদকে সত্যই বলিয়াছেন। প্রতি সৃষ্টিতে পূর্ব্ব আকৃতির অন্যথা না করিয়াই সৃষ্টি হইয়া থাকে। ঐ নিত্য আকৃতির প্রতিপাদক বলিয়াই বেদকেও নিত্য বলা হয়। বেদের আবির্ভাবই উহার উৎপত্তি এবং তিরোভাবই উহার নাশ। বেদের ভগবৎ-স্বরূপতা ও নিত্যতাকে স্তুতি মাত্রও বলা যায় না। দেবাকার শ্রীহরির হংস-মৎস্যাদি বিজাতীয় আকারের আবির্ভাবের ন্যায় বর্ণরাশ্যাত্মক বেদাকারেরও আবির্ভাব হইতে পারে। "বেদাদিরূপ ব্রহ্মকে নমস্কার" ইত্যাদি শ্রুতির সাহায্যে শ্রীভগবানের সহিত বেদের অভেদ বশতঃ বর্ণরাশ্যাত্মক বেদের নিত্যত্ব ও চিদ্রূপত্ব প্রমাণের সম্ভব হইতেছে ॥২৬॥

এবং সতি যদনামত্বং ক্বচিদুচ্যতে তত্তু "অপ্রসিদ্ধেস্তদ্গুণানামনামাসৌ প্রকীর্ত্তিতঃ। অনামা ত্বপ্রসিদ্ধত্বাদরূপো ভূতবর্জ্জনাৎ"ইত্যাদি স্মৃত্যা সমাধেয়ম্। অপ্রসিদ্ধিশ্চ প্রাকৃতবৈলক্ষণ্যেনাগ্রহাৎ কার্ৎস্ন্যেনাবিদিততয়া বা ॥২৮॥

নন্নু "অনামরূপ এবায়ং ভগবান্ হরিরীশ্বরঃ। অকর্ত্তেতি চ যো বেদৈঃ স্মৃতিভিশ্চাভিধীয়তে" ইত্যাদীনি পাদ্মাদিবাক্যানি কথং সঙ্গতমন্তীতি চেত্তত্রাহ এবং সতীতি। স্বরূপানুবন্ধিনামরূপত্বে নির্ণীতে সতীত্যর্থঃ। অপ্রসিদ্ধেরিতি বাসুদেবাধ্যাত্মে। এতদর্দ্ধকানন্তরম্ অপ্রাকৃতত্বাদ্রূপস্যাপ্যরূপোঽসাবুদীর্য্যতে। সম্বন্ধেন প্রধানস্য হরের্নাস্ত্যেব কর্ত্তৃতা। অকর্ত্তারমতঃ প্রাহুঃ পুরাণং তং পুরাবিদঃ" ইতি সার্দ্ধকং বোধ্যম্। অনামা ইতি ব্রাহ্মে। প্রাকৃতেতি দেবমানবাদিসামান্যেনাগ্রহণাদিত্যর্থঃ। "ন নামরূপে গুণকর্ম্মজন্মভির্নিরূপিতব্যে তব তস্য সাক্ষিণঃ। মনোবচোভ্যামনুমেয়বর্ত্মনা দেব ক্রিয়ায়াং প্রতিযন্ত্যথাপিহি" ইতি (ভাঃ ১০।২।৩৬) শ্রীদশমবাক্যে তু 'হে দেব সাক্ষিণস্তব গুণাদিভির্যে নামরূপে তে হ্যপ্রসিদ্ধের্নিরূপিতব্যে বিদুষামপি যাথাত্ম্যেনানুভবিতুং শক্যে, ন ভবতস্তথাপি ক্রিয়ায়াং শুদ্ধভক্তৌ সত্যাং ভক্তাস্তে প্রতিযন্তি যাথাত্ম্যেনানুভবন্ত্যেব। এষামনুভবস্ত্বনুমানেন জ্ঞায়ত' ইত্যাহ মন ইতি। 'নিবৃত্তিমতা মনসা কীর্ত্তনবতা বচসা চ, লিঙ্গেনানুমেয়ং বর্ত্ম প্রেমপদ্ধতির্যস্য তব'ইতি ব্যাখ্যেয়ম্। সর্ব্বথা নামরূপাভাবে তু তন্নিরূপকানি বচাংসি ব্যাকুপ্যেয়ুঃ। "ন বিদ্যতে যস্য চ জন্ম-

---

অতএব বেদাত্মক নামসকলের ভগবৎস্বরূপের ন্যায় চিদ্রূপতা দেখা যাইতেছে। চিদ্রূপতা যথা, ঋক্ শ্রুতিতে "হে বিষ্ণো! যথার্থজ্ঞানসম্পন্ন আমরা অনাদি সত্যভূত পরব্যোমের গর্ভসদৃশ তন্মধ্যে নিহিত তোমাকে জন্মচরিত্র দ্বারা শ্রবণ ও স্তব করিতে করিতে এই তোমার নামের মহিমা জ্ঞাত হইয়া কেবল নাম উচ্চারণপূর্ব্বক ভগবদ্বিষয়িণী বিদ্যাকে ভজন করিব। এই নাম বিজ্ঞানস্বরূপ, অতএব স্বপ্রকাশ" মোচকতা যথা, ভারতে— "যিনি একবার মাত্র 'হরি' অক্ষরদ্বয় উচ্চারণ করেন, তিনি মোক্ষের জন্য বদ্ধপরিকর হন।" সাকল্যে অগোচরতা যথা স্মৃতিতে— "যাঁহার নাম কর্ম্ম ও স্বরূপসকল নিখিল প্রমাণদ্বারা পরিচ্ছেদের গোচর হয় না, সেই বিষ্ণু তোমার গর্ত্তগত" ॥২৭॥

তথা "ন যত্র নাথ বিদ্যন্তে নামজাত্যাদিকল্পনাঃ। তদ্ ব্রহ্ম পরমং নিত্যমবিকারি ভবানজ॥ ন কল্পনামৃতেঽর্থস্য সর্ব্বস্যাধিগমো-যতঃ। অতঃ কৃষ্ণাচ্যুতানন্তবিষ্ণুনামভিরীড্যসে" ইত্যুত্তরোক্তৌ স্ফুটার্থোঽপি নিরস্তঃ॥২৯॥

অত্র কল্পনাশব্দো ব্যর্থঃ, নামজাত্যাদয়ো নেত্যনেনৈবেষ্ট-সিদ্ধেঃ স্বয়মেব তত্রৈব তদ্ ব্রহ্ম পরমং নিত্যমিতি পরত্র চ রূপং

কর্ম্ম বা ন নামরূপে গুণদোষ এব বা। তথাপি লোকাপ্যয়সম্ভবায় যঃ স্বমায়য়া তাননুকালমৃচ্ছতি"(ভাঃ ৮।৩।৮) ইত্যষ্টমবাক্যে তু 'যস্য প্রাকৃতানি জন্মাদীনি ন সন্তি তথাপি যো লোকাপ্যয়সম্ভবায় জগৎসংহারসর্গার্থমনুকালং তত্তদবসরে স্বমায়য়া কপর্দ্দিপদ্মভূরূপধরঃ সংস্তানৃচ্ছতি প্রাপ্নোতীতি ব্যাখ্যানাৎ ন কোঽপি সন্দেহগন্ধঃ। অত্র লোকস্থিতয়ে বিষ্ণুরূপধরঃ সন্ জন্মাদীনৃচ্ছতীতি নোক্তং তজ্জন্মাদীনামমায়িকত্বাদিতি জ্ঞেয়ম্॥২৮॥

তথেতি। অপ্রসিদ্ধেস্তদ্‌গুণানামিত্যাদিস্মৃতিদৃষ্ট্যা যথা অনামরূপ এবায়-মিত্যাদিবাক্যানাং প্রাতীতিকোঽর্থো নিরস্তস্তথানুপপত্তিদর্শনেন ন যত্র নাথেত্যাদি বৈষ্ণববাক্যয়োঃ প্রাতীতিকোঽর্থো নিরসনীয় ইত্যর্থঃ॥২৯॥

যদি বল, বেদ ও স্মৃতিতে বলিতেছেন, "এই ঈশ্বর হরি নাম-রহিত, রূপ রহিত ও অকর্ত্তা," অতএব এই সকল বাক্যের সহিত পূর্ব্বাপর সঙ্গতি হয় কিরূপে? তাহার সমাধান এই— ভগবদ্‌গুণাদির অপ্রসিদ্ধিহেতুই তাঁহাকে অনামা এবং তাঁহার দেহ ভৌতিক নয় বলিয়াই তাঁহাকে অরূপ বলা হয়। প্রাকৃত হইতে বৈলক্ষণ্য-হেতু গ্রহণ করা যায় না বলিয়াই বা সামগ্রিক ভাবে জ্ঞানের গোচরী-ভূত হয় না বলিয়াই তাঁহার গুণাদির অপ্রসিদ্ধি জানিতে হইবে॥২৮॥

আরও "হে নাথ! যাঁহাতে নাম ও জাতি প্রভৃতির কল্পনা নাই, তুমি সেই নিত্য নির্ব্বিকার জন্মরহিত পরব্রহ্ম। নামাদি কল্পনা ব্যতীত কোন বিষয়েরই প্রতীতি হয় না বলিয়া তোমাকে হে কৃষ্ণ, হে অচ্যুত, হে অনন্ত ইত্যাদি বিষ্ণুনামে অর্থাৎ ব্যাপকনামে স্তব করা হয়॥" এইস্থানে পূর্ব্বশ্লোকে নামজাত্যাদি কল্পনা নিরস্ত করিয়া আবার পরশ্লোকে নামের কল্পনা করাতে কল্পনা শব্দের সাধারণ অর্থেরও নিরাস হইতেছে॥২৯॥

পরং সদিতি বাচকমক্ষরং যদিতি ব্রহ্মাজসচ্ছব্দানাং পারমার্থিক-নামতয়া স্বীকারাচ্চ। "অজামেকাম্"ইত্যাদিষজত্বলক্ষণা জাতিশ্চ প্রতীতা। তথা নামাদি কল্পনাং নিষিধ্য পুনঃ কৃষ্ণাদিনামকল্পনোক্তির্বিরুদ্ধা। ন চ কল্পনয়া তস্যেড্যভাবঃ। নাপি কৃষ্ণাদিনাম-নিয়মস্তস্যাম্ অনিয়মাত্মকত্বাৎ॥৩০॥

তস্মাদয়মেব তদর্থঃ। যত্র নাম্নাং কৃষ্ণাদিশব্দানাং জাতীনাং দেবত্ব-মনুষত্বাদীনামাদিপদাৎ কর্ম্মণাঞ্চ কল্পনা ন, কিন্তু (ভাঃ ১০।৩৭।২২) "বিশুদ্ধবিজ্ঞানঘনং স্বসংস্থয়া সমাপ্তসর্ব্বার্থমমোঘবাঞ্ছিতম্। স্বতেজসা নিত্যনিরস্তমায়াগুণপ্রবাহং ভগবন্তমীমহি"ইত্যুক্তদিশা স্বরূপশক্তিবিলাসাত্মকান্যেব তানি সন্তি। তদ্ব্রহ্ম নিত্যমিত্যন্বয়ঃ। প্রপঞ্চবৈলক্ষণ্যাত্তথেত্যাহ,— নেতি। সর্ব্বস্যার্থস্য মনুষ্যপশ্বাদি-

---

মুখ্যার্থানুপপত্তিং তাবদাহ অত্রেত্যাদিনা। ইষ্টসিদ্ধিরনামত্বম্। অজামিতি প্রকৃতিজীবেশ্বরা অজাস্তেষ্বজত্বং জাতির্নিত্যত্বে সত্যনেকসমবেতত্বাৎ। ন চেতি। তস্য সর্ব্বেশ্বরস্য কৃষ্ণস্য। ঈড্যভাবঃ স্তুত্যতা। তস্যাং কল্পনায়াম্। অনিয়মাত্মকত্বাদিতি। কল্পনায়াং নিয়মো নাস্তি মনুষ্যপশ্বাদিষু দেবদত্তাদিডিত্থাদিনাম্নাং যথেচ্ছং কল্পনীয়ত্বদর্শনাৎ। ন চেয়ং প্রকৃতে শক্যতে বক্তুং তত্র নামসহস্রস্য নিয়মেনোক্তেঃ॥৩০॥

পূর্ব্ব শ্লোকের অর্থ রক্ষা করিতে হইলে, পরশ্লোকে কল্পনা পদের প্রয়োগ ব্যর্থ বলিয়া স্বীকার করিতে হয়। কারণ পূর্ব্বশ্লোকে নাম-জাত্যাদি নিষেধ করাতেই ইষ্টসিদ্ধি হইয়াছে। স্বয়ংই প্রথমে "সেই ব্রহ্ম পরম ও নিত্য" এবং পরে "পর ও সৎরূপ" "যে অক্ষর-বাচক" "ব্রহ্ম অজ" প্রভৃতি শব্দ সকলকেই তাঁহার পারমার্থিক নাম বলিয়া স্বীকার করিয়াছেন। "অজা একা" ইত্যাদি স্থলে অজত্বলক্ষণা জাতিও প্রতীত হইয়াছে। অতএব নামাদি কল্পনা নিষেধ করিয়া আবার নামাদি কল্পনা করা বিরুদ্ধ হইতেছে। বিশেষতঃ কল্পনাদ্বারা কিছু ভগবান্ স্তবনীয় হইতে পারেন না। সেই কল্পনাতে কৃষ্ণাদি নামও নিয়মিত হইতে পারে না। যেহেতু কল্পনাতে কোন নিয়মই থাকে না। মনুষ্যাদিতে নাম ইচ্ছামত কল্পিত হইতে দেখা যায়॥৩০॥

দৃষ্টবস্তুনঃ কল্পনাং নামাদিঘটনাং বিনা নাধিগমো ব্যবহারিক-বোধো ন স্যাৎ— কল্পিতৈরেব নামাদিভিস্তস্যাসৌ ভবেদিত্যর্থঃ। অতস্তদ্বিলক্ষণস্ত্বং তদ্বিলক্ষণৈরেব বিষ্ণুনামভিবিষ্ণ্বাত্মকৈর্নামভি-র্ব্যাপকনামাভিন্নৈরিতি যাবং ঈড্যসে স্তূয়সে— ব্যক্তমাহাত্মী-ক্রিয়সে ইত্যর্থঃ— তাদৃশৈরেব তৈস্তব মহিমা ব্যক্তীভবতীত্যর্থঃ। নাম্নাং তাদৃক্ত্বং তু "নামচিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ॥ পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ" ইতিস্মৃতেঃ। কৃষ্ণা-দিত্রিকং সম্বুদ্ধ্যন্তম্ ॥৩১॥

তস্মাৎ পূর্ণঃ শুদ্ধো হরিরেব বেদবাচ্যঃ। স চ বেদঃ কৃষ্ণাদি-শব্দৈরাশ্রয়ভূতং শুদ্ধং বিভুচৈতন্যং প্রতিপাদয়তি। জীবপ্রকৃতি-কালাদিশব্দৈস্তু চিজ্জড়াত্মকমাশ্রিতমিতিসিদ্ধং সর্ব্ববেদবেদ্যত্বমিথ-

---

পূর্ব্বপক্ষব্যাখ্যাং দূষয়িত্বা সিদ্ধান্তব্যাখ্যামাহ তস্মাদিতি। পূর্ব্বপক্ষি-ব্যাখ্যায়া নিরস্তত্বাদিত্যর্থঃ। কল্পনা আরোপঃ। বিশুদ্ধবিজ্ঞানেতি শ্রীদশমে-নারদবাক্যম্। স্বসংস্থয়া স্বানুবন্ধিন্যা পরাখ্যয়া শক্ত্যা সম্যগাপ্তাঃ সর্ব্বে নাম-গুণবিভূতিরূপাঃ অর্থা যেন তম্ নামাদীনাং মায়িকত্বং নিরাকুর্ব্বন্ বিশিনষ্টি স্বতেজসেতি। পরাত্মকেন প্রভাবেনেত্যর্থঃ। তস্যেতি। মনুষ্যপশ্বাদের্দৃষ্ট-বস্তুনঃ। অসাবধিগমঃ। তদ্বিলক্ষণঃ প্রপঞ্চবিজাতীয়ঃ। তাদৃকত্বং বিষ্ণ্বা-ত্মকত্বম্। নামেতি পাদ্মে। কৃষ্ণাদীতি। হে কৃষ্ণ, হে অচ্যুত, হে অনন্তেতি সম্বোধনবিভক্ত্যন্তমিত্যর্থঃ ॥৩১॥

অতএব ঐস্থলের অর্থ এইরূপ—পরমেশ্বরে কৃষ্ণাদি শব্দ, রূপ, নাম, দেবত্ব মনুষ্যত্বাদি জাতি এবং কর্ম্মসকল কল্পনা নহে, কিন্তু ঐগুলি তাঁহার স্বরূপশক্তির বিলাস। শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে উক্ত হইয়াছে— "বিশুদ্ধেত্যাদি।" এ সংসারে নামাদির ঘটনা ভিন্ন কোন ব্যবহারিক বস্তুরই বোধ হয় না বলিয়া যেমন তাঁহাদিগের নামাদিকল্পনা করা হয়, তোমার নামাদি তদ্রূপ নহে। তুমি প্রপঞ্চবিলক্ষণ এবং ব্যাপক। ঐসকল ব্যাপক নামদ্বারাই তোমার মাহাত্ম্য কীর্ত্তন করা হয়, কল্পিত নামদ্বারা নহে। তোমার নামের তাদৃশত্ব শাস্ত্রেই উল্লিখিত আছে। তোমার নাম ও তুমি অভিন্ন। তুমি চৈতন্য-রসবিগ্রহ, তোমার কৃষ্ণাদি নামও তদ্রূপ। উঁহারা তোমারই ন্যায় পূর্ণ, শুদ্ধ ও নিত্যমুক্ত ॥৩১॥

ঞ্চানামাদিশব্দাঃ সর্ব্বত্র ব্যাখ্যাতাঃ। যস্তু তেষাং স্ফুটার্থং, জল্পতি, স এবং প্রষ্টব্যঃ, তৈর্ব্রহ্মণো বোধঃ স্যান্নবেতি? আদ্যে তেঽপি তন্নাখ্যাঃ; অন্ত্যে তদারম্ভবৈয়র্থ্যাপত্তিঃ। সর্ব্বশব্দা-বাচ্যে লক্ষণা তু ন সম্ভবতি ॥৩২॥

"যতো বাচো নিবর্ত্তন্তে", "যদ্বাচানভ্যুদিতম্"ইত্যাদিষু তু সাকল্যেন বাচ্যত্বং তস্য নিষিধ্যতে, ন তু সর্ব্বথৈবাবাচ্যত্বমুচ্যতে, "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি"ইত্যাদি-শ্রুতি-স্মৃতি-নির্ব্বিষয়াপত্তে-র্যৎপদামনন-নির্দ্দেশানুপপত্তেশ্চ। অতস্তত্র "তত্রৈবানন্দং ব্রহ্মণো বিদ্বান্"ইতি, "তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি"ইতি চ পুনস্তস্য গোচরত্বমুক্তম্ ॥ ৩৩ ॥

প্রকরণার্থং সঙ্গময়তি তস্মাদিতি বিকসিতার্থম্। ইত্থমিতি। অপ্রসিদ্ধ-গুণতয়া নামশব্দঃ অভৌতিকমূর্ত্তিতয়া রূপশব্দশ্চ ব্যাকৃত ইত্যর্থঃ। তেষা-মিত্যনামাদিশব্দানাম্। স্ফুটার্থং নামরূপশূন্যতারূপম্। তৈরিত্যনামাদি-শব্দৈঃ। আদ্যে বোধঃ স্যাদিতি পক্ষেঽন্ত্যো বোধো ন স্যাদিতিপক্ষে। যত্তনামাদি-শব্দেষ্বপি লক্ষণা ক্রিয়তে তর্হি সাপি তন্মতে ন সম্ভবেদিত্যাহ সর্ব্বেতি পূর্ব্বমভানীত্যেতৎ ॥৩২॥

অনামাদিত্বে যাং দুর্ধিয়ঃ শ্রুতিমুদাহরন্তি ন তয়া তত্ত্বং লব্ধুং শক্যমিত্যাহুঃ যত ইত্যাদিনা। যত ইত্যপাদানে। 'গঙ্গাতোনিবৃত্তো বিপ্রঃ' ইত্যত্র গঙ্গাদর্শনং কিঞ্চিদায়াত্যোবেতিভাবঃ। তত্র তত্রৈব তত্তদ্বাক্যান্ত এবেত্যর্থঃ। তস্য ব্রহ্মণো গোচরত্বং বাগবিষয়ত্বমুক্তম ॥৩৩॥

অতএব পূর্ণ শুদ্ধ হরিই বেদবাচ্য এবং সেই বেদ কৃষ্ণাদিশব্দ-দ্বারা আশ্রয়ভূত শুদ্ধ বিভুচৈতন্যকেই প্রতিপাদন করেন। জীব প্রকৃতি বা কালাদিশব্দদ্বারা চিজ্জড়াত্মক আশ্রিত তত্ত্বই বোধিত হইয়া থাকে। এইরূপে ব্রহ্মের সর্ব্ববেদবেদ্যত্ব এবং অনামাদিশব্দ ব্যাখ্যাত হইল। যাঁহারা অনামাদিশব্দের সাধারণ অর্থ কল্পনা করেন, তাঁহাদিগকে জিজ্ঞাসা করি, অনামাদি শব্দদ্বারা ব্রহ্মের বোধ হয় কিনা? যদি বল, হয়, তবে অনামাদি তাঁহার নাম। আর যদি বল হয় না, তবে বেদে অনামাদিশব্দের প্রয়োগ ব্যর্থ। সকল শব্দের অবাচ্য ব্রহ্মে লক্ষণাও সম্ভবপর হয় না ॥৩২॥

এবমেব কেনোপনিষদি জ্ঞাতত্বাজ্ঞাতত্বে দৃশ্যেতে— "যদি মন্যসে সুবেদেতি দহরমেবাপি নূনং। ত্বং বেৎস্থস্য ব্রহ্মণো রূপং যদস্য ত্বং যদস্য দেবেম্বথ মীমাংস্যমেব তে মন্যে বিদিতং। নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ। যস্যামতং মতং তস্য মতং যস্য ন বেদ সঃ। অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাম্" ইতি। ইহ হি কাৎর্স্ন্যেন জ্ঞাতত্বঞ্চ নাস্তি কিঞ্চিজ্‌জ্ঞাতত্বমস্ত্যেবেতি নির্ণীয়তে। এবং হি স্মরন্তি— "কাৎর্স্ন্যেন নাজ্ঞোহপ্যভিধাতুমীশ" ইতি, "অপ্রসিদ্ধেরবাচ্যং তদ্বাচ্যং সর্ব্বাগমোক্তিতঃ। অতর্ক্যং তর্ক্যমজ্ঞেয়ং জ্ঞেয়মেবং পরং স্মৃতম্" ইতি। অপ্রসিদ্ধিঃ কাৎর্স্ন্যেনাবাচ্যতাদিঃ ॥ ৩৪ ॥

স্বশক্ত্যনুসারেণ ব্রহ্মণঃ প্রতিপাদনং ন তু সামস্ত্যেন ইত্যুক্তাং ব্যবস্থাং দ্রঢ়য়তি এবমিতি। অস্মদুক্তপ্রকারেণেত্যর্থঃ। শিষ্যে জ্ঞানাভিমানমালক্ষ্য গুরুরাহ যদিতি। হে শিষ্য অহং ব্রহ্ম সুবেদ সুষ্ঠু বেদ্মীতি, যদি মন্যসে তর্হি তব তজ্‌জ্ঞানং নূনং দহরমল্পমেব। তদেবাক্ষিপন্ পুনরাহ, হে শিষ্য অস্য ব্রহ্মণঃ যদ্রূপং তৎ ত্বং বেৎসি জানাসি যদস্য দেবেষু নিয়ন্তৃতয়া স্থিতং রূপং তৎ ত্বং ন বেৎসীতি ন বেদ্মীতিচেত্তত্রাহ তদ্রূপং মীমাংস্যমেব সতীর্থৈঃ সহ-বিচার্য্যমেবেত্যর্থঃ। গুরোরাশয়মালক্ষ্য শিষ্য আহ মন্যে ইতি। হে গুরো, তদ্‌ব্রহ্মাহমধুনা বিদিতং জ্ঞাতং মন্যে॥ কথমিত্যত্রাহ। তদ্‌ব্রহ্মাহং সুবেদ সম্যগ্‌বেদ্মীতি, ন সম্যগ্‌ বেদ ন বেদ্মীতি চ নো মন্যে কিন্তু কথঞ্চিৎ তদ্বেদ চ বেদৈবেত্যর্থঃ। এবং স্বজ্ঞানে দর্শিতাং বিধামন্যেষামাহ য ইতি। নোহস্মাকং সতীর্থানাং মধ্যে যস্তদ্‌ব্রহ্ম বেদ স এবং বেদেতি বিধাং দর্শয়তি নো নেতি ন বেদেতি চ নো নাস্তি কিন্তু কথঞ্চিদ্বেদেত্যর্থঃ। এতদেব পুন-

---

আমাদিগের মতে "যাঁহা হইতে বাক্যসকল নিবৃত্ত হয়, "যাঁহাকে বাক্যদ্বারা প্রকাশ করা যায় না." ইত্যাদিস্থলে তাঁহার সাকল্যে বাচ্যত্বই নিষিদ্ধ হয়, কিন্তু "সর্ব্বথা অবাচ্যত্ব" উক্ত হয় না, অন্যথা "সকল বেদই যাঁহার পদ ব্যক্ত করে" ইত্যাদি শ্রুতি ও স্মৃতির নির্ব্বিষয়-তাপত্তি ঘটে, এবং ঐসকলস্থলে "যাঁহার পদ ব্যক্ত করে" এরূপ নির্দ্দেশই অনুপপন্ন হয়। এই কারণেই সেই সেই স্থলে "ব্রহ্মানন্দ জানিয়া" "সেই ব্রহ্মাকে তুমি জান" ঐসকল বাক্যদ্বারা ব্রহ্মের জ্ঞান-বিষয়ত্ব নির্দ্দেশ করিয়াছেন ॥৩৩॥

ননু কার্ৎস্ন্যেনাবাচ্যত্বাদিকং কুত ইতি চেদানন্ত্যাদিতি গৃহাণ ; যদুক্তম্ "জন্মকর্ম্মাভিধানানি সন্তি মেঽঙ্গ সহস্রশঃ। ন শক্যন্তেঽনুসংখ্যাতুমনন্তত্বান্ময়াপিহি" ইতি, (ভাঃ ১০।৮৭।৪১) দ্যুপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া ত্বমপি যদন্তরাণ্ডনিচয়া ননু সাবরণাঃ। খ ইব রজাংসি বান্তি বয়সা সহ যৎ শ্রুতয়স্ত্বয়ি হি ফলন্ত্যতন্নিরসনেন ভবন্নিধনাঃ" ইতি চ। যস্য কার্ৎস্ন্যেনাধিপগমো ন স্যাৎ তদ-

---

র্দ্রঢ়য়তি যস্যেতি। বিজানতাং বিজ্ঞানাভিমানশূন্যানাম্। উক্তমর্থং স্মৃত্যা স্ফুটয়তি এবং হীতি। কার্ৎস্ন্যেনেতি। অজো ব্রহ্মাপীতি। অপ্রসিদ্ধেরিতি গারুড়ে। সর্ব্বত্র তৎপদং যোজ্যম্। তৎ ব্রহ্মতত্ত্বম্ ॥৩৪॥

কার্ৎস্ন্যেনাবাচ্যত্বে হেতুং পৃচ্ছতি নন্বিতি। জন্মেতি শ্রীদশমে মুচুকুন্দং প্রতি ভগবদ্বাক্যম্। দ্যুপতয় এবেতি তত্রৈব ভগবন্তং প্রতি শ্রুতিবাক্যম্। ননু হে ভগবন্ সর্ব্বেশ্বর দ্যুপতয়ো ব্রহ্মাদয়োঽপি তবান্তং পারং ন যযুঃ ত্বমপি তবান্তং ন যাসি। কুত ইত্যাহুরনন্ততয়েতি। স্বরূপগুণবিভূতীনামন্তাভাবেনেত্যর্থঃ। ন চৈবং তব সার্ব্বজ্ঞ্যহানির্ন খলু খপুষ্পাদ্যজ্ঞানেন পণ্ডিতস্যাজ্ঞত্বমিতিভাবঃ। অনন্ততামাহুঃ। যস্য তবান্তরা মধ্যে সাবরণা অণ্ডনিচয়া বান্তি পরিভ্রমন্তি বয়সা কালচক্রেণ। তত্র দৃষ্টান্তঃ — খে বিয়তি রজাংসীবেতি। সহ যুগপন্ন তু ক্রমাদিত্যর্থঃ। যৎ এবং তস্মাৎ ত্বয়ি শ্রুতয়ঃ ফলন্তি

এই নিমিত্তই কেনোপনিষদে ব্রহ্মের জ্ঞাতত্ব এবং অজ্ঞাতত্ব উভয়ই বলিতেছেন। যথা— "যদি মনে কর, ব্রহ্মকে উত্তমরূপ জানিয়াছ, তবে তুমি ব্রহ্মের স্বরূপ নিশ্চয়ই অল্প জানিয়াছ।" এই স্থলে ব্রহ্মের সাকল্যে জ্ঞাতত্ব না থাকিলেও কিঞ্চিজ্‌জ্ঞাতত্ব আছে, ইহা স্পষ্টরূপেই বলিলেন। স্মৃতিতেও এইরূপই বলিয়া থাকেন— "ব্রহ্মাও যাঁহাকে সাকল্যে বলিতে পারেন না।" অনন্ত গুণাদি হেতু ব্রহ্ম সাকল্যে বাচ্য নহেন, কিন্তু কিঞ্চিৎ বাচ্য বটে। তিনি সাকল্যে তর্কের অগোচর হইয়াও কিঞ্চিৎ তর্কের গোচর এবং সাকল্যে জ্ঞানের অবিষয় হইয়াও কিঞ্চিৎ জ্ঞানের বিষয় হন এইরূপে অপ্রসিদ্ধি ও সাকল্যে অবাচ্যত্বাদি ব্যাখ্যাত হইল ॥৩৪॥

যদি বল, ব্রহ্ম সাকল্যে বাচ্য হন না কেন? আনন্ত্যই উহার কারণ। ভগবান্ স্বয়ংই বলিয়াছেন, "আমার জন্ম, কর্ম্ম ও নাম

জ্ঞাতমিতি ব্যবহ্রিয়সে। "ন তদীদৃগিতি জ্ঞেয়ং ন বাচ্যং ন চ তর্ক্যতে। পশ্যন্তোঽপি ন পশ্যন্তি মেরোরূপং বিপশ্চিতঃ" ইতি। তস্মাদ্বেদবাচ্যমেব পরং ব্রহ্ম। তদেব জীবজড়াত্মকাৎ প্রপঞ্চাদ্ভিন্নং জ্ঞাতং ধ্যাতঞ্চ সদবিদ্যাং নিবারয়তি দদাতি চ পরমানন্দং স্বপদমিতি সর্ব্বেষাং তত্ত্ববিদাং সিদ্ধান্তঃ॥ ৩৫॥

স্বশক্ত্যনুসারেণ ত্বাং বিষয়ং বিধায় সফলা ভবন্তীত্যর্থঃ। ন তু কার্ৎস্ন্যেন ত্বাং নিরূপয়িতুং প্রভবন্তীত্যাহ অতদিতি। সমাসেন ত্বাং ধর্ম্মিণং নিরূপ্য ব্যাসেন নিরূপয়িতুং প্রবৃত্ত অতন্নিরসনেন ভবন্নিধনা যদ্ভবন্তীতি। মণিক্ষেত্রাৎ পাষাণাদীনামপসারণেন যথা মণিলাভস্তথা প্রকৃত্যাদীনামতদ্বস্তূনাং নিরসনেন ব্রহ্মলাভ ইত্যনন্তানি তান্যব্রহ্মত্বেন নিরস্যন্তীনাং নঃ সমাগতেন প্রলয়েন ভবতি ত্বয়ি নিধনং বিলয়ো ভবতীতি কথং সঃ পরো লাভ ইত্যর্থঃ। ন তদিতি তদ্ব্রহ্ম। ঈদৃগিতি। পরিমিতস্বরূপগুণবিভূতীতি ন জ্ঞেয়ং, কিন্তু অপরিমিতস্বরূপাদিকং তদিত্যর্থঃ। তথাচাজ্ঞাতং ব্রহ্মোচ্যতে দৃষ্টমেরুরপি পুমান্ কার্ৎস্ন্যেনাদর্শনাদদৃষ্টমেরুর্যথা। এবমুক্তং শ্রীভাগবতে। "নভঃ পতন্ত্যাত্মসমং পতত্রিণস্তথা সমং বিষ্ণুগতিং বিপশ্চিতঃ" ইতি। সর্ব্বেষাং পরাশরাদীনাম্॥ ৩৫॥

